ইমাম দারাকুতনী তাঁর 'আল-আফরাদে' (২/৫০); জাবির (রা.)-এর সানাদে মারফূআন উল্লেখ করেছেন। খাতীবে বাগদাদী তাঁর তারীখে বাগদাদের (৪/৪৩৪) নং পৃষ্ঠায়; আহমাদ আল-হুতির তরীকে একটি শাওয়াহেদ উল্লেখ করেছেন। তাছাড়া হাকিম তাঁর মুসতাদরাকের (১/১৯৮) পৃষ্ঠায় ভিন্ন শব্দে আব্দুল ওহাব এর তরীকে উল্লেখ করেছেন এবং সহীহ আলা শর্তে শাইখাইন বলেছেন।

٥٤٠ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: رَأَى رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا يُصَلِّيْ، وَالْمُؤَذِّنُ يُقِيْمُ. فَقَالَ لَهُ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَصَلَاتَانِ مَعًا. (الصحيحة:٢٥٨٨)

৫৪০. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম একজন ব্যক্তিকে সলাত আদায় করতে দেখলেন মুয়াজ্জিন তখন ইকামাত দিচ্ছিলেন। এরপর তিনি তাকে (কাছে ডেকে এনে) বললেন, একসঙ্গে দু' সলাত আদায় করছো? (এমনটি করবে না)

(সহীহাহ্ হা. ২৫৮৮)

হাদীসটি সহীহ।

আবূ ইয়া'লা তাঁর মুসনাদে (১/২৮৩); আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণনা করেছেন। মুসলিম (২/১৫৪); আবূ আওয়ানাহ্ (২/৩৭-৩৮); ইবনু মাজাহ হা: ১১৫৩; বাইহাকী তাঁর সুনানে (২/৪৮১); বুখারী মুসলিমের ন্যায় হা: ৬৬৩-তে হাদীসটি বর্ণনা করেছেন। তাছাড়া ইবনু খুযাইমাহ তাঁর সহীহতে ১১২৪-১১২৬ এবং ইবনু হিব্বান তাঁর সহীহতে হা: ৪৪১ এবং বাজ্জার তাঁর মুসনাদের (১/২৪৫/৫০৩, ৫১৭, ৫১৮)-তে হাদীসটির শাওয়াহেদ উল্লেখ করেছেন। শাইখ আলবানী এর সানাদকে জায়্যিদ বলেছেন।

٥٤١ـ عَنْ مَكْحُوْلٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: اُطْلُبُوْا إِجَابَةَ الدُّعَاءِ عِنْدَ الْتِقَاءِ الْجُيُوْشِ، وَإِقَامَةِ الصَّلَاةِ وَنُزُوْلِ الْمَطَرِ.

(الصحيحة:١٤٦٩)

৫৪১. মাকহুল (র.) নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন যে, রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, তোমরা (শত্রু দলের) সৈন্যের সাক্ষাৎ, সলাতের ইকামাত এবং বৃষ্টি বর্ষণের সময় দু'আ কবূল হওয়ার আশা কর। **(সহীহাহ্ হা. ১৪৬৯)**

হাদীসটি হাসান।

ইমাম শাফেয়ী তাঁর 'উম' এর (১/২২৩-২২৪)।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ দুর্বল তবে এর অনেক শাওয়াহেদ রয়েছে। যেমন: সাহ্ল বিন সা'দ, ইবনু উমার এবং আবূ উমামার হাদীস যা "আত-তালিক আর-রগীর" গ্রন্থের (১/১১৬)-এ উল্লেখ করা হয়েছে। যদিও তার মুফরাদাত হাদীসগুলো দুর্বল তথাপি এর সঙ্গে এই মুরসাল হাদীসটির সংযোজনের ফলে হাসান সানাদে উত্তীর্ণ।

٥٤٢ـ عَنْ أَبِى أُمَامَةَ قَالَ: أَتَيْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: مُرْنِى بِأَمْرٍ انْقَطِعُ بِهِ، قَالَ اِعْلَمْ أَنَّكَ لَا تَسْجُدُ لِلّٰهِ سَجْدَةً إِلَّا رَفَعَكَ اللهُ بِهَا دَرَجَةً وَحَطَّ بِهَا عَنْكَ خَطِيْئَةً. (الصحيحة:١٤٨٨)

৫৪২. আবূ উমামা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি (একদিন) রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট এসে বললাম, আমাকে এমন বিষয়ের নির্দেশ দিন যার উপর আমল করে আমি মৃত্যুবরণ করতে পারি। রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন, স্মরণ রেখ, তুমি যে সিজদা কর প্রতিটি সিজদার বিনিময়ে আল্লাহ তোমার মর্যাদা বুলন্দ করেন এবং তোমার একটি গুনাহ মাফ করেন। **(সহীহাহ্ হা. ১৪৮৮)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৫/২৪৮-২৪৯, ২৫৫-২৫৮)-এ এবং ইবনু নসর তাঁর 'আস্-সালাত' নামক গ্রন্থে (২/৬৫)-তে আবূ উমামা থেকে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: এ হাদীসের সানাদটি সহীহ এবং এর রিজালগণের সকলেই সিকাহ ও মুসলিমের রিজাল।

٥٤٣ـ عَنْ طَاوُسٍ الْيَمَانِيِّ قَالَ: قُلْتُ لِابْنِ عَبَّاسٍ: زَعَمُوْا أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: اِغْتَسِلُوا يَوْمَ الْجُمُعَةِ، وَاغْسِلُوا رُؤُوْسَكُم، وَإِنْ لَمْ تَكُوْنُوْا جُنُباً وَمَسُّوْا مِنَ الطِّيْبِ؟ قَالَ ابْنُ عَبَّاسٍ: أَمَّا الطِّيْبُ؛ فَلَا أَدْرِيْ، وَأَمَّا الْغُسْلُ؛ فَنَعَمْ. (الصحيحة:٣٥١٠)

৫৪৩. তাউস আল-ইয়ামানী বলেন, আমি ইবনু আব্বাসকে বললাম, লোকেরা ধারণা করে যে, রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম নাকি বলেছেন, তোমরা জুমু'আর দিন গোসল কর, তোমাদের মাথা ধৌত কর যদিও তোমরা পবিত্র না হও এবং সুগন্ধি ব্যবহার কর? ইবনু আব্বাস বললেন, সুগন্ধির কথা আমি বলতে পারি না। আর গোসল, হ্যাঁ [এ সম্পর্কে রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম] নির্দেশ দিয়েছেন।

(সহীহাহ্ হা. ৩৫১০)

হাদীসটি সহীহ।

বুখারী (২/৪); মুসনাদে আহমাদ হা: (২৩৮-৪) (৪/২১২-২১৩); ইবনু হিব্বান হা: ১৮৫৭; আবূ ইয়া'লা হা: ২৫৫৮; ইবনু খুযাইমাহ হা: ১৭৫৯; মুসলিম হা: ৮৪৬; আবূ দাউদ হা: ৩৪৭; বাইহাকী (১/২৯৭) (৩/২৪২); তাবারানী (৮/২০৯); মাজমাউয যাওয়ায়েদ (২/১৭৩); আত-তারগীব ওয়াত-তারগীব (১/৪৮৯); ফাতহুল বারী (২/৩৬৩, ৩৭০); শরহে মা'য়ানিল আসার (১/১১৫); কানযুল উম্মাল ২১২৩৪, ২১২৪২ ও ২১২৪৩, ২১২৬১, ২৩৩৫-তে হাদীসটি উল্লেখ হয়েছে।

٥٤٤ـ عَنْ أَنَسٍ قَالَ: سَأَلَ رَجُلٌ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُوْلَ اللهِ! كَمْ اِفْتَرَضَ اللهُ عَزَّ وَجَلَّ عَلَى عِبَادِهِ مِنَ الصَّلَوَاتِ؟ قَالَ: اِفْتَرَضَ اللهُ عَلَى عِبَادِهِ صَلَوَاتٍ خَمْسًا. قَالَ: يَا رَسُوْلَ اللهِ هَلْ قَبْلَهُنَّ أَوْ بَعْدَهُنَّ شَيْءٌ؟ قَالَ: اِفْتَرَضَ اللهُ عَلَى عِبَادِهِ صَلَوَاتٍ خَمْسًا.

[قَالَهَا ثَلَاثًا]. فَحَلَفَ الرَّجُلُ [بِاللهِ] لَا يُزِيْدُ عَلَيْهِ شَيْئًا وَ لَا يَنْقُصُ مِنْهُ شَيْئًا. قَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِنْ صَدَّقَ لَيَدْخُلَنَّ الْجَنَّةَ.

(الصحيحة: ٢٧٩٤)

৫৪৪. আনাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করে বলল, ইয়া রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম! আল্লাহ তাঁর বান্দাদের উপর কত ওয়াক্ত সলাত ফরজ করেছেন? রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন, আল্লাহ তাঁর বান্দাদের উপর ৫ (পাঁচ) ওয়াক্ত সলাত ফরজ করেছেন। লোকটি বলল, ইয়া রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম! এর পূর্বে বা পরে কোন সলাত আছে কি? রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন, আল্লাহ তাঁর বান্দাদের উপর পাঁচ ওয়াক্ত সলাত ফরজ করেছেন। এমনটি তিনবার বললেন। অত:পর লোকটি আল্লাহর শপথ করে বলল, আল্লাহর কসম আমি এর মধ্যে বৃদ্ধিও করব না এবং এর থেকে কমও করব না। রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'সে যদি সত্য বলে থাকে তবে সে অবশ্যই জান্নাতী'। **(সহীহাহ্ হা. ২৭৯৪)**

হাদীসটি সহীহ।

নাসাঈ তাঁর সুনানে (১/২২৮-২২৯); ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ২৫১; আহমাদ তাঁর মুসনাদে (৩/২৬৭)।

আমি (আলবানী) বলব: হাদীসটির ইসনাদ সহীহ মুসলিমের। তবে হাদীসটি তালহা ইবনু উবাইদুল্লাহর তরীকে শাহেদ পাওয়া যায় যা শাইখাইন এবং অন্যরা রিওয়ায়াত করেছেন।

٥٤٥ـ ابْنِ عُمَرَ قَالَ لِحُمْرَانَ بْنِ أَبَانٍ : مَا مَنَعَكَ أَنْ تُصَلِّيَ فِيْ جَمَاعَةٍ ؟ قَالَ : قَدْ صَلَّيْتُ يَوْمَ الْجُمُعَةِ فِيْ جَمَاعَةِ الصُّبْحِ . قَالَ : أَوَ مَا بَلَغَكَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أَفْضَلُ الصَّلَوَاتِ عِنْدَ اللهِ صَلَاةُ الصُّبْحِ يَوْمَ الْجُمُعَةِ فِيْ جَمَاعَةٍ. (الصحيحة: ١٥٦٦)

৫৪৫. ইবনু উমার (রা.) থেকে বর্ণিত। তিনি একদিন হুমরান ইবনু আবানকে বললেন, জামাতে সলাত আদায়কে কোন জিনিস তোমাকে

নিষেধ করল? (উত্তরে) হুমরান ইবনু আবান বললেন, আমি জুমু'আর দিন জামাতের সাথে ফজরের সলাত আদায় করেছি। উমার (রা.) বললেন, তোমার কাছে কি এ সংবাদ পৌছেনি যে, নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহর নিকট সকল সলাতের মাঝে সর্বোত্তম সলাত হলো, জুমু'আর জামাতের সাথে ফজরের সলাত আদায় করা।

(সহীহাহ্ হা. ১৫৬৬)

হাদীসটি হাসান।

আবূ নুআঈম তাঁর হিলয়াতে (৭/২০৭); খালিদ বিন হারিসের সূত্রে রিওয়ায়াত করেছেন। যাকে শাইখ আলবানী সিকাহ বলেছেন। তিনি (আলবানী) আরো বলেনঃ এ হাদীসের একটি শাহেদ সম্পর্কে আমি অবগত হয়েছি কিন্তু তা দুর্বল। আল-বাযযার হাঃ ৬২১; মাজমায়ে (২/১৬৮); তাবারানী কাবীর হাঃ ৩৬৬।

٥٤٦ـ عَنْ عُقْبَةَ قَالَ : قَالَ لِيْ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: اِقْرَءُوا الْمُعَوَّذَاتِ فِيْ دُبُرِ كُلِّ صَلَاةٍ. (الصحيحة:٦٤٥)

৫৪৬. উকবা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম আমাকে প্রত্যেক সলাতের পর 'মুআববাযাত' (সূরা নাস ও সূরা ফালাক) পড়তে নির্দেশ দিয়েছেন। **(সহীহাহ্ হা. ৬৪৫)**

হাদীসটি সহীহ।

নাসায়ী (১/১৯৬); ইবনু খুযাইমা তাঁর সহীহে হাঃ ৭৫৫; ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ২৩৪৭; তাবারানী (১৭/২৯৫/৮১২)-তে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলবঃ হাদীসটির সানাদ ভালো এবং এর সকল রাবী সিকাহ ও মুসলিমের রাবী। আবূ দাউদ হাঃ ১৩৬৩।

٥٤٧ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَقِيْمُوا الصَّفَّ فِي الصَّلَاةِ؛ فَإِنَّ إِقَامَةَ الصَّفِّ مِنْ حُسْنِ الصَّلَاةِ. (الصحيحة:٣٩٩٤)

৫৪৭. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তোমরা কাতার সোজা কর; (কেননা) সারি সোজা করা সলাত সৌন্দর্যের অন্তর্গত। **(সহীহাহ্ হা. ৩৯৯৪)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের হা: ৫৭২৪ (১৭/৯০); ইবনু উমার (রা) থেকে রিওয়ায়াত করেছেন। ইমাম বুখারী তাঁর সহীহর হা: ৭২২ ও ইমাম মুসলিম তাঁর সহীহর হা: ৪৩৫-তে আবূ হুরাইরা (রা) থেকে রিওয়ায়াত করেছেন। আবূ দাউদ হা: ৬৬৬; বাইহাকী তার সুনানের (৩/১০১); নাসায়ী তাঁর সুনানের (২/৯৩); ইবনু খুযাইমাহ তাঁর সহীহর হা: ১৫৪৯; হাকিম তাঁর আল-মুসতাদরাকের (১/২১৩)-তে হাদীসটি উল্লেখ করেছেন।

٥٤٨ـ عَنْ أَبِىْ شَجَرَةَ مَرْفُوْعًا: أَقِيْمُوا الصُّفُوْفَ. فَإِنَّمَا تَصُفُّوْنَ كَصُفُوْفِ الْمَلَائِكَةِ حَاذُوْا بَيْنَ الْمَنَاكِبِ وَ سَدُّوا الْخَلَلَ وَ لَا تَذَرُوْا فُرُجَاتٍ لِلشَّيْطَانِ، وَمَنْ وَصَلَ صَفًّا وَصَلَهُ اللهُ. (الصحيحة:٧٤٣)

৫৪৮. আবূ শাজারা (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত যে, তোমরা কাতার সোজা করবে এবং সারিবদ্ধভাবে দাঁড়াবে যেভাবে ফেরেশতারা সারিবদ্ধভাবে দাঁড়ায়। বাহুমূলসমূহকে সমপর্যায়ে রাখবে। ফাঁকাগুলো পূর্ণ করে নেবে এবং শয়তানের জন্য ফাঁক রাখবে না। যে ব্যক্তি সারি মিলিয়ে নেবে আল্লাহ তাঁকে তার সাথে মিলিয়ে নেবেন। (সহীহাহ্ হা. ৭৪৩)

হাদীসটি সহীহ।

আদ-দুলাবী তাঁর 'আল অসমা ওয়াল কুনা' (১/৩৯) এ আবূ জাহিয়া আন আবূ শাজারাহ থেকে মারফূআন রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ তবে মুরসাল। কিন্তু হাদীসটি আবু শাজারাহ থেকে মাওসুলানও বর্ণিত হয়েছে। তাই আমি সহীহ আবূ দাউদের হা: ৬৭২-তে হাদীসটি উল্লেখ করেছি। সহীহুত তারগীব (১/২৬৯/৪৮৮, ৪৯২, ৪৯৩, ৫০০)।

٥٤٩ـ عَنْ أَبِىْ هُرَيْرَةَ قَالَ: بَعَثَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْثًا، فَأَعْظَمُوا الْغَنِيْمَةَ، وَأَسْرَعُوا الْكَرَّةَ. فَقَالَ رَجُلٌ: يَا رَسُوْلَ اللهِ! مَا رَأَيْنَا بَعْثَ قَوْمٍ بِأَسْرَعَ كَرَّةٍ وَأَعْظَمِ غَنِيْمَةٍ مِنْ هٰذَا الْبَعْثِ. فَقَالَ: أَلَا أُخْبِرُكُمْ بِأَسْرَعَ كَرَّةٍ وَأَعْظَمِ غَنِيْمَةٍ مِّنْ هٰذَا الْبَعْثِ؟ رَجُلٌ تَوَضَّأَ فِي بَيْتِهِ فَأَحْسَنَ وُضُوْءَهُ، ثُمَّ تَحَمَّلَ إِلَى الْمَسْجِدِ فَصَلَّى فِيْهِ الْغَدَاةَ، ثُمَّ عَقَّبَ بِصَلَاةِ الضُّحٰى، فَقَدْ أَسْرَعَ الْكَرَّةَ وَأَعْظَمَ الْغَنِيْمَةَ. (الصحيحة:٢٥٣١)

৫৪৯. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম একটি অভিযান প্রেরণ করেন তারা বিপুল গনীমত সামগ্রী লাভ করে এবং দ্রুত শত্রুসেনা পর্যুদস্ত করে। এক ব্যক্তি বলল, ইয়া রাসূলাল্লাহ! আমরা এ অভিযানের চেয়ে দ্রুত শত্রুসেনা পর্যুদস্ত কারী ও বিপুল গনীমত সামগ্রী লাভকারী কোন অভিযান দেখিনি। তিনি বললেন, এর চেয়ে অধিক দ্রুত শত্রুসেনা পর্যুদস্ত ও বিপুল গনীমত সামগ্রী লাভ করার উত্তম পন্থা আমি কি বলে দেব? এরপর তিনি বলেন: এক ব্যক্তি উত্তমরূপে অযূ করে মাসজিদে এসে ফজরের সালাত আদায় করল। এরপর চাশতের সালাত আদায় করে নিল। ফলে সে যেন অতি দ্রুত শত্রুসেনা পর্যুদস্ত করল এবং বিপুল গনীমত সামগ্রী লাভ করল।

(সহীহাহ্ হা. ২৫৩১)

হাদীসটি সহীহ।

আবূ ইয়া'লা তাঁর মুসনাদে (৪/১৫৩০-১৫৩১); ইবনু হিব্বান তাঁর সহীহ হা. ৬২৯ এবং ইবনু আদি কামিল (২/২৭৫)-তে হাদীসটি বর্ণনা করেছেন।

শাইখ আলবানী বলেন: হাদীসটির সানাদ ভালো এবং এর সকল রাবীই সিকাহ ও মুসলিমের রাবী। মুনযীরী (১/২৩৫)-তে হাদীসটির অনেক শাহেদ রয়েছে যা তিরমিযী ও অন্যরা উল্লেখ করেছেন। বাজ্জার ৩০০ পৃষ্ঠা; আত-তালীকুর রাগীব (১/১৬৬); আহমাদ (২/১৭৫)।

٥٥٠ـ عَنْ أَبِىْ ذَرٍّ قَالَ: قِيْلَ لِلنَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرُبَّمَا قَالَ سُفْيَانُ: قُلْتُ: يَا رَسُوْلَ اللهِ ذَهَبَ أَهْلُ الْأَمْوَالِ وَالدُّثُوْرِ بِالْأَجْرِ يَقُوْلُوْنَ كَمَا نَقُوْلُ وَيُنْفِقُوْنَ وَلَا نُنْفِقُ. قَالَ لِىْ أَلَا أُخْبِرُكُمْ بِأَمْرٍ إِذَا فَعَلْتُمُوْهُ أَدْرَكْتُمْ مَنْ قَبْلَكُمْ وَفُتُّمْ مَنْ بَعْدَكُمْ؟ تَحْمَدُوْنَ اللهَ فِىْ دُبُرِ كُلِّ صَلَاةٍ وَتُسَبِّحُوْنَهُ وَتُكَبِّرُوْنَهُ ثَلَاثًا وَثَلَاثِيْنَ وَثَلَاثًا وَثَلَاثِيْنَ وَأَرْبَعًا وَثَلَاثِيْنَ. (الصحيحة: ١١٢٥)

৫৫০. আবূ যার (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে বলা হলো কখনো কখনো সূফীয়ান বলেন, আমি বললাম: হে আল্লাহর রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম, সম্পদশালী ও

ধনীরাতো পূণ্যে আমাদের চেয়ে অগ্রগামী হয়ে গেছে আমরা যা বলি তারাও তা বলে। তবে তারা (আল্লাহর রাহে বা যে পরিমাণ) খরচ করে আমরা সে পরিমাণ খরচ করতে পারি না। রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন, আমি কি তোমাদেরকে এমন বিষয়ের সংবাদ দেব না; যার উপর আমল করলে তোমরা তোমাদের পূর্ববর্তী এবং পরবর্তীদের সওয়াবের সমপরিমাণ সওয়াব প্রাপ্ত হবে? প্রত্যেক সলাতের পর তোমরা 'আলহামদুলিল্লাহ', 'সুবহানাল্লাহ' এবং 'আল্লাহু আকবার' বলবে। ৩৩ বার ৩৩ বার এবং ৩৪ বার করে। **(সহীহাহ্ হা. ১১২৫)**

হাদীসটি সহীহ।

ইবনু মাজাহ হাঃ ৯২৭; আহমাদ তাঁর মুসনাদের (৫/১৫৮)-তে।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ।

ইমাম সুয়ূতী তাঁর 'আল জমিউল কাবীরে' (১/২৬/১) এবং এর যাইল (১/৯)-তে হাদীসটি উল্লেখ করেছেন।

٥٥١ـ عَنْ رَافِعِ بْنِ خَدِيْجٍ يَقُوْلُ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَلَا أُخْبِرُكُمْ بِصَلَاةِ الْمُنَافِقِ أَنْ يُؤَخِّرَ الْعَصْرَ حَتَّى إِذَا كَانَتِ الشَّمْسُ كَثَرْبِ الْبَقَرَةِ صَلَّاهَا . (الصحيحة: ١٧٤٥)

৫৫১. রাফি ইবনু খাদীজ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'আমি কি তোমাদেরকে মুনাফিকের সলাত সম্পর্কে সংবাদ দেবো না'? (মুনাফিকের সলাত হলো) আসরের সলাত বিলম্ব করতে থাকা এবং সর্বশেষে সূর্য যখন গরুর পাকস্থলির ঝিল্লির ন্যায় হয় তখন সে আসরের সলাত আদায় করে। **(সহীহাহ্ হা. ১৭৪৫)**

হাদীসটি সহীহ।

ইমাম দারাকুতনী তাঁর সুনানের ৯৪ পৃষ্ঠায়; হাকিম তাঁর মুসতাদরাকে (১/১৯৫); আবদুস্ সালাম বিন আবদুল হামিদের তরীকে উল্লেখ করেছেন।

মুসলিম হাঃ ১৯৫; মুয়াত্তা হাঃ ২২০; তামহীদ (৩/২৭৪) ও (৮/৭৭); আবূ আওয়ানা (১/৩২৬৫); কানযুল উম্মাল হাঃ ২১৭৮৪। তালখীসুল হাবীর (১/১৭৫); ইবনু কাসীর (২/৩৯০) ও (৮/৫১৪); মিশকাত হাঃ ৫৯৪; ইবনু খুযাইমা হাঃ ৩৩৩;

কুরতুবী (১/১২২); আহমাদ (৩/১৪৯, ১৮৫); আব্দুর রাজ্জাক তাঁর মুসান্নাফে হাঃ ২০৮০; তাজরীদ হাঃ ৩৪৫; বাইহাকী (১/৪৪৪); তিরমিযী হাঃ ১৬০; শাইখ আলবানী (র.) বলেন: হাদীসের সানাদটি ভালো।

٥٥٢ ـ عَنْ عَوْفِ بْنِ مَالِكٍ الْأَشْجَعِيِّ قَالَ: كُنَّا عِنْدَ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ تِسْعَةٌ أَوْ ثَمَانِيَةٌ أَوْ سَبْعَةٌ، فَقَالَ: أَلَا تُبَايِعُوْنَ رَسُوْلَ اللهِ؟! ؛ وَكُنَّا حَدِيْثُ عَهْدٍ بِبَيْعَةٍ. فَقُلْنَا: قَدْ بَايَعْنَاكَ يَا رَسُوْلَ اللهِ؟! ثُمَّ قَالَ: أَلَا تُبَايِعُوْنَ رَسُوْلَ اللهِ! ؛ فَقُلْنَا: قَدْ بَايَعْنَاكَ يَا رَسُوْلَ اللهِ؟! ثُمَّ قَالَ: أَلَا تُبَايِعُوْنَ رَسُوْلَ اللهِ؟! ؛ قَالَ: فَبَسَطْنَا أَيْدِيْنَا وَقُلْنَا: قَدْ بَايَعْنَاكَ يَا رَسُوْلَ اللهِ! فَعَلَامَ نُبَايِعُكَ؟ قَالَ: عَلٰى أَنْ تَعْبُدُوْا اللهَ وَلَا تُشْرِكُوْا بِهِ شَيْئاً، وَالصَّلَوَاتِ الْخَمْسِ وَتُطِيْعُوْا وَأَسَرَّ كَلِمَةً خَفِيَّةً وَلَا تَسْأَلُوْا النَّاسَ شَيْئاً. فَلَقَدْ رَأَيْتُ بَعْضَ أُوْلٰئِكَ النَّفَرِ يَسْقُطُ سَوْطُ أَحَدِهِمْ. فَمَا يَسْأَلُ أَحَداً يُنَاوِلُهُ إِيَّاهُ.

(الصحيحة: ٣٦٠٠)

৫৫২. আওফ ইবনু মালিক (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন আমরা নয় জন কিংবা আট জন বা সাত জন রাসূলের নিকট উপস্থিত ছিলাম। অত:পর তিনি আমাদেরকে বললেন, 'তোমরা কী রাসূলের হাতে বাইআত হবে না!' আমরা বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমরা আপনার হাতে বাইআত হলাম। অত:পর তিনি (আবার) বললেন, তোমরা কী রাসূলুল্লাহর হাতে বাইআত গ্রহণ করবে না! বর্ণনাকারী বলেন, অত:পর (বায়ইআতের উদ্দেশ্যে) আমরা আমাদের হস্ত প্রসারিত করলাম এবং বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমরা আপনার হাতে বাইআত গ্রহণ করলাম। (কিন্তু) আমরা কিসের উপর বাইআত গ্রহণ করলাম? তিনি বললেন, এ জিনিসের উপর যে, তোমরা আল্লাহর ইবাদত করবে তাঁর সঙ্গে কাউকে শরীক করবে না এবং পাঁচ ওয়াক্ত সলাত আদায় করবে। আর আনুগত্য করবে (নিম্নস্বরে একটি বাক্য বললেন) এবং মানুষের নিকট কোন কিছু চাইবে না (হাত পাতবে না)। বর্ণনাকারী বলেন, (এ মজলিসে উপস্থিত) তাদের

অনেককেই আমি দেখেছি যে, তাদের কারো চাবুক পরে গেলেও কাউকে তারা উঠিয়ে দিতে বলতেন না। (সহীহাহ্ হা. ৩৬০০)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম মুসলিম তাঁর সহীহর হাঃ ১০৪৩, (১৫০/২)-এর كَرَاهَةُ الْمَسْئَلَةِ لِلنَّاسِ এর অধ্যায়ে আব্দুল্লাহ ইবনু আব্দুর রহমান আদ-দারেমীর সানাদে আউফ ইবনু মালিক (রা.) থেকে রিওয়ায়াত করেছেন। ইমাম আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ১৬৪২ (৩০৮/১)-এর بَابُ كَرَاهِيَّةِ الْمَسْئَلَةِ অধ্যায়ে এবং ইমাম নাসায়ী তাঁর সুনানে ও ইবনু মাজাহ তাঁর সুনানে হাদীসটি উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলবঃ হাদীসটি মুসলিমের শর্তে সহীহ এবং এর সকল রাবী সিকাহ্।

٥٥٣ـ عَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللهِ : أَنَّ رَجُلَيْنِ مِنْ بَلِيٍّ وَهُوَ حَيٌّ مِنْ قُضَاعَةَ قُتِلَ أَحَدُهُمَا فِىْ سَبِيْلِ اللهِ ، وَأُخِّرَ الْآخَرُ بَعْدَهُ سَنَةً ثُمَّ مَاتَ . قَالَ طَلْحَةُ: فَرَأَيْتُ فِى الْمَنَامِ الْجَنَّةَ فُتِحَتْ ، فَرَأَيْتُ الْآخَرَ مِنَ الرَّجُلَيْنِ دَخَلَ الْجَنَّةَ قَبْلَ الْأَوَّلِ ، فَتَعَجَّبْتُ . فَلَمَّا أَصْبَحْتُ ذَكَرْتُ ذٰلِكَ ، فَبَلَّغَتْ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَقَالَ لِىْ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : أَلَيْسَ قَدْ صَامَ بَعْدَهُ رَمَضَانَ وَصَلَّى بَعْدَهُ سِتَّةَ اٰلَافِ رَكْعَةً ، وَكَذَا وَكَذَا رَكْعَةً لِصَلَاةِ السُّنَّةِ. (الصحيحة:٢٥٩١)

৫৫৩. তালহা ইবনু উবাইদুল্লাহ থেকে বর্ণিত। বালিয় (কুযাআ মহল্লা) এলাকার জনৈক দুই ব্যক্তির একজন আল্লাহর রাস্তায় নিহিত হয় এবং অপরজন তার এক বছর পর (স্বাভাবিকভাবে) মৃত্যুবরণ করে। তালহা বলেন, (একদিন) আমি স্বপ্নে দেখলাম যে, জান্নাতকে খুলে দেয়া হয়েছে। আর ঐ দুই ব্যক্তির মধ্যে সর্বশেষ যে ব্যক্তি মারা গিয়েছিল সে প্রথম জনের পূর্বে জান্নাতে প্রবেশ করেছে। (এ স্বপ্ন দেখে) আমি আশ্চর্য হলাম এবং সকাল হলে ঘটনাটি বর্ণনা করলাম এবং রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-কে এ সম্পর্কে সংবাদ দিলাম। রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন, সে কি তার (প্রথম জনের) পরে এক বছর অধিক সিয়াম রাখেনি এবং ছয় হাজার রাকাআত সলাত অধিক আদায়

করেনি। এমনকি সুন্নত সলাতের অমুক অমুক রাকাআত অধিক আদায় করেনি? (সহীহাহ্ হা. ২৫৯১)

হাদীসটি সহীহ।

ইমাম বাইহাকী তাঁর যুহদে (২/৭৩); ইবনু মাজাহ্ হাঃ ৩৯২৫; ইবনু হিব্বান তাঁর সহীহ্র হাঃ ২৪৬৬; আহমাদ তাঁর মুসনাদে (১/১৬১/১৬২, ১৬৩)-তে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলবঃ হাদীসটির সানাদ হাসান। হাদীসটির শাওয়াহেদ রয়েছে যা ইবনু খুযাইমাহ্ তাঁর সহীহ্র হাঃ ৩১০; হাকিম তাঁর মুসতাদরাকের (১/২০০); আহমাদ তাঁর মুসনাদের (১/১৭৭)-তে উল্লেখ করেছেন।

٥٥٤ـ عَنِ ابْنِ مَسْعُوْدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ : أُمِرَ بِعَبْدٍ مِّنْ عِبَادِ اللهِ أَنْ يُضْرَبَ فِيْ قَبْرِهِ مِائَةَ جَلْدَةٍ ، فَلَمْ يَزَلْ يَسْأَلُ وَيَدْعُوْ حَتّى صَارَتْ جَلْدَةً وَاحِدَةً ، فَجُلِدَ جَلْدَةً وَاحِدَةً ، فَامْتَلأَ قَبْرُهُ عَلَيْهِ نَارًا ، فَلَمَّا ارْتُفِعَ عَنْهُ وَ أَفَاقَ قَالَ: عَلَى مَا جَلَدْتُمُوْنِيْ؟ قَالُوْا: إِنَّكَ صَلَّيْتَ صَلَاةً وَاحِدَةً بِغَيْرِ طُهُوْرٍ، وَ مَرَرْتَ عَلَى مَظْلُوْمٍ فَلَمْ تَنْصُرْهُ ـ (الصحيحة:٢٧٧٤)

৫৫৪. ইবনু মাসউদ (রা.) নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন, আল্লাহর একজন বান্দার কবরে ১০০ বেত্রাঘাত করার নির্দেশ দেয়া হয়েছিল। অত:পর সে বিরামহীন দু'আ এবং প্রার্থনা করতে থাকে ফলশ্রুতিতে ১০০ বেত্রাঘাতকে একটি করে দেয়া হয়। অত:পর তাকে একটি বেত্রাঘাত করা হয় যার কারণে তার কবর আগুনে ভরে যায়। অত:পর যখন তার থেকে আগুন (এর আযাব) উঠিয়ে নেয়া হয় এবং সে সংজ্ঞা ফিরে পায় সে বলল, তোমরা আমাকে কি কারণে বেত্রাঘাত করেছ? (ফেরেশতারা) তারা উত্তর দিল, তুমি অযূ ছাড়া এক ওয়াক্ত সলাত আদায় করেছিলে এবং অত্যাচারিত ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করেছিলে কিন্তু তাকে (কোন) সাহায্য করনি। (সহীহাহ্ হা.২৭৭৪)

হাদীসটি সহীহ।

তহাভী তাঁর শরহু মুশকিলুল আসারের (৪/২৩১)-তে 'ইবনু মাসউদ (রা)'-এর সূত্রে মারফূআন বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ ভালো এবং এর সকল রাবী তাহযীবের রাবী তবে সানাদের ফাহাদ নামক রাবী তাহযীবের রাবী না হলেও সিকাহ্ ও সাবত। ইবনু ইফনুস তাঁর আল-গুরাবা কিতাবে উল্লেখ করেছেন। যা রিজালু মা'আনিল আসার কিতাবের (১/৮৫)-এ উল্লেখ রয়েছে। এছাড়াও আত-তারগীব ওয়াত-তারহীব (৩/১৪৮); ইবনু হাইয়্যান তাঁর কিতাবুত্ তারীখে বলেন, হাদীসটির শাহেদ বিদ্যমান।

٥٥٥- عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَبِىْ بَكْرٍ: أَيَّ حِيْنٍ تُوْتِرُ؟ قَالَ: أَوَّلَ اللَّيْلِ بَعْدَ الْعَتَمَةِ، قَالَ: فَأَنْتَ يَا عُمَرُ؟ فَقَالَ: اٰخِرَ اللَّيْلِ، فَقَالَ النَّبِىُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَمَّا أَنْتَ يَا أَبَا بَكْرٍ فَأَخَذْتَ بِالْوُثْقٰى، وَأَمَّا أَنْتَ يَا عُمَرُ فَأَخَذْتَ بِالْقُوَّةِ - (الصحيحة:٢٥٩٦)

৫৫৫. জাবির ইবনু আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম আবূ বাকরকে বললেন, তুমি বিতির কখন পড়? (উত্তরে) তিনি বলেন, তমসার পর রাতের প্রথমাংশে। তিনি বলেন, আর উমার তুমি? (উত্তরে) উমার বললেন, রাতের শেষাংশে। অত:পর নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন, আবূ বাকর! তুমি অধিকতর সুদৃঢ় বস্তুকে আঁকড়ে ধরেছ। আর উমার তুমি শক্তিশালী বস্তুকে আঁকড়ে ধরেছ। **(সহীহাহ্ হা. ২৫৯৬)**

হাদীসটি হাসান।

ইবনু মাজাহ তাঁর সুনানে (১/৩৬৩); আহমাদ তাঁর মুসনাদে (৩/৩০৯, ৩৩০); তালখীস (৪/২৩৭); যাওয়ায়েদে ইবনু মাজাহ, ইবনু নসর তাঁর 'কিয়ামুল লাইল' ১১৬ পৃষ্ঠা; হাকিম তাঁর মুসতাদরাকে (১/৩-১); হাকেম বলেন, হাদীসটির সানাদ সহীহ্; ইবনু হিব্বান হা: ৬৭৩; মাজমাউয্ যাওয়ায়েদ (২/২৪৫)। আমি (আলবানী) বলব: হাদীসের সানাদ হাসান।

٥٥٦- عَنْ أَبِىْ سَعِيْدٍ الْخُدْرِيِّ قَالَ: كَانَتْ بَنُوْ سَلِمَةَ فِىْ نَاحِيَةِ الْمَدِيْنَةِ، فَأَرَادُوا النُّقْلَةَ إِلٰى قُرْبِ الْمَسْجِدِ، فَنَزَلَتْ هٰذِهِ الْاٰيَةُ: إِنَّا نَحْنُ نُحْيِي الْمَوْتٰى وَنَكْتُبُ مَا قَدَّمُوا وَاٰثَارَهُمْ، فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اٰثَارَكُمْ تُكْتَبُ قَالَ: فَلَمْ يَنْتَقِلُوْا. (الصحيحة:٣٥٠٠)

৫৫৬. আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, বানূ সালিমা গোত্র মাদীনার এক প্রান্তে বসবাস করত। তারা মাসজিদের নিকটে স্থানান্তরিত হওয়ার ইচ্ছা করল। অত:পর এ আয়াত অবতীর্ণ হয়, إِنَّا نَحْنُ نُحْيِي الْمَوْتَى وَنَكْتُبُ مَا قَدَّمُوا وَآثَارَهُمْ "আমি মৃতদেরকে জীবিত করি এবং তাদের কর্ম ও কীর্তিসমূহ লিপিবদ্ধ করি।"

অত:পর রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম (তাদেরকে) বললেন, তোমাদের কর্ম ও কীর্তিসমূহ লিপিবদ্ধ করা হয়। বর্ণনাকারী বলেন, সুতরাং তারা আর স্থানান্তরিত হয় নি। **(সহীহাহ্ হা. ৩৫০০)**

হাদীসটি হাসান গারীব।

ইমাম তিরমিযী হাদীসটি তাঁর সুনানের হা: ৩২২৬ (২০৪/৫); মুহাম্মাদ ইবনু ওযীর আল-ওসেতীর সানাদে আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে হাদীসটি রিওয়ায়াত করেছেন এবং বলেছেন: হাদীসটি সাওরীর সানাদে হাসান ও গারীব। তাছাড়া ইবনু কাসীর তাঁর তাফসীরের (৬/৫৫২); আলী আল-মুত্তাকী আল-হিন্দী তাঁর কানযুল উম্মালের হা: ২০২৪৪; ইমাম কুরতুবী তাঁর তাফসীরের (১২/১৫) ও জামিউল মাসানিদের হা: ৬০২০-তে হাদীসটি উল্লেখ রয়েছে।

٥٥٧ـ عَنْ رَجُلٍ مِّنْ بَنِى بَيَاضَةَ: أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اعْتَكَفَ الْعُشْرَ مِنْ رَمَضَانَ وَقَالَ: إِنَّ أَحَدَكُمْ إِذَا كَانَ فِى الصَّلَاةِ فَإِنَّمَا يُنَاجِى رَبَّهُ ، فَلَا تَرْفَعُوْا أَصْوَاتَكُمْ بِالْقُرْآنِ فَتُؤْذُوْا الْمُؤْمِنِيْنَ ـ (الصحيحة:١٥٩٧)

৫৫৭. বানী বায়াযা গোত্রের একজন ব্যক্তি থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম রমযানের শেষ দশ দিন ইতিকাফ করেন এবং বলেন, তোমাদের কেউ যখন সলাত আদায় করে তখন সে তার রবের সঙ্গে কথোপকথন করে। সুতরাং তোমরা উচ্চস্বরে কুরআন পড়ো না (কারণ এ উচ্চস্বরে পড়ার কারণে) মুমিন (মুসল্লীদের) কষ্ট হয়।

(সহীহাহ্ হা. ১৫৯৭)

হাদীসটি সহীহ।

আল্লামা বাগাভী হাদীসটি আলী ইবনু জা'দ এর হাদীসে (৮/৭৫/১) উল্লেখ করেছেন। শাইখ আলবানী বলেন: হাদীসটির সানাদ দুর্বল তবে فَتُؤْذُوا الْمُؤْمِنِيْنَ

শব্দের যেয়াদা ছাড়া আবূ সাঈদ আল-খুদরী থেকে বর্ণিত হয়েছে যা সহীহ্। সহীহ আবূ দাউদ হাঃ ১২০৩; সুয়ূতী যাওয়ায়েদে জামের (১/২১)-তে হাদীসটি উল্লেখ করেছেন।

٥٥٨ـ عَنْ أَبِىْ تَمِيْمِ الْجَيْشَانِيِّ أَنَّ عَمْرَو بْنَ الْعَاصِ خَطَبَ النَّاسَ يَوْمَ الْجُمُعَةِ، فَقَالَ: إِنَّ أَبَا بَصْرَةَ حَدَّثَنِى أَنَّ النَّبِىَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ اللهَ زَادَكُمْ صَلَاةً وَهِىَ الْوِتْرُ، فَصَلُّوْهَا بَيْنَ صَلَاةِ الْعِشَاءِ إِلَى صَلَاةِ الْفَجْرِ. قَالَ أَبُوْ تَمِيْمٍ: فَأَخَذَ بِيَدِىْ أَبُوْ ذَرٍّ فَسَارَ فِى الْمَسْجِدِ إِلَى أَبِىْ بَصْرَةَ فَقَالَ لَهُ: أَنْتَ سَمِعْتَ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ مَا قَالَ عَمْرٌو قَالَ أَبُوْ بَصْرَةَ: أَنَا سَمِعْتُهُ مِنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ(الصحيحة:١٠٨)

৫৫৮. আবূ তামীম আল-জাইশানী থেকে বর্ণিত। আমর ইবনুল আস (রা.) একদিন জুমু'আর খুতবা দিলেন এবং (এ খুতবায়) বললেন যে, আবূ বাসরা আমার নিকট বর্ণনা করেছে যে, নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা তোমাদের জন্য আরো একটি সলাত বৃদ্ধি করেছেন তা হলো বিতর। সুতরাং তোমরা তা ঈশা ও ফজরের মাঝে আদায় কর। আবূ তামীম বলেন, আবূ যর আমার হাত ধরলেন এবং মাসজিদে আবূ বাসরার নিকট নিয়ে গেলেন এবং তাকে জিজ্ঞেস করলেন, আমর যা বলছে আপনি কি তা রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম থেকে শুনেছেন? আবূ বাসরা বললেন, (হ্যাঁ) রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম থেকে আমি এমনটি শুনেছি। **(সহীহাহ্ হা. ১০৮)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তার মুসনাদের (৬/৭) তাবারানী তাঁর আল-মু'জামুল কাবীরের (১/১০০/১)-তে দুটি তরীকে ইবনু মুবারক থেকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ্ এবং এর সকল রাবী সিকাহ্ ও মুসলিমের রাবী। ইবনু লাহিয়া থেকে হাদীসটির মুতাবাআত রয়েছে যা আহমাদ তাঁর মুসনাদের (৬/৩৭৯); তহাবী তাঁর শরহু মায়ানিল আসারের (১/২৫০); হায়েস ইবনু আবি উসামা তাঁর মুসনাদের (১/৩১); তাবারানী তাঁর আল-মুজামুল কাবীরের (১/১০৪/২)-; দুলাবী তাঁর আল-কুনা ওয়াল আসমার (১/১৩)-তে উল্লেখ করেছেন।

٥٥٩- عَنْ أَبِيْ سَعِيْدِ الْخُدْرِيِّ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ زَادَكُمْ صَلَاةً إِلَى صَلَاتِكُمْ هِيَ خَيْرٌ لَكُمْ مِنْ حُمُرِ النَّعَمِ أَلَا وَهِيَ الرَّكْعَتَانِ قَبْلَ صَلَاةِ الْفَجْرِ - (الصحيحة:١١٤١)

৫৫৯. আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা তোমাদের (পাঁচ ওয়াক্ত) সলাতের সাথে (আরো) এক সলাত বৃদ্ধি করেছেন। এ সলাত তোমাদের জন্য (আরবের) লাল উট অপেক্ষা উত্তম। (শোনো) এ সলাত হলো ফজরের পূর্বের দু' রাকাত (সুন্নাত)।

(সহীহাহ্ হা. ১১৪১)

হাদীসটি হাসান।

বাইহাকী তাঁর সুনানে (২/৪৬৯)-এ হাদীসটি রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি মুয়াবিয়া ইবনু সালামের তরীকে গরীব। তবে বাইহাকী হাদীসটির সানাদ ইবনু খুযাইমার তরীকে উল্লেখ করেছেন এবং ইবনু বুজাইর حافظ كبير صدوق এবং সানাদে তাঁর উপরে যারা রয়েছেন তাঁরা সকলেই মুসলিমের রাবী ও সিকাহ। তবে আব্বাস ইবনুল ওয়ালীদ আল-খল্লাল বিতর্কিত। তিনিও সত্যবাদী। ফলে ইসনাদটি জাইয়্যিদ।

٥٦٠- عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ مَرْفُوْعًا: إِنَّ اللهَ لَيَعْجِبُ مِنَ الصَّلَاةِ فِي الْجَمِيْعِ - (الصحيحة:١٦٥٢)

৫৬০. আব্দুল্লাহ ইবনু উমার ইবনুল খাত্তাব (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। নিশ্চয় জামাতে সলাত পড়া দেখে আল্লাহ বিস্মিত হন।

(সহীহাহ্ হা. ১৬৫২)

হাদীসটি যঈফ।

খতীবে বাগদাদী তাঁর 'আল-মুত্তদ্দিহ্' (২/২/২)-এ আহমাদ 'রুহ' এর তরীকে উল্লেখ করেছেন। মুসনাদে আহমাদ (২/৫৭); হাদীসটির শাহেদ রয়েছে যা ইবনু আদি তাঁর কামেলের (১/৭৫)-তে হাম্মাদ ইবনু কিরাতের তরীকে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: সালিহ আল-মুব্বিয়াকার কারণে হাদীসটি দুর্বল।

٥٦١ـ عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللهَ لَيُنَادِىْ يَوْمَ الْقِيَامَةِ: أَيْنَ جِيْرَانِىْ، أَيْنَ جِيْرَانِىْ؟ قَالَ: فَتَقُوْلُ الْمَلَائِكَةُ: رَبَّنَا! وَمَنْ يَنْبَغِىْ أَنْ يُجَاوِرَكَ؟ فَيَقُوْلُ: أَيْنَ عُمَّارُ الْمَسَاجِدِ؟ ـ (الصحيحة:٢٧٢٨)

৫৬১. আনাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ কিয়ামাতের দিন ঘোষণা দিবেন, "আমার প্রতিবেশীরা কোথায়; আমার প্রতিবেশীরা কোথায়?" তিনি বলেন, ফেরেশতারা বলবে, হে আমাদের প্রতিপালক! আপনার প্রতিবেশী কারা? অত:পর আল্লাহ বলবেন, মাসজিদ আবাদকারীরা কোথায়? **(সহীহাহ্ হা. ২৭২৮)**

হাদীসটি সহীহ।

হারিস বিন আবূ উসামা তাঁর মুসনাদের (১/১৬)-তে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: এটা জায়্যিদ ইসনাদ। এর সকল রিজালই সিকাহ এবং কুতুবুস সিত্তাহ্র রাবী। তবে ফাইয়্যাজ ইবনু গজওয়ান ছাড়া। এরপর তিনি রাবীর তরজমা ও হালাত নিয়ে আলোচনা করেছেন।

٥٦٢ـ عَنْ عَائِشَةَ، عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّوْنَ عَلَى الَّذِيْنَ يَصِلُوْنَ الصُّفُوْفَ ـ

(الصحيحة:٢٢٣٤)

৫৬২. আয়িশা (রা.) রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন যে, রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'নিশ্চয়ই আল্লাহ এবং তার ফেরেশতারা সারিবদ্ধ হয়ে সলাত আদায়কারীদের উপর রহমত বর্ষণ করেন'। **(সহীহাহ্ হা. ২২৩৪)**

হাদীসটি হাসান।

ইবনু ওয়াহাব তাঁর জামের (২/৫৮)-তে উসামা ইবনু যায়িদ আল-লাইসীর তরীকে আয়িশা (রা.) থেকে মারফূআন বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ হাসান ইবনু ওহাব এর তরীকে যঈফ। যঈফ আবূ দাউদ হা: ১০৪।

٥٦٣ـ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللهَ وَ مَلَائِكَتَهُ يُصَلُّوْنَ عَلَى الَّذِيْنَ يَصِلُوْنَ الصُّفُوْفَ، وَ مَنْ سَدَّ فُرْجَةً رَفَعَهُ اللهُ بِهَا دَرَجَةً ـ (الصحيحة:٢٥٣٢)

৫৬৩. 'আয়িশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'নিশ্চয়ই আল্লাহ ও তাঁর ফেরেশতারা কাতার মিলিয়ে সলাত আদায়কারীদের উপর রহমত বর্ষণ করেন এবং যে মাঝের ফাঁকা বন্ধ করে আল্লাহ এ কারণে তার একটি মর্যাদা বাড়িয়ে দেন'। (সহীহাহ্ হা. ২৫৩২)

হাদীসটি সহীহ।

ইবনু মাজাহ্ হাঃ ৯৯৫; আহমাদ তাঁর মুসনাদে (৬/৮৯)-তে ইসমাঈল ইবনু আইয়্যাশ এর তরীকে 'আয়িশা (রা.) থেকে মারফূ'আন উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদের সকল রাবীই সিকাহ –ইবনু আইয়্যাশ ব্যতীত।

হাদীসটির মুতাবায়াত রয়েছে যা আহমাদ তাঁর মুসনাদের (৬/৬৭, ১৬০); ইবনু খুযাইমাহ্ তাঁর সহীহ্র হাঃ ১৫৫০; ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ১৫১১; আবদ ইবনু হুমাইদ হাঃ ৩৯৪ এবং হাকিম তাঁর মুসতাদরাকের (১/২১৪)-তে উসামা ইবনু যায়িদের তরীকে উল্লেখ করেছেন। হাদীসটিকে হাকিম, صَحِيْحٌ عَلَى شَرْطِ مُسْلِمٍ বলেছেন।

٥٦٤ـ عَنِ الْبَرَاءِ، قَالَ: كُنَّا جُلُوْسٌ نَنْتَظِرُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ (فِى الْمُصَلَّى) يَوْمَ الْأَضْحَى ، فَجَاءَ فَسَلَّمَ عَلَى النَّاسِ ، وَ قَالَ: إِنَّ أَوَّلَ مَنْسَكٍ (وَ فِىْ رِوَايَةٍ: نُسُكٍ) يَوْمِكُمْ هٰذَا اَلصَّلَاةُ فَتَقَدَّمَ فَصَلَّى بِالنَّاسِ رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ، اِسْتَقْبَلَ الْقَوْمَ بِوَجْهِهِ ، ثُمَّ أَعْطَى قَوْسًا أَوْ عَصًا فَاتَّكَأَ عَلَيْهَا ، فَحَمِدَ اللهَ عَزَّ وَجَلَّ وَأَثْنَى عَلَيْهِ ، وَأَمَرَهُمْ وَ نَهَاهُمْ . (الصحيحة:١٦٧٨)

৫৬৪. বারা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, কুরবানীর ঈদের দিন রাসূলের আগমনের অপেক্ষায় আমরা মুসল্লায় উপবিষ্ট ছিলাম। অবশেষে

তিনি আসলেন এবং লোকদেরকে সালাম করলেন এবং বললেন, নিশ্চয়ই তোমাদের আজকের এ দিনের সর্বপ্রথম ইবাদত হলো এ সলাত। এরপর সম্মুখে অগ্রসর হয়ে লোকদেরকে নিয়ে দু'রাকাত সলাত আদায় করলেন। অত:পর সালাম ফিরালেন। লোকেরা তাঁর দিকে ফিরে বসল। অত:পর তাঁকে একটি ধনুক বা লাঠি দেয়া হলো। অত:পর তিনি তাতে ভর দিলেন। এরপর আল্লাহর প্রশংসা ও সানা পাঠ করার পর তাদেরকে (কিছু বিষয়ের) আদেশ (এবং কিছু বিষয়ের) নিষেধ করলেন। **(সহীহাহ্ হা. ১৬৭৮)**

হাদীসটি সহীহ।

ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৪/২৮২) ও তাবারানী কাবীরের হা: ১১৬৯-তে কালবীর তরীকে হাদীসটি উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: هٰذَا اِسْنَادٌ حَسَنٌ এবং এর সকল রাবীই সিকাহ ও আস্থাবান। হাদীসটি সহীহাইনেও রয়েছে।

٥٦٥ ـ عَنْ أَبِيْ مُوْسَى الْأَشْعَرِيِّ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللهَ يَبْعَثُ الأَيَّامَ يَوْمَ الْقِيَامَةِ عَلٰى هَيْئَتِهَا وَ يَبْعَثُ يَوْمَ الْجُمُعَةِ زَهْرَاءَ مُنِيْرَةً أَهْلُهَا يَحُفُّوْنَ بِهَا كَالْعَرُوْسِ تُهْدٰى إِلٰى كَرِيْمِهَا تُضِيْءُ لَهُمْ يَمْشُوْنَ فِيْ ضَوْئِهَا أَلْوَانُهُمْ كَالثَّلْجِ بَيَاضًا وَرِيْحُهُمْ تَسْطَعُ كَالْمِسْكِ يَخُوْضُوْنَ فِي جِبَالِ الْكَافُوْرِ يَنْظُرُ إِلَيْهِمُ الثَّقَلَانِ مَا يَطْرِفُوْنَ تَعَجُّبًا حَتّٰى يَدْخُلُوا الْجَنَّةَ لَا يُخَالِطُهُمْ أَحَدٌ إِلَّا الْمُؤَذِّنُوْنَ الْمُحْتَسِبُوْنَ. (الصحيحة:٧٠٦)

৫৬৫. আবূ মূসা আল-আশ'আরী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা কিয়ামাত দিবসে দিনসমূহকে তার নিজ নিজ অবস্থার উপর পুনরুত্থিত করবেন। জুম'আ আদায়কারীর মর্যাদায় জুমা'আকে দ্বীপ্তি-উজ্জ্বল করে হাশর করা হবে। জুমা'আ আদায়কারীগণ নব-বরের বেষ্টনীর ন্যায় জুমু'আকে বেষ্টনী দেবে এবং তাকে তার প্রকোষ্ঠের দিকে নিয়ে যাওয়া হবে। তারা তার আলোতে চলবে, তাদের শরীরের রং সাদা বরফতুল্য

হবে এবং তাদের সুঘ্রাণ মিশকের মতো হবে। তারা কর্পুরের পাহাড়ে বিচরণ করবে। তাদের দিকে জ্বিন-ইনসান (অপলক নেত্রে) তাকিয়ে থাকবে এবং তারা চোখের পলকের আগে জান্নাতে প্রবেশ করবে। একমাত্র সওয়াব প্রত্যাশী মুআযযিনগণ ব্যতীত অন্য কেউ তাদের সাথে মিশতে পারবে না। **(সহীহাহ্ হা. ৭০৬)**

হাদীসটি সহীহ।

ইবনু খুযাইমাহ তাঁর সহীহর (১/১৮২/১); হাকিম তাঁর মুসতাদরাকের (১/২৭৭) এবং ইবনু আদি তাঁর আল-কামিলের (৪/২০৫)-তে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: هٰذَا إِسْنَادٌ جَيِّدٌ এবং এর সকল রাবীই সিকাহ্। ইমাম হাকিম বলেন: هٰذَا حَدِيْثٌ شَاذٌّ صَحِيْحُ الإِسْنَادِ

٥٦٦ـ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: إِنَّ خَيْرَ مَا رَكِبَتْ إِلَيْهِ الرَّوَاحِلُ مَسْجِدِيْ هٰذَا، وَالْبَيْتُ الْعَتِيْقُ. (الصحيحة:١٦٤٨)

৫৬৬. জাবির ইবনু আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, নিশ্চয়ই উষ্ট্রবাহনকে যে অভিমুখে আরোহণ করা হয় তার মাঝে সর্বোত্তম হলো, আমার মাসজিদ এবং মহান ঘর (বাইতুল আতীক)। **(সহীহাহ্ হা. ১৬৪৮)**

হাদীসটি সহীহ।

আহমাদ (৩/৩৫০); আবূ ইয়া'লা (২/৬০৫); বাগাভী আবুল জাহাম এর হাদীসে (২/২); তাবারানী তাঁর আওসাতে (১/১১৪/২); আল-ফাকিহী তাঁর 'হাদীসে' (১/১৫/১) এবং তাঁর থেকে ইবনু বিশরান 'আল-আমালী-এর (৫৫/২); আবদ ইবনু হুমাইদ তাঁর আল-মুনতাখাবু মিনাল মুসনাদের (১১৪/২); লাইসের তরীকে জাবির (রা.) থেকে মারফূআন উল্লেখ করেছেন। ইমাম তাবারানী বলেন: لَمْ يَرْوِهِ عَنِ اللَّيْثِ إِلَّا الْعَلَاءُ।

আমি (আলবানী) বলব: হাদীসটির ইসনাদ মুসলিমের শর্তে সহীহ্। মুনযীরী তাঁর আত্-তারগীব ওয়াত্-তারহীব (২/১৪৫) এবং তহাবী মুশকিলুল আসারের (১/২৪১)-তে উল্লেখ করেছেন।

٥٦٧ـ عَنْ حُذَيْفَةَ أَنَّهُ رَأَى شَبَثَ بْنَ رِبْعِيٍّ يَبْزُقُ بَيْنَ يَدَيْهِ، فَقَالَ: يَا شَبَثُ لَا تَبْزُقْ بَيْنَ يَدَيْكَ، فَإِنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَنْهَى عَنْ ذٰلِكَ، وَقَالَ: إِنَّ الرَّجُلَ إِذَا قَامَ يُصَلِّي أَقْبَلَ اللهُ إِلَيْهِ بِوَجْهِهِ حَتَّى يَنْقَلِبَ أَوْ يُحْدِثَ حَدَثَ سُوْءٍ. (الصحيحة: ١٥٩٦)

৫৬৭. হুযাইফা (রা.) থেকে বর্ণিত। তিনি (একদিন) শাবস ইবনু রিবঈকে তার সম্মুখে থুথু ফেলতে দেখলেন। অত:পর তিনি বললেন, শাবস! তুমি তোমার সম্মুখে থুথু ফেলো না। কেননা রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম এ থেকে নিষেধ করেছেন। আর বলেছেন, কোন ব্যক্তি যখন সলাতে দণ্ডায়মান হয় আল্লাহ তার চেহারা বরাবর হন যতক্ষণ না সে অন্য কোন কাজে কিংবা অপছন্দনীয় কোন কাজে লিপ্ত না হয়।

(সহীহাহ্ হা. ১৫৯৬)

হাদীসটি হাসান।

ইবনু মাজাহ্ তাঁর সুনানের (১/৩১৯-৩২০)-তে আবূ বাকর ইবনু আইয়্যাশের তরীকে হুযাইফা (রা.) থেকে বর্ণনা করেন। বুসিরী তাঁর কিতাবের (২/৬৫)-তে উল্লেখ করেছেন যে, এই সানাদটি সহীহ্ এবং এর রিজালদের সকলেই সিকাহ।

আমি (আলবানী) বলব: বরং হাদীসটির সানাদ হাসান হবে আবূ বাকর ইবনু আইয়্যাশ সম্পর্কে কালাম থাকার কারণে।

٥٦٨ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ مَرْفُوْعًا: إِنَّ الرَّجُلَ لَيُصَلِّي سِتِّيْنَ سَنَةً وَمَا تُقْبَلُ لَهُ صَلَاةٌ، وَلَعَلَّهُ يُتِمُّ الرُّكُوْعَ وَلَا يُتِمُّ السُّجُوْدَ وَيُتِمُّ السُّجُوْدَ وَلَا يُتِمُّ الرُّكُوْعَ. (الصحيحة: ٢٥٣٥)

৫৬৮. আবূ হুরাইরা থেকে মারফূ সূত্রে বর্ণিত। একজন লোক ৬০ বছর সলাত আদায় করে কিন্তু তার কোন সলাত কবূল করা হয় না। সম্ভবত সে যথাযথভাবে রুকু আদায় করলেও সিজদা (যথাযথভাবে) করে না। অনুরূপ সিজদা যথাযথভাবে আদায় করলেও রুকু যথাযথভাবে আদায় করে না। (সহীহাহ্ হা. ২৫৩৫)

হাদীসটি হাসান।

আবূ নু'আঈম আল-আসবাহানী আত-তারগীবের (২/২৩৬)-তে আবুশ শায়েখের তরীকে ইবনু আহমাদ থেকে রিওয়ায়াত করেছেন।

শাইখ আলবানী বলেন: হাদীসটি হাসান পর্যায়ের হাদীস এবং এর সকল রাবীই সিকাহ। ইবনু আদি তাঁর কামেলের (৭/২৫৬)-তে দুর্বল সানাদে হাদীসটি উল্লেখ করেছেন এবং মুনযিরী তাঁর আত্-তারগীব ওয়াত-তারহীবের (১/১৮২)-তে রিওয়ায়াত করেছেন।

٥٦٩ـ عَنْ نَافِعِ بْنِ سَرْجِسٍ: أَنَّهُ دَخَلَ عَلٰى أَبِىْ وَاقِدٍ اَللَّيْثِيِّ صَاحِبِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فِىْ مَرْضِهِ الَّذِىْ مَاتَ فِيْهِ. فَقَالَ إِنَّ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَخَفَّ النَّاسِ صَلَاةً عَلٰى النَّاسِ، وَأَدْوَمَهُ عَلٰى نَفْسِهِ (وَفِىْ رِوَايَةٍ: وَأَطْوَلَ النَّاسِ صَلَاةً لِنَفْسِهِ). (الصحيحة:٢٠٥٦)

৫৬৯. নাফি ইবনু সারজিস (র.) থেকে বর্ণিত যে, তিনি একদিন নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর সাহাবী আবূ-ওয়াকিদ আল-লাইসীর নিকট তাঁর মৃত্যু রোগের সময় আসেন। তখন তিনি (আবূ ওয়াকিদ) বললেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম ছিলেন, লোকদের উপর অধিকতর সলাত হালকাকারী ও নিজের উপর সলাতের ক্ষেত্রে সর্বাধিক অধ্যাবসায়। (সহীহাহ্ হা. ২০৫৬)

হাদীসটি সহীহ।

আহমাদ তাঁর মুসনাদের (৫/২১৯); আবূ ইয়া'লা তাঁর মুসনাদের (১/৪০২)-তে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ ভালো এবং এর রিজাল সিকাহ ও মুসলিমের রিজাল। তবে সারজিস মুসলিমের রাবী নয়।

٥٧٠ـ عَنِ الزُّهْرِيِّ (مُرْسَلًا) صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَخْرُجُ يَوْمَ الْفِطْرِ فَيُكَبِّرُ حَتَّى يَأْتِىَ الْمُصَلّٰى، وَحَتَّى يَقْضِىَ الصَّلَاةَ، فَإِذَا قَضَى الصَّلَاةَ قَطَعَ التَّكْبِيْرَ. (الصحيحة:١٧١)

৫৭০. যুহরী থেকে মুরসাল[২] সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম ঈদুল ফিতরের দিন (সলাতের উদ্দেশ্যে ঘর থেকে) বের হতেন এবং সলাতের স্থানে আসা পর্যন্ত এবং সলাত শেষ হওয়া পর্যন্ত তাকবীর বলতেন। সলাত শেষ হলে তাকবীর পড়া বন্ধ করতেন।

(সহীহাহ্ হা. ১৭১)

হাদীসটি সহীহ।

ইবনু আবী শাইবা তাঁর মুসান্নাফের (২/১/২) এবং তাঁর তরীকেই মাহামেলী তাঁর 'কিতাবু সলাতিল ঈদাইন' এর (২/১৪২/২)-তে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ এবং এর শাহেদ রয়েছে যা বাইহাকী তাঁর সুনানের (৩/২৭৯) ইবনু উমারের তরীকে উল্লেখ করেছেন।

٥٧١- عَنْ هِلَالِ بْنِ يَسَافٍ قَالَ: قَدِمْتُ الرَّقَّةَ . فَقَالَ لِيْ بَعْضُ أَصْحَابِيْ: هَلْ لَكَ فِيْ رَجُلٍ مِّنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: قُلْتُ: غُنَيْمَةٌ، فَدَفَعْنَا إِلَى وَابِصَةَ. قُلْتُ لِصَاحِبِيْ: نَبْدَأُ فَنَنْظُرُ إِلَى دَلِّهِ . فَإِذَا عَلَيْهِ قَلَنْسُوَةٌ لَاطِئَةٌ . ذَاتُ أُذُنَيْنِ . وَبُرْنُسُ خَزٍّ أَغْبَرُ . وَإِذَا هُوَ مُعْتَمِدٌ عَلَى عَصًا فِيْ صَلَاتِهِ . فَقُلْنَا (لَهُ) بَعْدَ أَنْ سَلَّمْنَا قَالَ: حَدَّثَتْنِيْ أُمُّ قَيْسٍ بِنْتُ مِحْصَنٍ: أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا أَسَنَّ وَحَمَلَ اللَّحْمَ اتَّخَذَ عَمُوْدًا فِيْ مُصَلَّاهُ يَعْتَمِدُ عَلَيْهِ. (الصحيحة:٣١٩)

৫৭১. হেলাল ইবনু ইসাফ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একদিন 'রিক্কা'য় আসলাম। তখন আমার কতিপয় বন্ধু আমাকে বলল, আপনি কি নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর কোন সাহাবীর সঙ্গে সাক্ষাৎ করতে ইচ্ছুক? তিনি বলেন, আমি বললাম, এটাতো সৌভাগ্যের বিষয়। অত:পর আমরা ওবিসার নিকট আসলাম। আমি আমার সঙ্গীকে বললাম, আমরা প্রথম তাঁর মন ভোলানো বেশ-ভূষার প্রতি লক্ষ্য করব। সুতরাং আমরা এসে তাঁর পরনে দু' কানবিশিষ্ট মাথার সঙ্গে মিশানো টুপি

---

2 শাইখ আলবানী (র) তাঁর সহীহা'র (১/৩৩০)-এ বলেন, তবে হাদীসটির মাওসুল শাহেদ বিদ্যমান। যার কারণে হাদীসটি শক্তিশালী। –*তাজরীদকারক।*

এবং ধূলিময় রেশমী কোট দেখতে পেলাম। আর তখন তিনি একটি লাঠির উপর ভর দিয়ে সলাত আদায় করছিলেন। সালাম দেয়ার পর আমরা তাঁকে (লাঠিতে ভর দিয়ে সলাত আদায় করা সম্পর্কে) জিজ্ঞেস করলাম। তিনি বললেন, উম্মু কাইস বিনতি মিহসান আমার নিকট বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম যখন বার্ধক্যে উপনীত হলেন এবং দুর্বল হয়ে পড়েন তখন তিনি সলাতের স্থানে একটি খুঁটি বানিয়ে নেন। যাতে তিনি ভর দিতেন। **(সহীহাহ্ হা. ৩১৯)**

হাদীসটি হাসান।

আবূ দাউদ তাঁর সুনানে হা: ৯৪৮-তে হাদীসটি রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদের সকল রিজালই সিকাহ –আবদুর রহমান ব্যতীত। তবে তার মুতাবিঈ রয়েছে আর সে হলো ইবরাহীম ইবনু ইসহাক। যা হাকিম তাঁর মুসতাদরাকে (১/২৬৪-২৬৫) এবং তাঁর থেকে বাইহাকী তাঁর সুনানে (২/২৮৮) উল্লেখ করেছেন। ইমাম হাকিম হাদীসটিকে صَحِيْحٌ عَلٰى شَرْطِ الشَّيْخَيْنِ বলেছেন।

٥٧٢ـ عَنْ جَابِرٍ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ: إِنَّ الشَّيْطَانَ إِذَا سَمِعَ النِّدَاءَ بِالصَّلَاةِ، ذَهَبَ حَتَّى يَكُوْنَ مَكَانَ الرَّوْحَاءِ.

(الصحيحة: ٣٥٠٦)

৫৭২. জাবির (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি যে, শাইতান যখন সলাতের আযান শোনে তখন সে মাদীনা থেকে রওহা পর্যন্ত চলে যায়।

(সহীহাহ্ হা. ৩৫০৬)

হাদীসটি সহীহ।

হাদীসটি মুসলিম তাঁর সহীহর (১/১৬); আহমাদ তাঁর মুসনাদের (২/৪৮৩); বাইহাকী তাঁর সুনানের (১/৪৩২); হাকিম তাঁর মুসতাদরাকের (৪/১১৯, ১৩৭); জমউল জাওয়ামে হা: ৫৬২৯ ও ৫৬৪৪; আল মুত্তাকী আল-হিন্দী তাঁর কানযুল উম্মালের ২০৮৮৪ ২.৮৮৫ ও ২০৯৫১; খুযাইমাহ তাঁর সহীহর হা: ৩৯৩ এবং মিশকাত হা: ৬৭৪ তারগীব (১/১৭৭)।

٥٧٣ـ عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ ابْنِ قَتَادَةَ عَنْ أَبِيْهِ عَنْ جَدِّهِ قَتَادَةَ بْنِ النُّعْمَانِ قَالَ: كَانَتْ لَيْلَةٌ شَدِيْدَةُ الظُّلْمَةِ وَالْمَطَرِ. فَقُلْتُ: لَوْ أَنِّيْ

اِغْتَنَمْتُ هٰذِهِ اللَّيْلَةَ شُهُوْدَ الْعَتَمَةِ مَعَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ! فَفَعَلْتُ، فَلَمَّا انْصَرَفَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبْصَرَنِي وَمَعَهُ عُرْجُوْنٌ يَمْشِيْ عَلَيْهِ، فَقَالَ: مَا لَكَ يَا قَتَادَةُ! هٰهُنَا هٰذِهِ السَّاعَةُ؟. قُلْتُ: اغْتَنَمْتُ شُهُوْدَ الصَّلَاةِ مَعَكَ يَا رَسُوْلَ اللهِ! فَأَعْطَانِي الْعُرْجُوْنَ، فَقَالَ إِنَّ الشَّيْطَانَ قَدْ خَلَفَكَ فِيْ أَهْلِكَ؛ فَاذْهَبْ بِهٰذَا الْعُرْجُوْنِ؛ فَأَمْسِكْ بِهِ حَتَّى تَأْتِيَ بَيْتَكَ؛ فَخُذْهُ مِنْ وَرَاءِ الْبَيْتِ فَاضْرِبْهُ بِالْعُرْجُوْنِ. فَخَرَجْتُ مِنَ الْمَسْجِدِ، فَأَضَاءَ الْعُرْجُوْنُ مِثْلَ الشَّمْعَةِ نُوْراً، فَاسْتَضَأْتُ بِهِ، فَأَتَيْتُ أَهْلِيْ فَوَجَدْتُهُمْ رُقُوْداً، فَنَظَرْتُ فِي الزَّاوِيَةِ فَإِذَا فِيْهَا قُنْفُذٌ، فَلَمْ أَزَلْ أَضْرِبُهُ بِالْعُرْجُوْنِ حَتَّى خَرَجَ. (الصحيحة:٣٠٣٦)

৫৭৩. আসিম ইবনু উমার ইবনু কাতাদাহ তাঁর পিতা থেকে এবং তিনি তাঁর দাদা কাতাদাহ ইবনু নু'মান থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, (একদিন) রাত ছিল খুব অন্ধকার এবং বৃষ্টিময়। আমার মনে মনে ইচ্ছা জাগলো যে, আমি যদি এ রাতকে গনীমত মনে করে নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর সঙ্গে গিয়ে ঈশার সলাতে শরীক হতাম তবে খুবই ভালো হত। সুতরাং আমি তাই করলাম। নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম সলাত শেষ করার পর আমাকে দেখতে পেলেন। (তখন) তাঁর সঙ্গে ছিল একটি খেজুর কাঁদির মূল দণ্ড তিনি তাতে ভর দিয়ে চলছিলেন। আমাকে দেখে বললেন, কাতাদাহ কি খবর এখানে এ সময়ে? (উত্তরে) আমি বললাম– ইয়া রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম! আপনার সাথে সলাতে উপস্থিত হওয়াকে আমি গনীমত মনে করেছি! অত:পর তিনি আমাকে (তাঁর হাতের সেই) খেজুরের কাঁদির মূল দণ্ডটি দিয়ে বললেন, তোমার অনুপস্থিতিতে শাইতান তোমার পরিবারের উপর প্রভাব বিস্তার করেছে। খেজুরের কাঁদির মূল দণ্ডটি নিয়ে যাও এবং তোমার ঘরে প্রবেশের পূর্ব পর্যন্ত একে শক্ত করে আঁকড়ে ধর। আর ঘরের পিছনে গিয়ে শাইতানকে এ খেজুরের কাঁদির (এ) মূল দণ্ড দিয়ে প্রহার কর। অত:পর

আমি মাসজিদ থেকে বেড়িয়ে পরলাম। (আশ্চর্য) খেজুর কাঁদির মূল দণ্ডটি মোমবাতির ন্যায় আলো ছড়াতে লাগল। এর কারণে আমার চারপাশ আলোকিত হয়ে উঠল। অত:পর আমি আমার পরিবারের নিকট এসে তাদেরকে ঘুমন্ত পেলাম। অত:পর আমি ঘরের কোণায় তাকালাম, দেখলাম সেখানে একটি শজারু দাঁড়িয়ে আছে। অত:পর আমি সেটাকে খেজুর কাঁদির মূল দণ্ড দিয়ে মারতে লাগলাম ফলে সে বের হয়ে গেল।

(সহীহাহ্ হা. ৩০৩৬)

হাদীসটি সহীহ।

ইমাম তাবারানী হাদীসটি তাঁর আল-মুজামুল কাবীরের (৬/১৯)-তে আসিম ইবনু উমার ইবনু কাতাদার সানাদে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি সহীহ ও শাইখাইনের শর্ত মুতাবিক এবং সানাদের সকল রাবীর তরজমা তাহযীবে রয়েছে। তবে উমার ইবনু কতাদা-এর তরজমা ইমাম বুখারী ও ইবনু আবী হাতীম উভয়েই তাঁদের কিতাবে তাঁর ছেলে আসিমের সূত্রে রিওয়ায়াত করেছেন। আর কোন ধরনের জরাহ উল্লেখ করেননি। আর এমনটিই উল্লেখ করেছেন, ইবনু হিব্বান তাঁর আস-সিকাত (৫/১৪৬)-এ। হাদীসটির মুতাবাআত রয়েছে, যা ইমাম আত-তবারানী তাঁর কিতাবে (১৯/১৩-১৪)-এ কতাদা ইবনু নুমান (রা) থেকে রিওয়ায়াত করেছেন।

٥٧٤ـ عَنْ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: كُنْتُ غُلَاماً شَاباً عَزْباً فِىْ عَهْدِ الرَّسُوْلِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ؛ فَكُنْتُ أَبِيْتُ فِى الْمَسْجِدِ، فَكَانَ مَنْ رَأَى مِنَّا رُؤْيَا؛ يَقُصُّهَا عَلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَقُلْتُ: اَللّٰهُمَّ! إِنْ كَانَ لِيْ عِنْدَكَ خَيْرٌ؛ فَأَرِنِىْ رُؤْيَا يُعَبِّرُهَا لِىْ اَلنَّبِىُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنِمْتُ فَرَأَيْتُ مَلَكَيْنِ أَتَيَانِىْ فَانْطَلَقَا بِىْ، فَلَقِيَهُمَا مَلَكٌ آخَرُ. فَقَالَ: لَمْ تُرَعْ. فَانْطَلَقَا بِىْ إِلَى النَّارِ؛ فَإِذَا هِىَ مَطْوِيَّةٌ كَطَيِّ الْبِئْرِ، وَإِذَا فِيْهَا نَاسٌ قَدْ عَرَفْتُ بَعْضَهُمْ، فَأَخَذُوْا بِىْ ذَاتَ الْيَمِيْنِ، فَلَمَّا أَصْبَحْتُ ذَكَرْتُ ذٰلِكَ لِحَفْصَةَ! فَزَعَمَتْ حَفْصَةُ أَنَّهَا قَصَّتْهَا عَلَى رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَقَالَ: إِنَّ عَبْدَ اللهِ رَجُلٌ صَالِحٌ؛ لَوْ كَانَ يُكْثِرُ الصَّلَاةَ مِنَ اللَّيْلِ. قَالَ: فَكَانَ عَبْدُ اللهِ يُكْثِرُ الصَّلَاةَ مِنَ اللَّيْلِ.

(الصحيحة: ٣٥٣٣)

৫৭৪. সালিম (রা.) ইবনু উমার থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন, আমি রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর যুগে কুমার যুবক ছিলাম। আমি মাসজিদে ঘুমাতাম। আমাদের মাঝে যে স্বপ্ন দেখত সে তা নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট বর্ণনা করত। আমি মনে মনে বলতাম, আল্লাহ! আপনার নিকট আমার জন্য যদি কোন কল্যাণ থাকত আর আমাকে তা স্বপ্নে দেখাতেন (এবং) রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর ব্যাখ্যা বলে দিতেন (তবে খুবই ভালো হত)।

সুতরাং আমি এক রাতে ঘুমালাম। (ঘুমের মাঝে) দেখলাম আমার নিকট দু'জন ফেরেশতা আসল এবং আমাকে নিয়ে চলল। আর তাদের সঙ্গে অপর আরেকজন ফেরেশতা সাক্ষাৎ করল। বলল, তুমি পরিণতি চিন্তা করনি। অত:পর ফেরেশতা দু'জন আমাকে নিয়ে জাহান্নামের দিকে চলল। জাহান্নাম দেখতে ছিল কূপের সঙ্কোচনের ন্যায় সঙ্কুচিত। আর সেখানে অনেক লোক ছিল। যাদের কতককে আমি চিনি। অত:পর তারা আমাকে ডানদিকে (জান্নাতে) নিয়ে চলল।

ভোর হলে হাফসাকে আমি (ঘটনাটি) বললাম। আর মনে মনে ধারণা করলাম, হাফসা ঘটনাটি রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট বর্ণনা করেছেন। অত:পর বললেন, আব্দুল্লাহ নেককার লোক, যদি সে রাতে বেশি বেশি সলাত আদায় করত। সালিম বলেন, এরপর থেকে আব্দুল্লাহ রাতে বেশি বেশি সলাত আদায় করতেন। **(সহীহাহ্ হা. ৩৫৩৩)**

হাদীসটি সহীহ্।

হাদীসটি ইমাম বুখারী তাঁর সহীহর (৫/৩১, ৯/৪৭, ৫১); ইমাম তিরমিযী তাঁর সুনানের হাঃ ৩৮-২৫; ইবনু মাজাহ তাঁর সুনানের ৩৯১৯; ইমাম আহমাদ তাঁর মুসনাদের (২/৫); হাইসামী তাঁর আল-মাজমাউয যাওয়ায়েদের (৯/৩৪৬); মিনহা হাঃ ১৭৯১ ও ২৫৫৬; ফাতহুল বারী (৭/৯০ ও ১২/৪১৯); মুসনাদে ইবনু উমার হাঃ ৩০; হিন্দী তাঁর কানযুল উম্মালের হাঃ ৩৩৫১৪ এবং ইবনু কাসীর তাঁর আল-বিদায়া ওয়ান নিহারয়া'র (৯/৫)-তে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি সহীহ ও বুখারীর'র শর্ত অনুযায়ী।

٥٧٥- عَنْ أَبِى الْمُنِيْبِ قَالَ : رَأَى ابْنُ عُمَرَ فَتًى قَدْ أَطَالَ الصَّلَاةَ وَ أَطْنَبَ ، فَقَالَ: أَيُّكُمْ يَعْرِفُ هٰذَا فَقَالَ رَجُلٌ أَنَا أَعْرِفُهُ . فَقَالَ : أَمَا أَنِّيْ لَوْ عَرَفْتُهُ لَأَمَرْتُهُ بِكَثْرَةِ الرُّكُوْعِ وَالسُّجُوْدِ . فَإِنِّيْ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ إِنَّ الْعَبْدَ إِذَا قَامَ لِلصَّلَاةِ أُتِىَ بِذُنُوْبِهٖ كُلِّهَا فَوُضِعَتْ عَلٰى عَاتِقَيْهِ . فَكُلَّمَا رَكَعَ أَوْ سَجَدَ تَسَاقَطَتْ عَنْهُ .
(الصحيحة:١٣٩٨)

৫৭৫. আবূল মুনীব থেকে বর্ণিত। তিনি বলেন, ইবনু উমার (রা.) একজন যুবককে সলাত দীর্ঘ করতে দেখে বললেন, তোমাদের কে আছে একে চিনে? একজন ব্যক্তি বলল, আমি তাকে চিনি। অত:পর তিনি (ইবনু উমার) বললেন, আমি তাকে চিনলে তাকে বেশি বেশি রুকু ও সিজদার নির্দেশ করতাম। কেননা আমি রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি যে, বান্দা যখন সলাতে দাঁড়ায় তার সমস্ত গুনাহ এনে তার কাঁধের উপর রেখে দেয়। অত:পর যখনই সে রুকু বা সিজদা করে তার থেকে (গুনাহসমূহ) ঝরে পড়ে। (সহীহাহ্ হা. ১৩৯৮)

হাদীসটি সহীহ।

মুহাম্মাদ আবূ নসর তাঁর 'আস্-সালাত' (২/৬৪)-তে; কিয়ামুল লাইলের ৫২ পৃষ্ঠায়; আবূ নুআঈম তাঁর হিলয়াহ (৬/৯৯-১০০)-এর সাওর এর তরীকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি সহীহ এবং এর সকল রাবী সিকাহ যুবাইর ইবনু নুফাইর তাঁর মুতাবাআত করেছেন যা ইবনু নসর তাঁর কিতাবের (১/৬৫)-তে আবূ সালিহ এর তরীকে উল্লেখ করেছেন।

٥٧٦- عَنْ عَلِيٍّ: أَمَرَنَا صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالسِّوَاكِ ، وَقَالَ إِنَّ الْعَبْدَ إِذَا قَامَ يُصَلِّيْ أَتَاهُ الْمَلَكُ فَقَامَ خَلْفَهُ يَسْتَمِعُ الْقُرْاٰنَ وَيَدْنُوْ . فَلَا يَزَالُ يَسْتَمِعُ وَيَدْنُوْ حَتّٰى يَضَعَ فَاهُ عَلٰى فِيْهِ فَلَا يَقْرَأُ اٰيَةً إِلَّا كَانَتْ فِىْ جَوْفِ الْمَلَكِ . (الصحيحة:١٢١٣)

Contents

৫৭৬. আলী (রা.) থেকে বর্ণিত। আমাদেরকে রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম মিসওয়াকের নির্দেশ দিয়েছেন এবং বলেছেন, বান্দা যখন সলাত আদায় করতে দাঁড়ায় তখন ফেরেশতা তার পিছনে এসে কুরআন শুনতে থাকে এবং ধীরে ধীরে নিকটবর্তী হতে থাকে। এমনকি এক পর্যায়ে (ফেরেশতা) তার মুখ বান্দার মুখে রাখে। অত:পর বান্দা যে আয়াতই পড়ে তা ফেরেশতার উদরে প্রবেশ করে থাকে। (সহীহাহ্ হা. ১২১৩)

হাদীসটি হাসান।

বাইহাকী তাঁর 'আস্-সুনানুল কুবরার' (১/৩৮) দিয়া আল-মাকদিসী তাঁর 'আলমুখতারাহ' এর (১/২০১) এ খালিদ এর তরীকে আলী (রা.) থেকে মাওকুফান রিওয়ায়াত করেছেন এবং আবূ নুআঈম তাঁর 'আত্ তারগীবের (১/৯৮৭) এ। হাদীসটির মুতাবিঈ হলেন, ফুজাইল ইবনু সুলাইমান।

আমি (আলবানী) বলব: إِسْنَادُهُ جَيِّدٌ وَرِجَالُهُ رِجَالُ الْبُخَارِيْ

তাছাড়া বাজ্জার এমন ভালো সনদে উল্লেখ করেছেন যাতে কোন সমস্যা নেই।

٥٧٧ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ :إِنَّ لِلصَّلَاةِ أَوَّلًا وَ اٰخِرًا ، وَإِنَّ أَوَّلَ وَقْتِ صَلَاةِ الظُّهْرِ حِيْنَ تَزُوْلُ الشَّمْسُ وَاٰخِرَ وَقْتِهَا حِيْنَ يَدْخُلُ وَقْتُ الْعَصْرِ، وَإِنَّ أَوَّلَ وَقْتِ صَلَاةِ الْعَصْرِ حِيْنَ يَدْخُلُ وَقْتُهَا وَإِنَّ اٰخِرَ وَقْتِهَا حِيْنَ تَصْفَرُّ الشَّمْسُ ، وَإِنَّ أَوَّلَ وَقْتِ الْمَغْرِبِ حِيْنَ تَغْرُبُ الشَّمْسُ وَإِنَّ اٰخِرَ وَقْتِهَا حِيْنَ يَغِيْبُ الْأُفُقُ ، وَإِنَّ أَوَّلَ وَقْتِ الْعِشَاءِ الْاٰخِرَةِ حِيْنَ يَغِيْبُ الْأُفُقُ وَإِنَّ اٰخِرَ وَقْتِهَا حِيْنَ يَنْتَصِفُ اللَّيْلُ ، وَإِنَّ أَوَّلَ وَقْتِ الْفَجْرِ حِيْنَ يَطْلُعُ الْفَجْرُ وَإِنَّ اٰخِرَ وَقْتِهَا حِيْنَ تَطْلُعُ الشَّمْسُ. (الصحيحة:١٦٩٦)

৫৭৭. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, সলাতের শুরু ও শেষ ওয়াক্ত রয়েছে। যুহরের সলাতের ওয়াক্ত শুরু হয় সূর্য ঢলে যাওয়ার থেকে এবং এর ওয়াক্ত শেষ হয় আসরের ওয়াক্ত হলে। আর আসরের ওয়াক্ত শুরু হয় আসরের ওয়াক্ত হওয়া থেকে। আর এর ওয়াক্ত শেষ হয় সূর্য যখন হলুদ বর্ণের হয়।

আর মাগরিবের ওয়াক্ত শুরু হয় সূর্যাস্ত থেকে এবং শেষ হয় যখন দিগন্ত অদৃশ্য হয়ে যায়। আর ঈশার প্রথম ওয়াক্ত হয় যখন দিগন্ত অদৃশ্য হয়ে যায়। আর এর সময় শেষ হয় মধ্য রাতে এবং ফজরের ওয়াক্ত শুরু হয় যখন ফজর উদিত হয় এবং শেষ হয় যখন সূর্যোদয় হয়।

(সহীহাহ্ হা. ১৬৯৬)

হাদীসটি সহীহ।

ইমাম তিরমিযী তাঁর সুনানের (১/২৮৪); তহাবী শরহে মা'আনিল আসারের (১/৮৯); দারাকুতনী তাঁর সুনানের ৯৭ পৃষ্ঠায়; বাইহাকী তাঁর সুনানের (১/৩৭৫-৩৭৬) এবং আহমাদ তাঁর মুসনাদের (২/২৩২)-এ মুহাম্মদ ইবনু ফুযাইলের তরীকে উল্লেখ করেছেন। শাইখ আলবানী বলেন, হাদীসটির সানাদ সহীহ আলা শর্তে শাইখাইন।

٥٧٨ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ لِلْمَسَاجِدِ أَوْتَادًا، اَلْمَلَائِكَةُ جُلَسَاؤُهُمْ، إِنْ غَابُوْا يَفْتَقِدُوْنَهُمْ، وَإِنْ مَرِضُوْا عَادُوْهُمْ، وَإِنْ كَانُوْا فِيْ حَاجَةٍ أَعَانُوْهُمْ. وَقَالَ: جَلِيْسُ الْمَسْجِدِ عَلٰى ثَلَاثِ خِصَالٍ: أَخٍ مُسْتَفَادٍ، أَوْ كَلِمَةٍ حِكْمَةٍ، أَوْ رَحْمَةٍ مُنْتَظَرَةٍ. (الصحيحة: ٣٤٠١)

৫৭৮. আবূ হুরাইরা (রা.) থেকে নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম সূত্রে বর্ণিত। তিনি বলেন, যারা সর্বদা মাসজিদে গমনাগমন করে, তারা পেরেকস্বরূপ। ফেরেশতাকূল হলেন তাদের সভাসদ। যদি তারা অনুপস্থিত থাকে তাহলে তারাও চলে যায়, তারা রোগাক্রান্ত হলে সেবা করে, তারা কাজে নিয়োজিত হলে, তাদের কাজে সহযোগিতা করে। এরপর তিনি বলেনঃ মাসজিদে উপবেশনকারীর তিনটি বৈশিষ্ট্য রয়েছে তা হলোঃ সে হবে হিতাকাঙ্ক্ষী বন্ধু অথবা সেখানে (পাওয়া যাবে) বিজ্ঞানময় বাক্যালাপ, অথবা তা আল্লাহর রহমতের মধ্যে ডুবন্ত। (সহীহাহ্ হা. ৩৪০১)

হাদীসটি সহীহ।

ইমাম আহমাদ তাঁর মুসনাদে হাঃ ৯৪২৪ (১৫/২৪৮); আত্-তারগীব ওয়াত্-তারহীব (১/২২০); আদ্-দুররুল মানসুর (২/২১৬); আব্দুর রাজ্জাক তাঁর আল-মুসান্নাফের হাঃ ২০৫৮৫ মা'মার থেকে বর্ণনা করেছেন। কানযুল উম্মাল হাঃ ২০৩৫১; তাবারানী কাবীর হাঃ ২০৫৮৫।

٥٧٩ـ عَنْ سَلْمَانَ الْفَارِسِيِّ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ الْمُسْلِمَ يُصَلِّيْ وَخَطَايَاهُ مَرْفُوْعَةٌ عَلَى رَأْسِهِ، كُلَّمَا سَجَدَ تَحَاتَّتْ عَنْهُ. فَيَفْرُغُ مِنْ صَلَاتِهِ؛ وَقَدْ تَحَاتَّتْ خَطَايَاهُ.

(الصحيحة:٣٤٠٢)

৫৭৯. সালমান ফারসী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, সালাত আদায়কারী মুসলিম ব্যক্তি যখন সিজদা করে তখন তার পাপরাশি মাথার উপর দিয়ে চলে যায়, এমনকি সে সালাত শেষ করার সাথে সাথেই তার পাপরাশি মাফ করে দেওয়া হয়। (সহীহাহ্ হা. ৩৪০২)

হাদীসটি হাসান।

হাদীসটি ইমাম সুয়ূতী তাঁর জমযুল জাওয়ামের হা: ৫৮৯৪-তে; হিন্দী তাঁর কানযুল উম্মালের হা: ১৮৪৬৯-তে এবং ইমাম বাইহাক্বী তাঁর আল-মুজামুল সগীরের (২/১৩৬)-তে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি হাসান পর্যায়ের।

٥٨٠ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ وَعَائِشَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ اِطَّلَعَ مِنْ بَيْتِهِ وَالنَّاسُ يُصَلُّوْنَ يَجْهَرُوْنَ بِالْقِرَاءَةِ فَقَالَ لَهُمْ: إِنَّ الْمُصَلِّيْ يُنَاجِيْ رَبَّهُ فَلْيَنْظُرْ بِمَا يُنَاجِيْهِ، وَلَا يَجْهَرْ بَعْضُكُمْ عَلَى بَعْضٍ بِالْقُرْآنِ. (الصحيحة:١٦٠٣)

৫৮০. আবূ হুরাইরা এবং আয়িশা (রা.) থেকে নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম সূত্রে বর্ণিত। তিনি তাঁর ঘর থেকে বের হয়ে দেখেন লোকেরা উচ্চস্বরে তিলাওয়াত করে সলাত আদায় করছে। অত:পর তিনি তাদেরকে বললেন, মুসল্লী তার সলাতে তার রবের সঙ্গে সংগোপনে কথা বলে। সুতরাং তার লক্ষ্য করা উচিত যে, তার সঙ্গে কোন জিনিসের সংলাপ করছে এবং তোমাদের কেউ যেন কারোর উপর উচ্চস্বরে কুরআন না পড়ে। (সহীহাহ্ হা. ১৬০৩)

হাদীসটি সহীহ।

আমি (আলবানী) বলব: সানাদটির সকলেই সিকাহ ও মুসলিমের রাবী। হাদীসটির একটি শাহেদ পাওয়া যায় যা আবূ হুরাইরা থেকে মারফূআন সূত্রে বর্ণিত হয়েছে।

٨١٦ـ عَنْ أَبِىْ هُرَيْرَةَ، قَالَ : أَعْطَانِى صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئاً مِنْ تَمْرٍ، فَجَعَلْتُهُ فِىْ مِكْتَلٍ لَنَا، فَعَلَّقْنَاهُ فِىْ سَقْفِ الْبَيْتِ، فَلَمْ نَزَلْ نَأْكُلُ مِنْهُ؛ حَتَّى كَانَ اٰخِرُهُ أَصَابَهُ أَهْلُ الشَّامِ حَيْثُ أَغَارُوْا عَلَى الْمَدِيْنَةِ. (الصحيحة:٣١٦٢)

৮১৬. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা আমাকে একটি খেজুর দিলেন। আমি খেজুরটি খেজুর পাতার তৈরি টুকরিতে রেখে ঘরের ছাদে লটকিয়ে রাখলাম এবং আমরা তা থেকে সর্বদাই খেতাম। এমনকি সর্বশেষ শামবাসী এটি লাভ করল যখন তারা মদীনায় আক্রমণ করেছিল। (সহীহাহ্ হা. ৩১৬২)

হাদীসটি হাসান।

হাদীসটি আবূ দাউদ তাঁর সুনানের (১/২৩৬); তিরমিযী তাঁর সুনানের (২/২৪৩); ইবনু মাজাহ তাঁর সুনানের (১/৩৬৩-৩৬৪); আহমাদ তাঁর মুসনাদের (৩/১২); ইয়াহয়া ইবনু কাসীরের সূত্রে বর্ণনা করেছেন। ইমাম তিরমিযী বলেন: হাদীসটি হাসান আর আমি (আলবানী) বলব: এটাই সঠিক।

٨١٧ـ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ : أَنَّ رَجُلًا كَانَتْ لَهُ نَاقَةٌ بِـ (الْحَرَّةِ) فَدَفَعَهَا إِلَى رَجُلٍ ، وَ قَدْ كَانَتْ مَرِضَتْ ، فَلَمَّا أَرَادَتْ أَنْ تَمُوْتَ قَالَتْ لَهُ امْرَأَتُهُ: لَوْ نَحَرْتَهَا وَ أَكَلْنَا مِنْهَا . فَأَبَى ، وَ أَتَى رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَ ذَكَرَ لَهُ ذٰلِكَ ، فَقَالَ: أَعِنْدَكُمْ مَا يُغْنِيْكُمْ؟ قَالَ : لَا . قَالَ: فَكُلُوْهَا (يَعْنِى النَّاقَةَ) وَ كَانَتْ قَدْ مَاتَتْ. قَالَ : فَأَكَلْنَا مِنْ وَدْكِهَا وَ لَحْمِهَا وَ شَحْمِهَا نَحْوًا مِّنْ عِشْرِيْنَ يَوْمًا ، ثُمَّ لَقِىَ صَاحِبُهَا ، فَقَالَ لَهُ: أَلَا كُنْتَ نَحَرْتَهَا قَالَ: إِنِّى اسْتَحْيَيْتُ مِنْكَ . (الصحيحة:٢٧٠٢)

৮১৭. জাবির ইবনু সামুরা (রা.) থেকে বর্ণিত। একজন ব্যক্তির হাররা নামক স্থানে একটি উটনী ছিল। সে উটনী অপর ব্যক্তিকে দিয়ে দিল। উটনীটি ছিল রোগাক্রান্ত। উটনীটি মারা যাওয়ার উপক্রম হলে লোকটির

স্ত্রী তাকে বলল, আমরা যদি উটনীটিকে নহর করে তার গোশত খেতাম তবে অনেক ভালো হত। লোকটি (স্ত্রীর কথা) অস্বীকার করল। এবং রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বিষয়টি খুলে বলল। তিনি বললেন, তোমাদের নিকট কি এ পরিমাণ খাবার রয়েছে যা তোমাদেরকে অন্যের (নিকট হাত পাতা থেকে) বিমুখ করে দেয়? লোকটি বলল, না, (অত:পর) রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে তোমরা উটনীটি খেতে পার অথচ উটনীটি তখন মৃত ছিল। লোকটি বলল, আমরা উটনীর চর্বি এবং গোশত প্রায় ২০ দিন পর্যন্ত খেয়েছি। অত:পর উটনীটির মালিকের সঙ্গে তার সাক্ষাত হলে উটনীর মালিক তাকে বলল, উটনীটিকে তুমি নহর করলে না কেন? লোকটি বলল, তোমার থেকে সঙ্কোচ বোধ করেছি। (সহীহাহ্ হা. ২৭০২)

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ দাউদ আত্-তয়ালিসী শারীক এর সানাদে তাঁর মুসনাদের হা: ১৬৫৩-তে হাদীসটি উল্লেখ করেছেন। এই তরীকেই ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৫/৮৭/৮৮) -তে হাদীসটি উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ ভালো মুতাবাআতার কারণে। তাছাড়া আবূ দাউদ তাঁর সুনানের হা: ৩৮১৬ এবং আহমাদ তাঁর মুসনাদের (৫/৯৬, ১০৪)-তে ভিন্ন তরীকে উল্লেখ করেছেন। আমি (আলবানী) বলব: আর এই সানাদটি মুসলিমের শর্তে সহীহ। হাকিম তাঁর মুসতাদরাকের (৪/১২৫)-তে উল্লেখ করেছেন।

٨١٨- عَنْ جَابِرٍ : أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ عَلَيْهِ بِحِمَارٍ قَدْ وَسَمَ فِيْ وَجْهِهِ. فَقَالَ: أَمَا بَلَغَكُمْ أَنِّيْ قَدْ لَعَنْتُ مَنْ وَسَمَ الْبَهِيْمَةَ فِيْ وَجْهِهَا، أَوْ ضَرَبَهَا فِيْ وَجْهِهَا! فَنَهَى عَنْ ذٰلِكَ. (الصحيحة:١٥٤٩)

৮১৮. জাবির (রা.) নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, একদিন নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট দিয়ে চেহারায় দাগ দেয়া একটি গাধা নিয়ে অতিক্রম করা হলে তিনি বললেন, তোমাদের নিকট কি এ সংবাদ পৌঁছেনি যে, চতুষ্পদ জন্তুর চেহারায় দাগ দেয়া বা চেহারায় প্রহার করতে আমি লা'নত করেছি? অত:পর তা থেকে নিষেধ করা হয়েছে। (সহীহাহ্ হা. ১৫৪৯)

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ দাউদ তাঁর সুনানের (১/৪০১/৪০২); মুহাম্মাদ ইবনু কাসীরের সূত্রে জাবির (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটির সকল রাবী সিকাহ্ ও মুসলিমের রাবী মুসলিম তাঁর সাহীহর (৬/১৬৫)-এ মা'কিল এর সূত্রে হাদীসটি রিওয়ায়াত করেছেন।

٨١٩ـ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيْهِ: أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ بِحَدِّ الشِّفَارِ، وَأَنْ تُوَارَى عَنِ الْبَهَائِمِ، وَإِذَا ذَبَحَ أَحَدُكُمْ؛ فَلْيُجْهِزْ. (الصحيحة:٣١٣٠)

৮১৯. সালিম ইবনু আব্দুল্লাহ ইবনু উমার (রা.) তাঁর পিতা থেকে বর্ণনা করেছেন যে, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছুরি ধার করার এবং জন্তুর থেকে ছুরি লুকিয়ে রাখতে নির্দেশ দিয়েছেন এবং বলেছেন, তোমাদের কেউ যবেহ করলে সে যেন চূড়ান্তভাবে আঘাত করে।

(সহীহাহ্ হা. ৩১৩০)

হাদীসটি হাসান।

হাদীসটি ইমাম ইবনু মাজাহ তাঁর সুনান গ্রন্থে হা: ৩১৭২; ইমাম আহমাদ (র.) তাঁর মুসনাদের ২য় খণ্ডের ১০৮ পৃষ্ঠা; বাইহাকী তাঁর আসসুনানুল কুবরার ৯ম খণ্ডের ২০০ পৃষ্ঠা এবং তাবারানী তাঁর আল-মুজামুল কাবীরের ১২শ খণ্ডের ২৮৯ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٢٠ـ عَنْ أُمِّ عَبْدِ اللهِ أُخْتِ شَدَّادِ بْنِ أَوْسٍ. أَنَّهَا بَعَثَتْ إِلٰى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَدَحِ لَبَنٍ عِنْدَ فِطْرِهِ، وَ ذٰلِكَ فِيْ طُوْلِ النَّهَارِ وَ شِدَّةِ الْحَرِّ. فَرَدَّ إِلَيْهَا رَسُوْلُهَا: أَنّٰى لَكِ هٰذَا اللَّبَنُ؟ فَقَالَتْ: لَبَنٌ مِنْ شَاةٍ لِيْ. فَرَدَّ إِلَيْهَا رَسُوْلُهَا: أَنّٰى لَكِ هٰذِهِ الشَّاةُ قَالَتْ: اشْتَرَيْتُهَا مِنْ مَالِيْ. فَشَرِبَ. فَلَمَّا كَانَ مِنَ الْغَدِ أَتَتْ أُمُّ عَبْدِ اللهِ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُوْلَ اللهِ بَعَثْتُ إِلَيْكَ بِذٰلِكَ اللَّبَنِ مَرْثِيَةً لَكَ مِنْ طُوْلِ النَّهَارِ وَ شِدَّةِ الْحَرِّ. فَرَدَدْتَ إِلَيَّ فِيْهِ

اَلرَّسُوْل، فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمِرَتِ الرُّسُلُ قَبْلِيْ أَلَّا تَأْكُلْ إِلَّا طَيِّبًا وَلَا تَعْمَلْ إِلَّا صَالِحًا. (الصحيحة:١١٣٦)

৮২০. শাদ্দাদ ইবনু আউস এর বোন উম্মু আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত। তিনি নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ইফতারের সময় একটি দুধের পেয়ালা পাঠালেন, ঘটনাটি লম্বা দিন ও গরম দিনের। তার দূত (যার মাধ্যমে উম্মে আব্দুল্লাহ রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট দুধ প্রেরণ করেছিলেন) তার দুধ তার নিকটেই ফিরিয়ে দিয়ে (বলল), আপনি এ দুধ কোথায় পেয়েছেন? (উত্তরে) তিনি (উম্মু আব্দুল্লাহ) বললেন, আমার বকরীর দুধ। এরপরও দূত তার দুধ তার নিকট ফিরিয়ে দিয়ে (বলল), এই বকরী আপনি কোথায় পেলেন? (উত্তরে) তিনি বললেন, আমার নিজের টাকা দিয়ে এটা ক্রয় করেছি। অত:পর দূত তা পান করল। পরের দিন উম্মে আব্দুল্লাহ রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বলল, ইয়া রাসূলাল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! দীর্ঘদিন এবং প্রচণ্ড গরমের কারণে আপনার (অবস্থার) জন্য দুঃখবোধ করে আমি সে দুধ পাঠিয়েছিলাম। কিন্তু দূত আমার নিকট তা ফিরিয়ে দিয়েছে। অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমার পূর্বের রাসূলগণকে পবিত্র জিনিস ব্যতীত অন্য কোন জিনিস না খাওয়ার এবং নেক আমল ব্যতীত অন্য কোন আমল না করার নির্দেশ করা হয়েছিল। (সহীহাহ্ হা. ১১৩৬)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমদ তার 'আয্ যুহদ' এর ৩৯৮ পৃষ্ঠা এবং হাকিম তাঁর আল-মুসতাদরাকের (৪/১২৫-১২৬); আবূ বাক্র ইবনু আব্দুল্লাহর সূত্রে রিওয়ায়াত করেছেন। হাকিম সানাদটিকে সহীহুল ইসনাদ বলেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির একটি শাহেদ রয়েছে যা আবূ হুরাইরা থেকে মারফূআন বর্ণিত হয়েছে। যা মুসলিম তাঁর সহীহর (৩/৮৫); তিরমিযী হা: ২৯৯২ এবং দারেমী (২/৩০০)-তে উল্লেখ রয়েছে।

٨٢١ـ عَنْ سَعِيْدِ بْنِ خَالِدٍ قَالَ: دَخَلْتُ عَلَى أَبِيْ سَلَمَةَ فَأَتَانَا بِزُبَدٍ وَكُتْلَةٍ، فَأَسْقَطَ ذُبَابٌ فِي الطَّعَامِ، فَجَعَلَ أَبُوْ سَلَمَةَ يُمْقِلُهُ

بِأُصْبَعِهِ فِيْهِ، فَقُلْتُ: يَا خَالُ! مَا تَصْنَعُ؟ فَقَالَ: إِنَّ أَبَا سَعِيْدٍ الْخُدْرِيَّ حَدَّثَنِيْ عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ أَحَدَ جَنَاحَيِ الذُّبَابِ سَمٌّ وَ الْآخَرَ شِفَاءٌ، فَإِذَا وَقَعَ فِى الطَّعَامِ فَامْقُلُوْهُ، فَإِنَّهُ يُقَدِّمُ السَّمَّ وَيُؤَخِّرُ الشِّفَاءَ. (الصحيحة:٣٩)

৮২১. সাঈদ ইবনু খালেদ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আবূ সালামার নিকট আসলে তিনি আমাদের জন্য মাখন এবং খেজুর ও আটা ইত্যাদি দ্বারা তৈরি খাবার আনলেন। তখন খাবারে একটি মাছি পড়ল। আর আবূ সালামা তার আঙ্গুল দ্বারা মাছিটিকে সে খাবারে ডুবিয়ে দিল। আমি বললাম, মামা! একি করছেন? উত্তরে তিনি বললেন, আবূ সাঈদ খুদরী নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আমার নিকট বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন, মাছির এক ডানায় থাকে বিষ আর অপরটিতে থাকে নিরাময়। সুতরাং খাবারে মাছি পড়লে গোটা মাছিকে খাবারে ডুবিয়ে দিবে কেননা মাছি আগে বিষ প্রয়োগ করে এবং নিরাময় সরিয়ে রাখে। **(সহীহাহ্ হা. ৩৯)**

হাদীসটি সহীহ।

ইমাম মুসলিম সহীহে ২য় খণ্ডের ৮৯ পৃষ্ঠায়; তিরমিযী সুনানে ১৮১৬; ইমাম আহমাদ মুসনাদের ৩য় খণ্ডের ১০০, ১১৭; ইবনু সুন্নী আমালুল ইয়াউমিওয়াল লাইলাতে ৪৮০; ইমাম মুনযিরী তাঁর আত-তারগীব ওয়াত-তারহীবের ৩য় খণ্ডের ১৪৮ পৃষ্ঠায়। কুরতুবী তাঁর তাফসীর গ্রন্থ ১ম খণ্ডের ১৩১ পৃষ্ঠায় ইবনু কাসীর তাঁর তাফসীর গ্রন্থ ৫ম খণ্ডের ৫৩ পৃষ্ঠায় এবং ইবনু আবী শাইবা তাঁর মুসান্নাফের ৮ম খণ্ডের ১১৯ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٢٢- عَنْ إِبْرَاهِيْمَ بْنِ سَعْدٍ عَنْ أَبِيْهِ عَنْ جَدِّهِ قَالَ: سَمِعْتُ عَمَّارَ ابْنَ يَاسِرٍ بِـ (صِفِّيْنَ) فِى الْيَوْمِ الَّذِيْ قُتِلَ فِيْهِ، وَهُوَ يُنَادِيْ: أُزْلِفَتِ الْجَنَّةُ، وَزُوِّجَتِ الْحُوْرُ الْعِيْنُ، اَلْيَوْمَ نَلْقَى حَبِيْبَنَا مُحَمَّداً صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ. (وَفِيْ رِوَايَةٍ: نَلْقَى الْأَحِبَّةَ، مُحَمَّداً وَحِزْبَهُ)، عَهِدَ إِلَيَّ إِنَّ اٰخِرَ زَادِكَ مِنَ الدُّنْيَا ضَيْحٌ مِنْ لَبَنٍ. (الصحيحة:٣٢١٧)

৮২২. ইবরাহীম ইবনু সা'দ তার পিতা থেকে এবং তিনি তার দাদা থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন, আম্মার ইবনু ইয়াসির (রা.)কে সিফফীনের যুদ্ধে যাতে তিনি নিহত হয়েছেন– ঘোষণা দিতে শুনেছি যে, জান্নাত নিকটবর্তী করা হয়েছে এবং আনতনয়না হুরদেরকে যুগলবদ্ধ করা হয়েছে আজকে আমরা আমাদের বন্ধু মুহাম্মাদের সাথে সাক্ষাত করব। অপর বর্ণনায় বন্ধুদের সাথে সাক্ষাত করবঃ মুহাম্মাদ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও তার সঙ্গীদের সাথে। তিনি আমারে প্রতিশ্রুতি দিয়েছেন যে, দুনিয়া থেকে বিদায়ের ক্ষেত্রে তোমার সর্বশেষ পাথেয় হলো প্রচুর পানি মেশানো পাতলা দুধ। **(সহীহাহ্ হা. ৩২১৭)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদে (৩/৬৭) ইয়াযীদের সূত্রে আবূ সাঈদ খুদরী (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

তাছাড়া আবূ ইয়ালা (২/৬৫); ইবনু হিব্বান তাঁর সিকাতের (২/১৩২) এবং নাসায়ী তাঁর সুনানের (২/১৯৩)-এ হাদীসটি উল্লেখ করেছেন।

٨٢٣- أَنَّ أُمَّ سَلَمَةَ أَخْبَرَتْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ الَّذِيْ يَشْرَبُ فِيْ إِنَاءِ الْفِضَّةِ [وَالذَّهَبِ] إِنَّمَا يُجَرْجِرُ فِيْ بَطْنِهِ نَارَ جَهَنَّمَ؛ إِلَّا أَنْ يَتُوْبَ. (الصحيحة:٣٤١٧)

৮২৩. উম্মু সালামা (রা.) রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন, যে ব্যক্তি স্বর্ণ-রূপার পাত্রে পান করবে তার পেটে জাহান্নামের আগুন গরগারা দেয়া হবে। **(সহীহাহ্ হা. ৮২৩)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের ৬ষ্ঠ খণ্ডের ৩০১, ৩০৬ পৃষ্ঠায়; বাইহাকী সুনানুল কুবরার ৪র্থ খণ্ডের ১৪৫ পৃষ্ঠায়; আব্দুর রাজ্জাক মুসান্নাফে হাঃ ১৯৯২৬; ইবনু মাজাহ তাঁর সুনানের হাঃ ৩৪১৩; ইমাম বুখারী তারীখে কাবীরের ৫ম খণ্ডের ১৩৬ পৃষ্ঠায়; সা'আতী মিনহাতুল মা'বুদে ১৮১৩ এবং সুয়ূতী জামউল তাঁর জাওয়ামিতে ৫৮১১ রিওয়ায়াত করেছেন।

٨٢٤- عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللهَ لَيَرْضَى عَنِ الْعَبْدِ أَنْ يَأْكُلَ الأُكْلَةَ فَيَحْمَدُهُ عَلَيْهَا، أَوْ يَشْرَبَ الشَّرْبَةَ فَيَحْمَدُهُ عَلَيْهَا. (الصحيحة:١٦٥١)

৮২৪. আনাস ইবনু মালিক (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ ঐ বান্দার প্রতি সন্তুষ্ট যে এক লোক্মা খাবার খায় এবং এর উপর তাঁর প্রশংসা করে। কিংবা এক ঢোক পানি পান করে এবং এর উপর তাঁর প্রশংসা করে। **(সহীহাহ্ হা. ১৬৫১)**

হাদীসটি হাসান।

হাদীসটি মুসলিম তাঁর সহীহার (৮/৮৭); তিরমিযী তাঁর সুনানের (১/৩৩৪-৩৩৫); আহমাদ তাঁর মুসনাদের (৩/১০০ ও ১১৭)-তে একাধিক সূত্রে যাকারিয়্যাহ ইবনু আবি যায়িদা থেকে রিওয়ায়াত করেছেন।

শাইখুল আলবানী (র) বলেন: হাদীসটি হাসান এবং শুধু যাকারিয়্যাহ থেকেই প্রসিদ্ধ।

٨٢٥- عَنِ ابْنِ عَبَّاسٍ مَرْفُوْعًا: إِنَّ الْبَرَكَةَ وَسْطَ الْقَصْعَةِ، فَكُلُوْا مِنْ نَوَاحِيْهَا، وَلَا تَأْكُلُوْا مِنْ رَأْسِهَا. (الصحيحة:١٥٨٧)

৮২৫. ইবনু আব্বাস (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। খাবারের বরকত পেয়ালার মাঝখানে। সুতরাং তোমরা পেয়ালার চারপাশ থেকে খাও –সম্মুখ থেকে খেয়ো না। **(সহীহাহ্ হা. ১৫৮৭)**

হাদীসটি সহীহ।

হাদীসটি সারী ইবনু ইয়াহইয়া তাঁর حَدِيْثُ الثَّوْرِيِّ-এর (২/২১১)-তে রিওয়ায়াত করেছেন এবং তাঁর থেকে আতা ইবনুস্-সায়িব ইবনু আব্বাস (রা.) থেকে মারফূআন রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি সহীহ এবং এর সকল রাবী সিকাহ।

٨٢٦- عَنْ عَائِشَةَ قَالَتْ: أَهْدَتْ أُمُّ سُنْبُلَةَ لِرَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَبَنًا، فَدَخَلَتْ عَلَيَّ بِهِ، فَلَمْ تَجِدْهُ، فَقُلْتُ لَهَا: إِنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ نَهَى أَنْ نَأْكُلَ طَعَامَ الأَعْرَابِ، فَدَخَلَ

النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَ أَبُوْ بَكْرٍ ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : يَا أُمَّ سُنْبُلَةَ ! مَا هٰذَا مَعَكِ ؟. قَالَتْ : لَبَنٌ يَا رَسُوْلَ اللهِ ! أَهْدَيْتُهُ لَكَ، قَالَ: اُسْكُبِيْ أُمَّ سُنْبُلَةَ ، نَاوِلِيْ أَبَا بَكْرٍ . ثُمَّ قَالَ : اُسْكُبِيْ أُمَّ سُنْبُلَةَ، نَاوِلِيْ عَائِشَةَ . ثُمَّ قَالَ : اُسْكُبِيْ أُمَّ سُنْبُلَةَ . فَنَاوَلَتْهُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَرِبَ ، قَالَتْ : فَقُلْتُ : يَا بَرْدَهَا عَلَى الْكَبِدِ ! يَا رَسُوْلَ اللهِ ! قَدْ كُنْتَ نَهَيْتَ عَنْ طَعَامِ الْأَعْرَابِ قَالَ : يَا عَائِشَةُ ! إِنَّهُمْ لَيْسُوْا بِأَعْرَابٍ ، هُمْ أَهْلُ بَادِيَتِنَا ، وَ نَحْنُ أَهْلُ حَاضِرَتِهِمْ ، وَإِذَا دُعُوْا أَجَابُوْا ، فَلَيْسُوْا بِأَعْرَابٍ. (الصحيحة: ٢٩٨٥)

৮২৬. আয়িশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন উম্মু সুনবুলাহ রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দুধ হাদীয়া দিলেন। আর সে দুধ নিয়ে তিনি আমার নিকট আসলেন এবং তাঁকে পেলেন না। আমি তাকে বললাম, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বেদুঈনদের খাবার খেতে নিষেধ করেছেন।

অত:পর নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং আবূ বাকার (ঘরে) প্রবেশ করলেন, নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, উম্মু সুনবুলা! তোমার সাথে এটা কি? উম্মু সুনবুলা বললেন, ইয়া রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, দুধ। আপনাকে হাদিয়া দিতে নিয়ে এসেছি। নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, উম্মু সুনবলা! (সেখান থেকে) দুধ ঢেলে আবূ বাকারকে দাও। এরপর বললেন, উম্মু সুনবুলা দুধ ঢেলে আয়িশাকে দাও। অত:পর বললেন, উম্মু সুনবুলাহ! ঢালো।

অত:পর নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তা) নিয়ে পান করলেন। আয়িশা (রা.) বলেন, আমি বললাম, তার দুধপানে কলিজা শীতল হয়ে গেছে। ইয়া রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আপনি না বেদুঈনদের দুধ পান করতে নিষেধ করেছেন? নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আয়িশা! তারা বেদুঈন নয় তারা হলো

আমাদের মরুভূমির বাসীন্দা। আর আমরা হলাম তাদের নগরীর বাসীন্দা। তারা (কখনো) দাওয়াত দিলে তা কবূল করবে। তারা বেদুঈন নয়।
(সহীহাহ্ হা. ২৯৮৫)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম হাকিম তাঁর আল-মুসতাদরাকের (৪/১২৮); ইমাম আহমাদ তাঁর আল-মুসনাদের (৬/১৩৩); বায্যার তাঁর আল-মুসনাদের (২/৩৯৫)-তে একাধিক সূত্রে আব্দুর রহমান ইবনু হারমালা থেকে রিওয়ায়াত করেছেন।

আর ইমাম হাকিম হাদীসটিকে সহীহুল ইসনাদ বলেছেন। হাফিজ যাহাবী এক্ষেত্রে তার অনুকরণ করেছেন এবং তাঁদের বক্তব্য সঠিক।

٨٢٧ـ عَنْ عَلِيٍّ : أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ زِيَارَةِ الْقُبُوْرِ وَعَنِ الْأَوْعِيَةِ وَأَنْ تُحْبَسَ لُحُوْمُ الْأَضَاحِيِّ بَعْدَ ثَلَاثٍ ، ثُمَّ قَالَ: إِنِّيْ كُنْتُ نَهَيْتُكُمْ عَنْ زِيَارَةِ الْقُبُوْرِ ، فَزُوْرُوْهَا فَإِنَّهَا تُذَكِّرُكُمُ الْآخِرَةَ وَنَهَيْتُكُمْ عَنِ الْأَوْعِيَةِ ، فَاشْرَبُوْا فِيْهَا وَاجْتَنِبُوْا كُلَّ مُسْكِرٍ وَ نَهَيْتُكُمْ عَنْ لُحُوْمِ الْأَضَاحِيِّ أَنْ تَحْبِسُوْهَا بَعْدَ ثَلَاثٍ ، فَاحْبِسُوْا مَا بَدَا لَكُمْ . (الصحيحة:٨٨٦)

৮২৭. আলী (রা.) থেকে বর্ণিত। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কবর যিয়ারত করতে, শরাব তৈরির পাত্র (এর ব্যবহার) থেকে এবং কুরবানীর পশুর গোশত তিন দিনের বেশি জমা করে রাখতে নিষেধ করেছেন। অত:পর বললেন, আমি কবর যিয়ারত থেকে তোমাদেরকে (এক সময়) নিষেধ করেছিলাম (এখন থেকে) তোমরা কবর যিয়ারত কর। কেননা কবর যিয়ারত পরকালের কথা স্মরণ করিয়ে দেয়। শরাব তৈরির পাত্র ব্যবহার করতে নিষেধ করেছিলাম। এখন তাতে পান করতে পার। তবে নেশা সৃষ্টিকারী প্রত্যেক জিনিস থেকে বেঁচে থাক। আর তিন দিনের পরে কুরবানীর পশুর গোশত জমা করে রাখতে নিষেধ করেছিলাম। (এখন আর সেই নিষেধাজ্ঞা নেই) সুতরাং তোমাদের ইচ্ছে মতো জমা করতে পার। (সহীহাহ্ হা. ৮৮৬)

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ বাক্‌র ইবনু আবী শাইবা মুসান্নাফে ৩য় খণ্ড ৩৫৩ ও ৩৪২ পৃষ্ঠা; আবূ নুআঈম তারীখে আসবাহানে ১ম খণ্ড ২৮৮ পৃষ্ঠা; ইমাম আহমাদ মুসনাদের ১ম খণ্ড ১৪৫ পৃষ্ঠা ও ৩য় খণ্ড ২৩৭ পৃষ্ঠা; ইমাম ইবনু আব্দুল বার তাঁর তামহীদ গ্রন্থে ৩য় খণ্ড ২২৮ পৃষ্ঠা; ইমাম হাইসামী মাজমাউয্ যাওয়াইদে ৩য় খণ্ড ৫৮ পৃষ্ঠা, ৪র্থ খণ্ড ২৫ পৃষ্ঠা ৫ম খণ্ড ৬৫ পৃষ্ঠায় এবং আব্দুর রাজ্জাক তাঁর মুসান্নাফের হা: ৬৭০৬।

٨٢٨- عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ مَرْفُوْعًا إِنَّ طَعَامَ الْوَاحِدِ يَكْفِى الْاِثْنَيْنِ ، وَإِنَّ طَعَامَ الِاثْنَيْنِ يَكْفِى الثَّلَاثَةَ وَالْأَرْبَعَةَ ، وَإِنَّ طَعَامَ الْأَرْبَعَةِ يَكْفِى الْخَمْسَةَ وَالسِّتَّةَ. (الصحيحة:١٦٧٦)

৮২৮. উমার ইবনুল খাত্তাব (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। একজনের খাবার দুইজনের জন্য যথেষ্ট, দুইজনের খাবার তিনজন এবং চারজনের জন্য যথেষ্ট। আর চার জনের খাবার পাঁচ জন এবং ছয় জনের জন্য যথেষ্ট। (সহীহাহ্ হা. ১৬৭৬)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইবনু মাজাহ তাঁর সুনানের হা: ৩২৫৫ একাধিক তুরুকে উমার ইবনুল খত্তাব থেকে মারফূআন বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি দুর্বল কারণ সানাদের আমর ইবনু দীনার নামক রাবী দুর্বল। তবে হাদীসটি একাধিক শাহেদ-এর কারণে সহীহ। ইমাম মালিক তাঁর মুয়াত্তার (২/৯২৮/২০); বুখারী (৩/৪৯৬); মুসলিম (৬/১৩২); তিরমিযী (১/৩৩৫) হাদীসটি রিওয়ায়াত করেছেন।

٨٢٩- عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيْرٍ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ مِنَ الْعِنَبِ خَمْرًا وَإِنَّ مِنَ التَّمْرِ خَمْرًا وَإِنَّ مِنَ الْعَسَلِ خَمْرًا وَإِنَّ مِنَ الْبُرِّ خَمْرًا وَإِنَّ مِنَ الشَّعِيْرِ خَمْرًا. (الصحيحة:١٥٩٣)

৮২৯. নু'মান ইবনু বাশীর (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আঙ্গুর থেকে মদ তৈরি হয়, খেজুর থেকে মদ তৈরি হয়, মধু থেকে মদ তৈরি হয়, গম থেকে মদ তৈরি হয় এবং যব থেকে মদ তৈরি হয়। (সহীহাহ্ হা. ১৫৯৩)

হাদীসটি সহীহ।

আবূ দাউদ তাঁর সুনানের (২/১২৯); আহমাদ তাঁর মুসনাদের (৪/২৬৭); বাইহাকী তাঁর সুনানের (৮/২৮৯)-তে ইবরাহীম ইবনু মুহাজিরের সূত্রে নুমান ইবনু বাশীর (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: ইবরাহীম ব্যতীত সানাদের সকলেই সিকাহ্ ও মুসলিমের রাবী। ইবনু হিব্বান তার সহীহর হা: ১৩৮৬-তে হাদীসটি রিওয়ায়াত করেছেন।

٨٣٠ـ عَنْ رَجُلٍ مِّنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِنَّ أُنَاسًا مِّنْ أُمَّتِي يَشْرَبُوْنَ الْخَمْرَ يُسَمُّوْنَهَا بِغَيْرِ اسْمِهَا. (الصحيحة:٤١٤)

৮৩০. নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একজন সাহাবী থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিশ্চয় আমার উম্মতের কিছু সংখ্যক লোক মদের নাম পরিবর্তন করে তা পান করবে। (সহীহাহ্ হা. ৪১৪)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৪/২৩৭)-তে আব্দুর রহমান ইবনু মাহদীর সানাদে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি সহীহ এবং এর সকল বর্ণনাকারী সিকাহ এবং কুতুবুস্ সিত্তার রাবী। ইবনু মাজাহ হাদীসটি তাঁর সুনানের (২/৩৩১)-তে সাঈদ ইবনু আউফের তরীকে রিওয়ায়াত করেছেন। আমি (আলবানী) বলব: এই সানাদটিও সহীহ এবং এর সকল বর্ণনাকারী সিকাহ।

٨٣١ـ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُكَيْمٍ قَالَ: نَا مَشْيَخَةٌ لَنَا مِنْ جُهَيْنَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَيْهِمْ: أَنْلَا تَنْتَفِعُوْا مِنَ الْمَيْتَةِ بِشَيْءٍ. (الصحيحة:٣١٣٣)

৮৩১. আব্দুল্লাহ ইবনু উকাইম (রা.) থেকে বর্ণিত। আমাদের জুহাইনা গোত্রের কতিপয় বয়স্ক (সাহাবী) থেকে বর্ণিত। নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট (একদা) লিখে পাঠিয়েছেন যে, মৃত জন্তুর দ্বারা তোমরা কোন উপকৃত হবে না। (সহীহাহ্ হা. ৩১৩৩)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ (র.) তাঁর মুসনাদের ৪র্থ খণ্ডের ৩১০ পৃষ্ঠায়; হাফিয ইবনু হাজার আসকালানী তাঁর সহীহ বুখারীর ব্যাখ্যা গ্রন্থ ফাতহুল বারীতে ৯ম খণ্ড ৬৫৯ পৃষ্ঠায়; ইমাম আবূ জাফর আত-তাহাবী তাঁর শরহু মাআনিল আসারে ১ম খণ্ড ৪৬৮ পৃষ্ঠায় এবং ইমাম আলাউদ্দীন আল-আলাঈ জামিউত্-তাহসীলের ২৬১ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٣٢- عَنْ نُبَيْشَةَ الْهُذَلِىْ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّا كُنَّا نَهَيْنَاكُمْ عَنْ لُحُوْمِهَا أَنْ تَأْكُلُوْهَا فَوْقَ ثَلَاثٍ لِكَىْ تَسَعَكُمْ ، (فَقَدْ) جَاءَ اللهُ بِالسَّعَةِ فَكُلُوْا وَادَّخِرُوْا وَاتَّجِرُوْا ، أَلَا وَإِنَّ هٰذِهِ الْأَيَّامَ أَيَّامُ أَكْلٍ وَشُرْبٍ وَذِكْرِ اللهِ عَزَّ وَجَلَّ. (الصحيحة:١٧١٣)

৮৩২. নুবাইশা আল-হুযাইলী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি তোমাদেরকে তিন দিনের বেশি কুরবানীর গোশত খেতে নিষেধ করেছিলাম যাতে তোমাদের মাঝে স্বচ্ছলতা আসে আর আল্লাহ তোমাদেরকে (এখন) স্বচ্ছলতা দান করেছেন। সুতরাং খাও, জমা কর এবং ব্যবসা কর। সাবধান এ দিনগুলো হলো– খাওয়া, পানাহার করা এবং আল্লাহর যিকির করার দিন।

(সহীহাহ্ হা. ১৭১৩)

হাদীসটি সহীহ।

আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ২৮১৩ এবং তাঁর সূত্রে বাইহাকী তাঁর সুনানের (৯/২৯২); আহমাদ তাঁর মুসনাদের (৫/৭৫); খালিদ আল-হাযযা এর সূত্রে নুবাইশাতাল হুযাইলী থেকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি শাইখানের শর্তে সহীহ।

٨٣٣- عَنْ فَيْرُوْزٍ قَالَ : أَتَيْنَا رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَقُلْنَا : يَا رَسُوْلَ اللهِ! قَدْ عَلِمْتَ مَنْ نَحْنُ ، وَمِنْ أَيْنَ نَحْنُ قَالَ : إِلَى اللهِ وَإِلَى الرَّسُوْلِ. فَقُلْنَا: يَا رَسُوْلَ اللهِ إِنَّ لَنَا أَعْنَابًا مَا نَصْنَعُ بِهَا قَالَ: زَبِّبُوْهَا. قُلْنَا: مَا نَصْنَعُ بِالزَّبِيْبِ قَالَ: انْبُذُوْهُ (يَعْنِىْ الزَّبِيْبَ) عَلَى غِذَائِكُمْ وَاشْرَبُوْهُ عَلَى عَشَائِكُمْ وَانْبُذُوْهُ عَلَى عَشَائِكُمْ وَاشْرَبُوْهُ عَلَى غِدَائِكُمْ وَانْبُذُوْهُ فِى الشِّنَانِ، وَلَا تَنْبُذُوْهُ فِى الْقُلَلِ. فَإِنَّهُ إِذَا تَأَخَّرَ عَنْ عَصْرِهِ صَارَ خَلًّا. (الصحيحة:١٥٧٣)

৮৩৩. ফাইরুয (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, (একদিন) আমরা রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললাম, ইয়া রাসূলাল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আপনি জানেন আমরা কারা, কোথা থেকে এসেছি এবং কোথায় যাব? রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ ও তাঁর রাসূলের নিকট। অত:পর আমরা বললাম, ইয়া রাসূলাল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমাদের প্রচুর আঙ্গুর আছে, আমরা সেগুলো কি করব? তিনি বললেন, সেগুলোকে কিসমিস বানাও। আমরা বললাম, কিসমিস দিয়ে আমরা কি করব? তিনি বললেন, সকালে নাবীয বানিয়ে রাতে পান করবে। আর রাতে নাবীয বানিয়ে সকালে পান করবে। ছোট পুরাতন মশকে নাবীয বানাবে, মটকায় নাবীয বানাবে না কেননা তা নিংড়াতে বিলম্ব হলে সিরকা হয়ে যাবে।

(সহীহাহ্ হা. ১৫৭৩)

হাদীসটি সহীহ।

আবূ দাউদ হাঃ ৩৬১০; নাসাঈ তাঁর সুনানের (২/৩৩৬) এবং আহমাদ তাঁর মুসনাদের (৪/২৩২)-তে একাধিক সূত্রে ইয়াহয়া ইবনু আবূ আমর এর থেকে রিওয়ায়াত করেছেন।

শাইখল আলবানী (র) বলেনঃ সানাদটি সহীহ এবং এর সকল রাবী মুসলিমের রাবী।

٨٣٤ـ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ : أَنَّهَا كَانَتْ إِذَا ثَرَدَتْ غَطَّتْهُ شَيْئًا حَتَّى يَذْهَبَ فَوْرُهُ وَدُخَانُهُ . ثُمَّ تَقُوْلُ : إِنِّي سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ إِنَّهُ أَعْظَمُ لِلْبَرَكَةِ. (الصحيحة: ٣٩٢، ٦٥٩)

৮৩৪. আসমা বিনতি আবূ বাক্‌র (রা.) থেকে বর্ণিত। যখনই তাঁর নিকট সারীদ আনা হত, তখন এর ধোঁয়ার গরম বাষ্প নিঃশেষ হওয়া পর্যন্ত তিনি তা ঢেকে রাখতেন এবং তিনি বলতেন, আমি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, এতে বিরাট বরকত রয়েছে।

(সহীহাহ্ হা. ৩৯২, ৬০৯)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম দারেমী তাঁর সুনানের (২/১০০); ইবনু হিব্বান তাঁর সহীহার হাঃ ১৩৪৪; হাকিম তাঁর মুসতাদরাকের (৪/১১৮); ইবনু আবিদ দুনিয়া তাঁর 'আল জু' এর (২/১৪) এবং বাইহাকী তাঁর সুনানের (৭/২৮০)-তে কুর্‌রা ইবনু আব্দুর রহমান থেকে রিওয়ায়াত করেছেন। ইমাম হাকিম হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন।

٨٣٥- قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّهَا مُبَارَكَةٌ، إِنَّهَا طَعَامُ طُعْمٍ). جَاءَ مِنْ حَدِيْثِ أَبِىْ ذَرٍّ، وَابْنِ عَبَّاسٍ. وَهٰذَا حَدِيْثُ أَبِىْ ذَرٍّ رَضِيَ اللهُ عَنْهُ: عَنْ أَبِىْ ذَرٍّ قَالَ: خَرَجْنَا مِنْ قَوْمِنَا غِفَارٍ وَكَانُوْا يُحِلُّوْنَ الشَّهْرَ الْحَرَامَ، فَخَرَجْتُ أَنَا وَأَخِي أُنَيْسٌ وَأُمُّنَا، فَنَزَلْنَا عَلٰى خَالٍ لَنَا، فَأَكْرَمَنَا خَالُنَا، وَأَحْسَنَ إِلَيْنَا، فَحَسَدَنَا قَوْمُهُ، فَقَالُوْا: إِنَّكَ إِذَا خَرَجْتَ عِنْ أَهْلِكَ خَالَفَ إِلَيْهِمْ أُنَيْسٌ، فَجَاءَ خَالُنَا، فَنَثَا عَلَيْنَا الَّذِيْ قِيْلَ لَهُ. فَقُلْتُ: أَمَّا مَا مَضَى مِنْ مَعْرُوْفِكَ فَقَدْ كَدَّرْتَهُ، وَلَا جِمَاعَ لَكَ فِيْمَا بَعْدُ، فَقَرَّبْنَا صِرْمَتَنَا فَاحْتَمَلْنَا عَلَيْهَا، وَتَغَطَّى خَالُنَا ثَوْبَهُ، فَجَعَلَ يَبْكِيْ، فَانْطَلَقْنَا حَتّٰى نَزَلْنَا بِحَضْرَةِ مَكَّةَ، فَنَافَرَ أُنَيْسٌ عَنْ صِرْمَتِنَا وَعَنْ مِثْلِهَا، فَأَتَيَا الْكَاهِنَ، فَخَيَّرَ أُنَيْساً، فَأَتَانَا أُنَيْسٌ بِصِرْمَتِنَا وَمِثْلِهَا مَعَهَا، قَالَ: وَقَدْ صَلَّيْتُ يَا ابْنَ أَخِيْ! قَبْلَ أَنْ أَلْقَى رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِثَلَاثِ سِنِيْنَ، قُلْتُ: لِمَنْ؟ قَالَ: لِلّٰهِ، قُلْتُ: فَأَيْنَ تُوَجِّهُ؟ قَالَ: أَتَوَجَّهُ حَيْثُ يُوَجِّهُنِيْ رَبِّيْ، أُصَلِّيْ عِشَاءً حَتّٰى إِذَا كَانَ مِنْ آخِرِ اللَّيْلِ، أُلْقِيْتُ كَأَنِّيْ خِفَاءٌ حَتّٰى تَعْلُوَنِيَ الشَّمْسُ، فَقَالَ أُنَيْسٌ: إِنَّ لِيْ حَاجَةً بِمَكَّةَ فَاكْفِنِيْ، فَانْطَلَقَ أُنَيْسٌ، حَتّٰى أَتَى مَكَّةَ، فَرَاثَ عَلَيَّ، ثُمَّ جَاءَ، فَقُلْتُ: مَا صَنَعْتَ قَالَ: لَقِيْتُ رَجُلاً بِمَكَّةَ عَلٰى دِيْنِكَ، يَزْعُمُ أَنَّ اللهَ أَرْسَلَهُ، قُلْتُ: فَمَا يَقُوْلُ النَّاسُ ؟ قَالَ: يَقُوْلُوْنَ: شَاعِرٌ، كَاهِنٌ، سَاحِرٌ، وَكَانَ أُنَيْسٌ أَحَدَ الشُّعَرَاءِ، قَالَ أُنَيْسٌ: لَقَدْ سَمِعْتُ قَوْلَ الْكَهَنَةِ، فَمَا هُوَ بِقَوْلِهِمْ، وَلَقَدْ وَضَعْتُ قَوْلَهُ عَلٰى أَقْرَاءِ الشِّعْرِ، فَمَا يَلْتَئِمُ عَلٰى لِسَانِ أَحَدٍ بَعْدِيْ أَنَّهُ شِعْرٌ، وَاللهِ! إِنَّهُ لَصَادِقٌ، وَإِنَّهُمْ

لَكَاذِبُوْنَ، قَالَ: قُلْتُ: فَاكْفِنِيْ حَتَّى أَذْهَبَ فَأَنْظُرَ، قَالَ: فَأَتَيْتُ مَكَّةَ، فَتَضَعَّفْتُ رَجُلاً مِنْهُمْ، فَقُلْتُ: أَيْنَ هٰذَا الَّذِيْ تَدْعُوْنَهُ الصَّابِيءَ؟ فَأَشَارَ إِلَيَّ، فَقَالَ: اَلصَّابِيءُ؟! فَمَالَ عَلَيَّ أَهْلُ الْوَادِيْ بِكُلِّ مُدْرَةٍ وَعَظْمٍ حَتَّى خَرَرْتُ مَغْشِيّاً عَلَيَّ، قَالَ: فَارْتَفَعْتُ حِيْنَ ارْتَفَعْتُ كَأَنِّيْ نُصْبٌ أَحْمَرُ، قَالَ: فَأَتَيْتُ زَمْزَمَ، فَغَسَلْتُ عَنِّي الدِّمَاءَ، وَشَرِبْتُ مِنْ مَائِهَا، وَلَقَدْ لَبِثْتُ يَا ابْنَ أَخِيْ ثَلَاثِيْنَ بَيْنَ لَيْلَةٍ وَيَوْمٍ، مَا كَانَ لِيْ طَعَامٌ إِلَّا مَاءُ زَمْزَمَ، فَسَمِنْتُ حَتَّى تَكَسَّرَتْ عُكَنُ بَطْنِيْ، وَمَا وَجَدْتُ عَلَى كَبِدِيْ سُخْفَةَ جُوْعٍ، قَالَ: فَبَيْنَا أَهْلُ مَكَّةَ فِيْ لَيْلَةٍ قَمْرَاءَ إِضْحِيَانٍ؛ إِذْ ضَرَبَ عَلَى أَسْمِخَتِهِمْ، فَمَا يَطُوْفُ بِالْبَيْتِ أَحَدٌ، وَامْرَأَتَانِ مِنْهُمْ تَدْعُوَانِ إِسَافاً وَنَائِلَةَ، قَالَ: فَأَتَتَا عَلَيَّ فِيْ طَوَافِهِمَا، فَقُلْتُ: أَنْكِحَا أَحَدُهُمَا الْأُخْرَى، قَالَ: فَمَا تَنَاهَتَا عَنْ قَوْلِهِمَا، قَالَ: فَأَتَتَا عَلَيَّ، فَقُلْتُ هُنَّ مِثْلُ الْخَشَبَةِ، غَيْرَ أَنِّيْ لَا أُكَنِّيْ، فَانْطَلَقَتَا تُوَلْوِلَانِ وَتَقُوْلَانِ: لَوْ كَانَ هَاهُنَا أَحَدٌ مِنْ أَنْفَارِنَا! قَالَ: فَاسْتَقْبَلَهُمَا رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُوْ بَكْرٍ وَهُمَا هَابِطَانِ، قَالَ: مَا لَكُمَا؟ قَالَتَا: اَلصَّابِيءُ بَيْنَ الْكَعْبَةِ وَأَسْتَارِهَا، قَالَ: مَا قَالَ لَكُمَا؟ قَالَتَا: إِنَّهُ قَالَ لَنَا كَلِمَةً تَمْلَأُ الْفَمَ، وَجَاءَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى اسْتَلَمَ الْحَجَرَ، وَطَافَ بِالْبَيْتِ هُوَ وَصَاحِبُهُ، ثُمَّ صَلَّى، فَلَمَّا قَضَى صَلَاتَهُ قَالَ أَبُوْ ذَرٍّ: فَكُنْتُ أَنَا أَوَّلَ مَنْ حَيَّاهُ بِتَحِيَّةِ الْإِسْلَامِ، قَالَ: فَقُلْتُ: اَلسَّلَامُ عَلَيْكَ يَا رَسُوْلَ اللهِ! فَقَالَ: وَعَلَيْكَ وَرَحْمَةُ اللهِ ، ثُمَّ قَالَ: مِنْ أَنْتَ؟ قَالَ: قُلْتُ : مِنْ غِفَارٍ، قَالَ: فَأَهْوَى بِيَدِهِ، فَوَضَعَ أَصَابِعَهُ عَلَى جَبْهَتِهِ، فَقُلْتُ فِيْ نَفْسِيْ: كَرِهَ أَنْ انْتَمَيْتُ

Contents

إِلٰى غِفَارٍ؟! فَذَهَبْتُ آخُذُ بِيَدِهِ، فَقَدَعَنِيْ صَاحِبُهُ وَكَانَ أَعْلَمَ بِهِ مِنِّيْ ثُمَّ رَفَعَ رَأْسَهُ، ثُمَّ قَالَ: مَتٰى كُنْتَ هَاهُنَا. قَالَ : قُلْتُ: قَدْ كُنْتُ هَاهُنَا مِنْذُ ثَلَاثِيْنَ بَيْنَ لَيْلَةٍ وَيَوْمٍ، قَالَ : فَمَنْ كَانَ يُطْعِمُكَ؟ قَالَ: قُلْتُ: مَا كَانَ لِيْ طَعَامٌ إِلَّا مَاءُ زَمْزَمَ، فَسَمِنْتُ حَتّٰى تَكَسَّرَتْ عُكَنُ بَطْنِيْ، وَمَا أَجِدُ عَلٰى كَبِدِيْ سُخْفَةَ جُوْعٍ. قَالَ: إِنَّهَا مُبَارَكَةٌ، إِنَّهَا طُعَامُ طُعْمٍ. فَقَالَ أَبُوْ بَكْرٍ: يَا رَسُوْلَ اللهِ! إِئْذَنْ لِيْ فِيْ طَعَامِهِ اللَّيْلَةَ؟! فَانْطَلَقَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُوْ بَكْرٍ، وَانْطَلَقْتُ مَعَهُمَا. فَفَتَحَ أَبُوْ بَكْرٍ بَاباً، فَجَعَلَ يَقْبِضُ لَنَا مِنْ زَبِيْبِ الطَّائِفِ، وَكَانَ ذٰلِكَ أَوَّلَ طَعَامٍ أَكَلْتُهُ بِهَا، ثُمَّ غَبَرْتُ مَا غَبَرْتُ، ثُمَّ أَتَيْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنَّهُ قَدْ وُجِّهَتْ لِيْ أَرْضٌ ذَاتُ نَخْلٍ، لَا أُرَاهَا إِلَّا يَثْرِبَ؛ فَهَلْ أَنْتَ مُبَلِّغٌ عَنِّيْ قَوْمَكَ، عَسَى اللهُ أَنْ يَنْفَعَهُمْ بِكَ وَيَأْجُرَكَ فِيْهِمْ. فَأَتَيْتُ أُنَيْساً، فَقَالَ: مَا صَنَعْتَ؟ قُلْتُ: صَنَعْتُ أَنِّيْ قَدْ أَسْلَمْتُ وَصَدَّقْتُ، قَالَ: مَا بِيْ رُغْبَةٌ عَنْ دِيْنِكَ؛ فَإِنِّيْ قَدْ أَسْلَمْتُ وَصَدَّقْتُ. فَأَتَيْنَا أُمَّنَا فَقَالَتْ: مَا بِيْ رُغْبَةٌ عَنْ دِيْنِكُمَا، فَإِنِّيْ قَدْ أَسْلَمْتُ وَصَدَّقْتُ. فَاحْتَمَلْنَا حَتّٰى أَتَيْنَا قَوْمَنَا غِفَاراً، فَأَسْلَمَ نِصْفُهُمْ، وَكَانَ يَؤُمُّهُمْ إِيْمَاءُ بْنُ رَحْضَةَ الْغِفَارِيْ، وَكَانَ سَيِّدُهُمْ، وَقَالَ نِصْفُهُمْ: إِذَا قَدِمَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِيْنَةَ أَسْلَمْنَا. فَقَدِمَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِيْنَةَ، فَأَسْلَمَ نِصْفُهُمُ الْبَاقِيْ، وَجَاءَتْ أَسْلَمُ، فَقَالُوْا: يَا رَسُوْلَ اللهِ! إِخْوَتُنَا؛ نُسْلِمُ عَلٰى الَّذِيْ أَسْلَمُوْا عَلَيْهِ! فَأَسْلَمُوْا. فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: غِفَارٌ غَفَرَ اللهُ لَهَا، وَأَسْلَمُ سَالَمَهَا اللهُ. (الصحيحة: ٣٥٨٥)

৮৩৫. রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিশ্চয়ই এর (যমযমের) পানি বরকতময় (এবং) নিশ্চয়ই এর (যমযমের) পানি স্বাদের খাবার। হাদীসটি আবূ যার এবং ইবনু আব্বাস (রা.)[16] থেকে বর্ণিত। আর এটি আবূ যারের হাদীস। আবূ যার (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা একদিন আমাদের গিফার সম্প্রদায়ের সঙ্গে (বেড়াতে) বের হলাম। তারা হারাম মাসকে হালাল মনে করত। আমি আমার ভাই উনাইস এবং আমাদের মাতা ও তাদের সঙ্গে বের হলাম এবং আমাদের মামার বাড়িতে এসে মেহমান হলাম। আমাদের মামা আমাদের খুব সমাদার করলেন। এতে তার কওম হিংসা করে (মামাকে লক্ষ্য করে) বলল, আপনি যখন আপনার পরিবার রেখে বের হয়েছিলেন তখন উনাইস তাদের সঙ্গে মন্দ আচরণ করেছে।

অত:পর মামা এসে তার সম্পর্কে যা বলা হয়েছে তা নিয়ে আলোচনা করে মীমাংসা করে দিলেন (যাতে আমরা আর বাদানুবাদে লিপ্ত না হই)। অত:পর আমি বললাম, আপনি আমাদের সঙ্গে পূর্বে যে সদাচারণ করেছেন (আপনার) সম্প্রদায় তা ঘোলাটে করে দিয়েছে। এরপর আমরা আপনার এখানে আর এক মুহূর্তও থাকব না। অত:পর আমরা আমাদের উটের পাল এনে তাতে সাওয়ার হলাম। আর আমাদের মামা কাপড় দিয়ে মুখ ঢেকে কাঁদতে শুরু করলেন। আর আমরা পথ চলে মক্কার নিকটে এসে অবতরণ করলাম। উনাইস আমাদের উটের পালসমূহ এবং এ জাতীয় আরো অন্যান্য উটের পাল নিয়ে পলায়ন করল এবং গণকের নিকট আসলে গণক তাকে দুটি জিনিসের যে কোন একটিকে গ্রহণের ইচ্ছাধিকার দিল।

অবশেষে উনাইস আমাদের উটের পাল এবং এর মতো অন্যান্য উটের পাল নিয়ে আমাদের নিকট ফিরে এল। সে (ফিরে এসে) বলল, হে আমার

---

16 শাইখ আলবানী (র) অত্র হাদীসের (৭/১৫৬২) টীকাতে বলেন, ইবনু আব্বাসের হাদীসটি ইমাম তাবারানী প্রমুখগণ خَيْرُ مَاءٍ عَلَى وَجْهِ الْأَرْضِ مَاءُ زَمْزَمَ؛ فِيْهِ طَعَامٌ مِّنَ الطُّعْمِ، وَشِفَاءٌ مِّنَ السَّقَمِ শব্দে রিওয়ায়াত করেছেন যা এ সিলসিলার ১০৫৬ নং হাদীসে তাখরীজ করেছেন। আমি বলব, হাদীসটি এ কিতাবের ১৫৫০ নং হাদীসে উল্লেখ রয়েছে। *–তাজরীদকারক।*

ভাতিজা! রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে আমার সাক্ষাতের তিন বছর পূর্ব হতে আমি সলাত পড়ি। আমি বললাম কার জন্য? তিনি বললেন, আল্লাহর জন্য। আমি বললাম, কোন দিকে ফিরে? সে বলল, আমার রব যেদিকে আমাকে ফিরান (সেদিকে ফিরে সলাত পড়ি)। ঈশার সলাত পড়ি এমনকি যখন শেষ রাত হয় তখন চাদরের ন্যায় মাটিতে সূর্যোদয় পর্যন্ত ঘুমাই। অত:পর উনাইস বলল, মক্কায় আমার কিছু প্রয়োজন আছে। তুমি আমার জন্য যথেষ্ট হও। সুতরাং উনাইস চলে মক্কায় এসে পড়ল এবং ফিরতে বিলম্ব করল। অত:পর সে ফিরে এলে আমি তাকে বললাম, (মক্কায়) কি করলে? উনাইস বলল, মক্কায় তোমার ধর্মাবলম্বী এক ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করেছি সে নিজেকে আল্লাহর রাসূল বলে ধারণা করে। আমি বললাম, লোকেরা (তাঁর সম্পর্কে) কি বলে? সে বলল, লোকেরা তাঁকে কবি, গণক এবং যাদুকর বলে। উনাইস ছিল একজন কবি। সে বলল, আমি গণকের কথা শুনেছি তাঁর কথা গণকের কথার মতো নয়। তাঁর কথা আমি কবিতার বিভিন্ন প্রকার ছন্দের সাথে মিলিয়েছি। আমার পরে কেউ এ কথার দাবি করতে পারবে না যে এটা কবিতা। আল্লাহর কসম! নিঃসন্দেহে তিনি সত্যবাদী। আর তারা মিথ্যাবাদী।

আবূ যার বলেন, আমি তাকে বললাম, তুমি থাক আমি গিয়ে তাকে (একনজর) দেখে আসি। আবূ যার বলেন, অত:পর আমি মক্কায় পৌঁছে তাদের একজন ব্যক্তিকে দুর্বল মনে করে তাকে জিজ্ঞেস করলাম সে লোকটি কোথায় যাকে তোমরা "সাবায়ী" বল? সে আমার দিকে ইশারা করে বলল, "সাবায়ী" (এ সাবায়ী এর লোক)? ফলে উপত্যকাবাসী হাড্ডি এবং অস্ত্র (ছুড়ি ইত্যাদি) দিয়ে আমার উপর আক্রমণ করল; আমি বেহুঁশ হয়ে পড়ে গেলাম। আবূ যার বলেন, অত:পর আমি যখন উঠলাম দেখলাম আমি রক্তে রঞ্জিত একটি কাষ্ঠের অনুরূপ। তিনি বলেন, এরপর যমযমের নিকটে এসে আমার রক্ত ধৌত করলাম এবং যমযমের পানি পান করলাম। হে ভাতিজা! আমি ৩০ দিন ৩০ রাত সেখানে ছিলাম।

যমযমের পানি ছাড়া আমার আর কোন খাবার ছিল না। (যমযমের পানি খেয়ে) আমি নাদুসনুদুস হয়ে উঠলাম, এমনকি আমার পেটের ভাঁজ

দূর হয়ে গেল। আর আমি আমার অন্তরে ক্ষুধার কোন দুর্বলতা অনুভব করলাম না। অত:পর (একদিন) চাদনী রাতে মক্কাবাসীর কানে (হঠাৎ) আওয়াজ এসে পৌঁছল তখন কেউ তওয়াফ করছিল না। তাদের দু'জন মহিলা রাগে শত্রু থেকে মতলব হাসিলের উদ্দেশ্যে তারা তাদের (সম্প্রদায়ের লোকদেরকে) ডাকতে লাগল। তিনি বলেন, অত:পর তারা তওয়াফ করতে করতে আমার নিকট এসে পৌঁছল। আমি তাদেরকে বললাম, তোমরা একে অপরকে বিবাহ বন্ধনে আবদ্ধ করে দাও। তিনি বলেন, তারা তাদের কথা থেকে নিবৃত্ত হলো না। তিনি বলেন, (আবার) তারা আমার নিকট এল, আমি তাদের উপনাম না নিয়ে বললাম, তারা (মহিলারাতো) কাষ্ঠখণ্ডের মতো।

অত:পর তারা একথা বলতে বলতে চলে গেল যে আজ এখানে আমাদের কোন লোকজন থাকলে (বেটাকে) দেখিয়ে দিতাম। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবূ বাকর এর অবতরণের সময় তাদের সঙ্গে সাক্ষাৎ হয়। নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তাদেরকে) বললেন, তোমাদের কি হলো? তারা বলল, কা'বা ও তার পর্দার মাঝে (একজন) সাবায়ী আছে। নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের কে বলল যে, সে সাবায়ী? তারা উভয়ে বলল যে, সে আমাদের সম্পর্কে একটি জঘন্য কথা বলেছে। অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে হাজরে আসওয়াদ চুম্বন করলেন এবং তিনি ও তাঁর সঙ্গী একসঙ্গে বাইতুল্লাহর তাওয়াফ করলেন। আর সলাত পড়লেন।

আবূ যার বলেন, তিনি যখন সলাত শেষ করেন, তখন সর্বপ্রথম আমি তাঁকে ইসলামের সালাম দিলাম। তিনি বলেন, আমি বললাম, "আসসালামু আলাইকা ইয়া রাসূলাল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম"! উত্তরে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তোমার উপরও আল্লাহর শান্তি এবং রহমাত বর্ষিত হোক"। এরপর বললেন, কে তুমি? তিনি বলেন, আমি বললাম, গিফার গোত্রের লোক। আবূ যার বলেন, তখন তিনি তাঁর হাত দিয়ে ইশারা করে ললাটে তাঁর আঙ্গুল রাখলেন, আমি মনে মনে বললাম, সম্ভবত গিফার গোত্রের দিকে সম্পৃক্ত হওয়াকে তিনি অপছন্দ করলেন।

অত:পর আমি তাঁর হাত ধরতে গেলাম– তখন তাঁর সঙ্গী আমাকে বাধা দিল। আর এ বিষয়ে তিনি আমার চেয়ে বেশি জানতেন। এরপর তিনি তাঁর মাথা উঠিয়ে (আমাকে) বললেন, তুমি এখানে কতদিন ধরে? আবূ যার বলেন, ৩০ দিন ৩০ রাত্র ধরে। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, কে তোমাকে খাওয়াতো? আবূ যার বলেন, আমি বললাম, আমার খাবার ছিল শুধু যমযমের পানি। আর (এ পানি খেয়ে) আমি নাদুসনুদুস হয়ে গেছি। এমনকি আমার পেটের ভাঁজ (পর্যন্ত) সেরে গেছে আর আমি আমার অন্তরে ক্ষুধার কোন দুর্বলতা অনুভব করিনা। তখন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যমযমের পানি হলো বরকতময় এবং স্বাদের খাবার।

অত:পর আবূ বাক্‌র বললেন, ইয়া রাসূলাল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমাকে (আজ) রাতে তাঁর মেহমানদারী করার অনুমতি দিন? অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবূ বাক্‌র চলতে লাগলেন। আমিও তাঁদের সঙ্গে চলতে লাগলাম। অত:পর (বাড়ি পৌঁছে) আবূ বাক্‌র (ঘরের) দরজা খুলে আমাদের জন্য তায়েফের কিসমিস নিয়ে এলো। এটা ছিল আমার মক্কায় খাওয়া সর্বপ্রথম খাবার। আমি সেখানে অনেকদিন অবস্থান করলাম। অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলে তিনি (আমাকে) বলেন, আমাকে খেজুর বৃক্ষের ভূমিতে গমন করতে হবে। আমার ধারণা সেটা ইয়াসরিব। তুমি তোমার কওমের নিকট আমার কথা কি পৌঁছে দিবে, হতে পারে তোমার দ্বারা আল্লাহ তাদের উপকার করবেন এবং তাদের ব্যাপারে তোমাকে সাওয়াব দিবেন। অত:পর (সেখান থেকে ফিরে) আমি উনাইসের নিকট চলে এলাম। সে (আমাকে) বলল, (এতক্ষণ সেখানে) কি করলে? আমি উত্তর দিলাম, আমি মুসলমান হয়ে গেছি এবং বিশ্বাস করেছি। অত:পর সে বলল, তোমার দ্বীন থেকে আমিও বিমুখ নই। আমিও ইসলাম গ্রহণ করেছি এবং সত্যায়ন করেছি।

অত:পর আমরা আমাদের 'মা'-এর নিকট আসলাম। মা বললেন, তোমাদের দ্বীন থেকে আমিও বিমুখ নই। কারণ আমি ইসলাম গ্রহণ করেছি এবং সত্যায়ন করেছি। অত:পর আমরা আরোহণ করে আমাদের গিফার

সম্প্রদায়ের নিকট চলে এলাম। অত:পর (আমাদের দাওয়াতে) তাঁদের অর্ধেক মানুষ ইসলাম গ্রহণ করল। তাঁদের সলাতের ইমামতী করত ইমা ইবনু রাহদাহ আল-গিফারী এবং তিনি ছিলেন তাদের সর্দার। আর তাদের অর্ধেক লোক বলল, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আগমন করলে আমরা ইসলাম গ্রহণ করব।

অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আগমন করলে বাকি অর্ধেক লোকও ইসলাম গ্রহণ করল এবং আসলাম গোত্রের লোকেরা (এসে) বলল, ইয়া রাসূলাল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমাদের ভাইয়েরা তার উপর সালাম করছে যার উপর তারা মুসলমান হয়েছে এবং তারা মুসলমান হয়ে গেল। অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, গিফার গোত্রকে আল্লাহ ক্ষমা করেছেন আর আসলাম গোত্রের সঙ্গে আল্লাহ সন্ধি (সমঝোতা) করেছেন। (সহীহাহ্ হা. ৩৫৮৫)

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ বাক্‌র ইবনু আবী শাইবা তাঁর মুসান্নাফের ১৪শ খণ্ডের ৩১৮ পৃষ্ঠায়; ইবনু সাদ আত-তাবকাতুল কুবরায় ৪১ খণ্ডের ১৬২ পৃষ্ঠায়; আনূ নুআঈম আল-আসবাহানী দালাইলুন নুবুওয়াতের ১ম খণ্ডের ৮৫ পৃষ্ঠায়; বাইহাকী দালাইলুন নুবুওয়াতের ২য় খণ্ডের ২১১ পৃষ্ঠায়; এবং আসসুনানুল কুবরার ৫ম খণ্ডের ১৪৮ পৃষ্ঠায়; তাবারানী আল-মুজামুল কাবীর ও আল-মু'জামুস সগীরের ২য় খণ্ডের ১৬৩ পৃষ্ঠা ও ১ম খণ্ডের ১০৬ পৃষ্ঠায় এবং ইমাম মুসলিম ফাযাইলুস-সাহাবা হাঃ ১৩২ সহীহ গ্রন্থে রিওয়ায়াত করেছেন।

٨٣٦ـ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بِلَبَنٍ قَدْ شُيِّبَ بِمَاءٍ وَعَنْ يَمِيْنِهِ أَعْرَابِيٌّ وَعَنْ شِمَالِهِ أَبُوْ بَكْرٍ، فَشَرِبَ، ثُمَّ أَعْطَى الْأَعْرَابِيَّ، وَقَالَ: اَلْأَيْمَنُ فَالْأَيْمَنُ. وَفِيْ طَرِيْقٍ: اَلْأَيْمَنُوْنَ اَلْأَيْمَنُوْنَ. أَلَا فَيَمِّنُوْا. (الصحيحة: ١٧٧١)

৮৩৬. আনাস ইবনু মালিক (রা.) রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, একদিন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য (একটি গৃহপালিত বকরীর দুধ দোহন করে) পানি মেশানো দুধ উপস্থিত করা হয়। এ সময় তাঁর ডানে ছিল এক বেদুঈন আর বামে ছিল

আবূ বাক্র। তিনি (তা) পান করে বেদুঈনকে দিলেন আর বললেন, ডানদিকের তৎপর তার ডানদিকের ব্যক্তিরই হক প্রথমে রয়েছে। অপর বর্ণনায়, ডানে যারা রয়েছে, তারপর ডানে যারা রয়েছে তারা হকদার। সাবধান! ডানপার্শ্বওয়ালাদের অগ্রাধিকার দাও। (সহীহাহ্ হা. ১৭৭১)

হাদীসটি সহীহ।

ইমাম মালিকের মুয়াত্তায় ৯২৬; ইমাম বুখারী তাঁর সহীহার ৩য় খণ্ডের ১৪৪ পৃষ্ঠায়; ইমাম মুসলিম 'কিতাবুল আশরিবা' ১২৪; আবূ দাউদ সুনানের হাঃ ৩৭২৬; ইমাম তিরমিযী ১৮৯৩; ইবনু মাজাহ ৩৪২৫; ইমাম আহমদ মুসনাদের ৩য় খণ্ডের ১১০ পৃষ্ঠায়; আব্দুর রাজ্জাক মুসান্নাফে ১৯৫৮২ এবং ইবনু সা'দ তাঁর আত-তাবাকাতুল কুবরা'র ৭ম খণ্ডের ১২ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٣٧ـ عَنْ رَجُلٍ خَدَمَ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَمَانَ سِنِيْنَ أَنَّهُ كَانَ يَسْمَعُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا قُرِّبَ إِلَيْهِ الطَّعَامُ يَقُوْلُ: بِسْمِ اللهِ، فَإِذَا فَرَغَ قَالَ: اَللّٰهُمَّ أَطْعَمْتَ وَأَسْقَيْتَ وَأَقْنَيْتَ وَهَدَيْتَ وَأَحْيَيْتَ. فَلِلّٰهِ الْحَمْدُ عَلٰى مَا أَعْطَيْتَ. (الصحيحة: ٧١)

৮৩৭. একজন সাহাবী ৮ (আট) বছর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খেদমত করেছেন। তাঁর থেকে বর্ণিত যে, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট খাবার পেশ করা হলে তিনি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে 'বিসমিল্লাহ' বলতে শুনেছেন। আর খাবার শেষ করার পর তিনি এ দু'আ পড়তেন–

اَللّٰهُمَّ أَطْعَمْتَ وَأَسْقَيْتَ وَأَقْنَيْتَ وَهَدَيْتَ وَأَحْيَيْتَ. فَلِلّٰهِ الْحَمْدُ عَلٰى مَا أَعْطَيْتَ

হে আল্লাহ! আপনি আমাকে খাওয়ায়েছেন, পান করিয়েছেন, সম্পদশালী করিয়েছেন, হিদায়াত দান করেছেন এবং জীবিত রেখেছেন। সুতরাং সকল প্রশংসা একমাত্র আল্লাহর জন্য তাঁর এ দানের কারণে।

(সহীহাহ্ হা. ৭১)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৪/৬২, ৫/৩৭৫); আবুশ শায়েখ আখলাকুন নাবী এর ২৩৮ পৃষ্ঠায় বাকর ইবনু আমর-এর সূত্রে বর্ণনা করেছেন।

Contents

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ এবং এর সকল রাবী সিকাহ ও মুসলিমের রাবী।

٨٣٨ـ عَنْ عَائِشَةَ : أَنَّهُمْ ذَبَحُوْا شَاةً ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا بَقِيَ مِنْهَا؟ قَالَتْ : مَا بَقِيَ مِنْهَا إِلَّا كَتِفُهَا. قَالَ : بَقِيَ كُلُّهَا غَيْرَ كَتِفِهَا. (الصحيحة:٢٥٤٤)

৮৩৮. আয়িশা (রা) হতে বর্ণিত। একদিন সাহাবায়ীকিরাম বকরী যবেহ করলে রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম তাঁদের লক্ষ্য করে বললেন, বকরীর কিছু (অবশিষ্ট অংশ) আছে কী? আয়িশা (রা) বললেন, বকরীর পাজর ছাড়া আর কিছুই অবশিষ্ট নেই। রাসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন, পাজর ছাড়া তার সবই রয়েছে। **(সহীহাহ্ হা. ২৫৪৪)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম তিরমিযী ও তাঁর সুনানের (২/৭৭)-তে এবং আহমাদ তাঁর মুসনাদের (৬/৫০)-তে ইয়াহয়া ইবনু সাঈদ এর সানাদে আয়িশা থেকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি সহীহ। হাদীসটির একাধিক তুরুক রয়েছে এবং আবু হুরাইরার (রা.) হাদীস-এর শাহেদ। তুরুকসমূহের একটি আবূ নুআঈম তাঁর আল-হিলয়া এর (৫/২৩)-তে উল্লেখ করেছেন। আর শাহেদটি মুসনাদে বায্যারে ৯৯ পৃষ্ঠায় উল্লেখ রয়েছে।

٨٣٩ـ عَنْ سَلْمٰى أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : بَيْتٌ لَا تَمَرَ فِيْهِ ، كَالْبَيْتِ لَا طَعَامَ فِيْهِ. (الصحيحة:١٧٧٦)

৮৩৯. সালমা (রা.) নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। যে ঘরে খেজুর নেই তা ঐ ঘরের মতো যাতে কোন খাবার নেই। **(সহীহাহ্ হা. ১৭৭৬)**

হাদীসটি সহীহ।

ইমাম ইবনু মাজাহ তাঁর সুনানের হা: ৩৩২৮; আলী মুত্তাকী আল-হিন্দী তাঁর কানযুল উম্মাল এর হা: ৩৫৩০৩-তে এবং ইমাম হালাবী তাঁর আল-আহকামুন-নাবারিয়্যাহ ফিস-সালাআতিত তিব্বিয়্যাহ এর (২/১৩৯)-তে হাদীসটি রিওয়ায়াত করেছেন। তাছাড়া হাদীসটির বিভিন্ন শাহেদ ইমাম মুসলিম তাঁর সহীহর হা: ১৫৩ এবং ইমাম তিরমিযী তাঁর সুনানের হা: ১৮১৫ এ রিওয়ায়াত করেছেন।

٨٤٠ـ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: ثَلَاثَةٌ لَا يَنْظُرُ اللهُ عَزَّ وَجَلَّ إِلَيْهِمْ يَوْمَ الْقِيَامَةِ: اَلْعَاقُّ لِوَالِدَيْهِ وَالْمَرْأَةُ الْمُتَرَجِّلَةُ وَالدَّيُّوْثُ. وَثَلَاثَةٌ لَا يَدْخُلُوْنَ الْجَنَّةَ: اَلْعَاقُّ لِوَالِدَيْهِ وَالْمُدْمِنُ الْخَمْرِ وَالْمَنَّانُ بِمَا أَعْطَى. (الصحيحة:٦٧٤)

৮৪০. আব্দুল্লাহ ইবনু উমার (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কিয়ামাত দিবসে তিন প্রকার ব্যক্তির প্রতি আল্লাহ দৃষ্টিপাত করবেন না: (ক) মাতা-পিতার সঙ্গে নাফরমানকারী; (খ) পতিতা এবং (গ) দাইউস (যে লোক তার পরিবারের কুকর্মকে স্বীকৃতি দেয়)। আর তিন প্রকার ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না: (ক) মাতা-পিতার সঙ্গে নাফরমানকারী; (খ) নিত্য মদ্যপায়ী এবং (গ) উপকার করে খোঁটাদানকারী। **(সহীহাহ্ হা. ৬৭৪)**

হাদীসটি সহীহ।

ইমাম নাসায়ী তাঁর সুনানের ৫ম খণ্ডের ৮০ পৃষ্ঠায়; বাইহাকী তাঁর সুনানে কুবরার ৫ম খণ্ডের ২৬৫ পৃষ্ঠায়; ইমাম হাকিম তাঁর মুসতাদরাকের ৪র্থ খণ্ডের ১৪৬, ১৪৭ পৃষ্ঠায়; হাইসামী তাঁর মাজমাউয্ যাওয়াইদের ৪র্থ খণ্ডের ৭৮ পৃষ্ঠায়; আবূ আওয়ানাহ তাঁর মুসনাদের ১ম খণ্ডের ৪০ পৃষ্ঠায়; মুনযিরী তাঁর আত-তারগীব ওয়াত-তারহীবের ২য় খণ্ডের ৫৮৭ পৃষ্ঠায় এবং ইমাম বুখারী তাঁর সহীহ'র ৩য় খণ্ডের ১৪৫ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٤١ـ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ (بْنِ عُمَرَ) عَنْ أَبِيْهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: حَرَّمَ اللهُ الْخَمْرَ، وَكُلُّ مُسْكِرٍ حَرَامٌ. (الصحيحة:١٨١٤)

৮৪১. সালিম ইবনু আব্দুল্লাহ ইবনু উমার তাঁর পিতা থেকে এবং তিনি নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, আল্লাহ মদকে হারাম করেছেন এবং নেশা সৃষ্টিকারী প্রত্যেক বস্তুই হারাম। **(সহীহাহ্ হা. ১৮১৪)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম নাসায়ী তাঁর মুজতাবায় ৮ম খণ্ডের ৩২৪ পৃষ্ঠায় এবং ইমাম তাবারানী তাঁর আল-মুজামুল কাবীরের ১২শ খণ্ডের ৩১৬ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন। তবে হাদীসটি অনুরূপ অর্থে ভিন্ন শব্দে বিভিন্ন কিতাবে বর্ণিত হয়েছে।

٨٤٢- قَالَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ: خَيْرُ تَمَرَاتِكُمْ اَلْبَرْنِيُّ، يَذْهَبُ بِالدَّاءِ وَلَا دَاءَ فِيْهِ. رُوِيَ مِنْ حَدِيْثِ بُرَيْدَةَ بْنِ الْحُصَيْبِ وَ أَنَسِ بْنِ مَالِكٍ وَ أَبِىْ سَعِيْدٍ الْخُدْرِيِّ وَ مَزِيْدَةَ جَدِّ هُوْدِ ابْنِ عَبْدِ اللّٰهِ وَ عَلِيِّ بْنِ أَبِىْ طَالِبٍ وَ بَعْضِ وَفْدِ عَبْدِ الْقَيْسِ. (الصحيحة: ١٨٤٤)

৮৪২. রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের খেজুরসমূহের মাঝে বুরনী খেজুর হলো সর্বশ্রেষ্ঠ। এটা রোগ নিরাময় করে এবং এতে কোন রোগ নেই। হাদীসটি বুরাইদাহ ইবনুল হুসাইব, আনাস ইবনু মালিক, আবূ সাঈদ খুদরী, হুদ ইবনু আব্দুল্লাহর দাদা মাযীদাহ, আলী ইবনু আবী তালিব এবং আব্দুল কায়িস প্রতিনিধি দলের কতিপয় সাহাবী থেকে বর্ণিত হয়েছে। **(সহীহাহ্ হা. ১৮৪৪)**

হাদীসটি সহীহ।

হাদীসটি শাইখ তাঁর সহীহাহ'র ১৮৪৪-তে পূনরায় উল্লেখ করেছেন। ইমাম হাকিম নাইসাবুরী তাঁর মুসতাদরাক আলাস সহীহাইনের ৪র্থ খণ্ডের ২৩৪ পৃষ্ঠায়; নুরুদ্দীন হাইসামী তাঁর মাজমাউয যাওয়াইদের ৫ম খণ্ডের ৪০ পৃষ্ঠায় এবং ইমাম বুখারী তাঁর তারীখে কাবীরের ৫ম খণ্ডের ১১২ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٤٣- عَنْ أَبِىْ هُرَيْرَةَ، قَالَ: سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ: الْخَمْرُ مِنْ هَاتَيْنِ الشَّجَرَتَيْنِ: اَلنَّخْلَةِ وَالْعِنَبَةِ.

(الصحيحة: ٣١٥٩)

৮৪৩. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, এ দু'প্রকারের গাছ থেকে মদ প্রস্তুত হয়– খেজুর ও আঙ্গুর। **(সহীহাহ্ হা. ৩১৫৯)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম মুসলিম সহীহর 'কিতাবুল আশরিবা' বাব নং ৪ হা: ১৩, ১৪; আবূ দাউদ হা: ৩৬৭৮; তিরমিযী ১৮৭৫; ইমাম নাসায়ী সুনানে কিতাবুল আশারিবা হা. ১৯; ইবনু মাজাহ সুনানে হা: ৩৩৭৮; ইমাম আহমাদ মুসনাদের ২য় খণ্ডের ২৭৯, ৪০৮, ৪০৯ এবং ইমাম তাহাবী শারহু মাআনিল আসারের ৪র্থ খণ্ডের ২১১ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٤٤ـ عَنْ ضِرَارِ بْنِ الْأَزْوَرِ قَالَ: بَعَثَنِى أَهْلِي بِلَقُوْحٍ (وَفِى رِوَايَةٍ: بِلِقْحَةٍ) إِلَى النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ بِهَا، فَأَمَرَنِى أَنْ أَحْلِبَهَا ثُمَّ قَالَ: دَعْ دَاعِىَ اللَّبَنِ. (الصحيحة:١٨٦٠)

৮৪৪. যিরার ইবনুল আযওয়ার (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার পরিবার অতি দুগ্ধবতী উটনী দিয়ে আমাকে নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পাঠালেন। আমি সেটি নিয়ে তাঁর নিকট আসলে তিনি আমাকে উটনীটির দুধ দোহন করতে বললেন। আর বললেন, সহজে দোহন করার জন্য দুধের যে অংশ ওলানে ছেড়ে দেয়া হয় তা ছেড়ে দাও। **(সহীহাহ্ হা. ১৮৬০)**

হাদীসটি সহীহ।

ইমাম আহমাদ তাঁর মুসনাদের ৪র্থ খণ্ডের ৭৬, ৩১১, ৩২২, ৩৩৯ পৃষ্ঠায়; দারেমী তাঁর মুসনাদের ২য় খণ্ডের ৮৮ পৃষ্ঠায়; বাইহাকী তাঁর সুনানে ৮ম খণ্ডের ১৪ পৃষ্ঠায়; হাকিম তাঁর মুসতাদরাকের ২য় খণ্ডের ৬৩ পৃষ্ঠা ও ৩য় খণ্ডের ২৩৭ পৃষ্ঠায় এবং তাবারানী আল-মু'জামুল কাবীরের ৮ম খণ্ডের ৩৫৪ পৃষ্ঠায় হাদীসটি রিওয়ায়াত করেছেন।

٨٤٥ـ عَنْ أَبِى هُرَيْرَةَ مَرْفُوْعًا: دَمُ عَفْرَاءَ أَحَبُّ إِلَى اللّٰهِ مِنْ دَمِ سَوْدَاوَيْنِ. (الصحيحة:١٨٦١)

৮৪৫. আবূ হুরাইরা (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। শুভ্র পশুর কুরবানী আল্লাহর নিকট দু'টি কালো পশুর কুরবানীর চেয়ে অধিক প্রিয়। **(সহীহাহ্ হা. ১৮৬১)**

হাদীসটি সহীহ।

ইমাম আহমাদ বিন হাম্বল তাঁর মুসনাদের ২য় খণ্ডের ৪১৭ পৃষ্ঠায়; হাফিয হাকিম তাঁর মুসতাদরাক গ্রন্থের ৪র্থ খণ্ডের ২২৭ পৃষ্ঠায়; বাইহাকী তাঁর সুনানে ৯ম খণ্ডের ২৭৩ পৃষ্ঠায়; নুরুদ্দীন হাইসামী মাজমাউয যাওয়াইদের ৪র্থ খণ্ডের ১৮ পৃষ্ঠায় এবং হাফিয ইবনু হাজার আল-আসকালানী তাঁর আত্-তালখীসুল হাবীরের ৪র্থ খণ্ডের ১৪২ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন।

٨٤٦ـ عَنْ عَلْقَمَةَ الْقُرَشِيِّ قَالَ: دَخَلْنَا بَيْتَ مَيْمُوْنَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَجَدْنَا فِيْهِ عَبْدَ اللهِ بْنَ عَبَّاسٍ، فَذَكَرْنَا الْوُضُوْءَ مِمَّا مَسَّتِ النَّارُ. فَقَالَ عَبْدُ اللهِ: رَأَيْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ مِمَّا مَسَّتْهُ النَّارُ. ثُمَّ يُصَلِّيْ وَلَا يَتَوَضَّأُ فَقَالَ لَهُ بَعْضُنَا: أَنْتَ رَأَيْتَهُ يَا ابْنَ عَبَّاسٍ؟ قَالَ: فَأَشَارَ بِيَدِهِ إِلَى عَيْنَيْهِ فَقَالَ: بَصُرَ عَيْنِيْ. (الصحيحة:٢١١٦)

৮৪৬. আলক্বামা আল-কুরাশী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন আমরা নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী মাইমুনাহ (রা.)-এর বাড়িতে প্রবেশ করলে আমরা সেখানে আব্দুল্লাহ ইবনু আব্বাস (রা.)কে পেলাম। (আর সেখানে) আগুন দ্বারা রান্না করা বস্তু খেয়ে অযূ করা প্রসঙ্গে আলোচনা করলাম। অত:পর আব্দুল্লাহ বললেন, আমি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি যে, তিনি আগুন দ্বারা রান্না করা বস্তু খেতেন এবং সলাত পড়তেন– তবে (তিনি) অযূ করতেন না। আমাদের একজন তাঁকে বলল, ইবনু আব্বাস! আপনি কি স্বচোক্ষে দেখেছেন? বর্ণনাকারী বলেন, অত:পর ইবনু আব্বাস তাঁর হাত দিয়ে চোখের দিকে ইশারা করলেন। আর বললেন, আমার চোখ প্রত্যক্ষ করেছে। **(সহীহাহ্ হা. ২১১৬)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (১/২৭২)-তে ইবনু আবুয যিনাদের সূত্রে রিওয়ায়াত করেছেন।

শাইখ আলবানী (র.) বলেন: হাদীসটির সানাদ হাসান। ওহাব ইবনু কাইসান এর মুতাবাআত করেছেন যা ইমাম মুসলিম তাঁর সহীহর (১/১৮৮)-তে; আবূ আওয়ানা তাঁর মুসনাদের (১/২৭২)-তে উল্লেখ করেছেন। আব্দুল হারিছ ইবনু বায (রা.) থেকে হাদীসটির একটি শাহেদ বিদ্যমান।

٨٤٧ـ عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى أُمَّ حَرَامٍ. فَأَتَيْنَاهُ بِتَمْرٍ وَسَمْنٍ فَقَالَ: رُدُّوْا هٰذَا فِيْ وِعَائِهِ وَ

هٰذَا فِىْ سِقَائِهٖ فَإِنِّىْ صَائِمٌ. قَالَ: ثُمَّ قَامَ فَصَلّٰى بِنَا رَكْعَتَيْنِ تَطَوُّعًا، فَأَقَامَ أُمَّ حَرَامٍ وَأُمَّ سُلَيْمٍ خَلْفَنَا، وَأَقَامَنِىْ عَنْ يَمِيْنِهٖ، فِيْمَا يَحْسِبُ ثَابِتٌ قَالَ: فَصَلّٰى بِنَا تَطَوُّعًا عَلٰى بِسَاطٍ، فَلَمَّا قَضٰى صَلَاتَهُ، قَالَتْ أُمُّ سُلَيْمٍ: إِنَّ لِىْ خُوَيْصَةً: خُوَيْدِمُكَ أَنَسٌ، اُدْعُ اللّٰهَ لَهُ، فَمَا تَرَكَ يَوْمَئِذٍ خَيْرًا مِنْ خَيْرِ الدُّنْيَا وَالْاٰخِرَةِ إِلَّا دَعَا لِىْ بِهٖ ثُمَّ قَالَ: اَللّٰهُمَّ أَكْثِرْ مَالَهُ وَوَلَدَهُ وَبَارِكْ لَهُ فِيْهِ، قَالَ أَنَسٌ: فَأَخْبَرَتْنِىْ ابْنَتِىْ أَنِّىْ قَدْ رُزِقْتُ مِنْ صُلْبِىْ بِضْعًا وَّتِسْعِيْنَ، وَمَا أَصْبَحَ فِى الْأَنْصَارِ رَجُلٌ أَكْثَرَ مِنِّىْ مَالًا، ثُمَّ قَالَ أَنَسٌ: يَا ثَابِتُ!، مَا أَمْلِكُ صَفْرَاءَ وَلَا بَيْضَاءَ إِلَّا خَاتِمِىْ!.

(الصحيحة: ١٤١)

৮৪৭. সাবিত (র.) আনাস ইবনু মালিক (রা.) থেকে বর্ণনা করেছেন। একদিন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মু হারামের নিকট আসলেন। অত:পর আমরা তাঁর নিকট খেজুর ও ঘি পেশ করলাম। নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এটা তার পাত্রে এবং এটা তার মশকে রেখে দাও, আমি রোযাদার। ইবনু আব্বাস বলেন, এরপর দাঁড়িয়ে আমাদের নিয়ে দু' রাকা'আত নফল (সলাত) আদায় করলেন। উম্মু হারাম এবং উম্মু সুলাইমকে আমাদের পেছনে দাঁড় করলেন। আর আমাকে তাঁর ডানপার্শ্বে যেমনটি সাবিতের ধারণা। ইবনু আব্বাস বলেন, অত:পর আমাদের নিয়ে বিছানার উপর দু'রাকা'আত নফল সলাত আদায় করলেন। সলাত শেষ হলে উম্মু সুলাইম বললেন, আমার একজন বিশেষ সেবক আছে। সে আপনার সর্বাধিক ছোট সেবক আনাস, আপনি তার জন্য দু'আ করুন। সেদিন দুনিয়া ও আখিরাতের এমন কোন কল্যাণ ছিল না যার দু'আ তিনি তাঁর জন্য করেন নি। তিনি (দু'আ করে) বললেন, হে আল্লাহ! তাঁর সম্পদ এবং সন্তান বৃদ্ধি করুন এবং এতে বরকত দিন। আনাস বলেন, আমার মেয়ে আমাকে অবহিত করেছে যে, আমার বংশ থেকে ৯০ এর অধিক সন্তানাদি জন্মেছে, আর আনসারদের মধ্যে আমার চেয়ে অধিক সম্পদশালী আর কেউ হয় নি। অত:পর আনাস বলেন,

সাবিত! আমি আমার এ আংটি ব্যতীত (ঐ) সোনা-রূপা কিছুরই আমি মালিক নই। (সহীহাহ্ হা. ১৪১)

হাদীসটি সহীহ।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ মুসলিমের শর্তে সহীহ। আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ৬০৮-তে মূসা ইবনু ইসমাঈলের সূত্রে রিওয়ায়াত করেছেন। আহমাদ তাঁর মুসনাদের (৩/১৯৩-১৯৪); মুসলিম তাঁর সহীহর (২/১২৮); আবূ আওয়ানা তাঁর মুসনাদের (২/৭৭) এবং তয়ালেসী হাঃ ২০২৭ সুলাইমানের তরীকে হাদীসটি উল্লেখ করেছেন।

٨٤٨ـ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ : أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بِتَمرٍ رَيَّانٍ ؛ فَقَالَ : أَنَّى لَكُمْ هٰذَا فَقَالُوْا : كَانَ عِنْدَنَا تَمرٌ بَعْلٍ ؛ فَبِعْنَا صَاعَيْنِ بِصَاعٍ ؛ فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : رُدُّوهُ عَلٰى صَاحِبِهِ (يَعْنِيْ: اَلتَّمرَ الرَّيَّانَ)، فَبِيْعُوْهُ (يَعْنِيْ: اَلتَّمرَ الرَّدِيْءَ) بِعَيْنٍ، ثُمَّ ابْتَاعُوا التَّمرَ. (الصحيحة:٣٠٤٩)

৮৪৮. আনাস ইবনু মালিক (রা.) থেকে বর্ণিত। একদিন রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট প্রচুর পানি দ্বারা যা সেঁচ করা হয়েছে (উত্তম নরম খেজুর) পেশ করা হল। তিনি বললেন, এ (খেজুর) কোথায় পেলে? সাহাবীগণ বললেন, আমাদের কাছে "বা'ল" (এমন খেজুর যার জন্য স্বতন্ত্র পানি ব্যবহার করে সেঁচ দেয়া হয় নি) খেজুর ছিল। অত:পর এক সা'কে দুই সা'র বিনিময়ে আমরা বেচা-কেনা করেছি। অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ (উত্তম ও নরম প্রচুর পানি দ্বারা সেচকৃত) খেজুর তার মালিকের নিকট ফিরিয়ে দাও এবং নিম্নমানের খেজুরকে নিম্নমানের খেজুরের বিনিময়ে বিক্রি কর এবং পরে খেজুর ক্রয় কর। (সহীহাহ্ হা. ৩০৪৯)

হাদীসটি সহীহ।

হাদীসটি নাসায়ী তাঁর সুনান গ্রন্থের কিতাবুল রিবাতে অধ্যায় নং ৪১; ইমাম আহমাদ তাঁর সুনানের ৩য় খণ্ডের ৪৫ পৃষ্ঠায় এবং হাইসামী তাঁর মাজমাউয-যাওয়াইদ ওয়া মানবাউল ফাওয়াইদের ৪র্থ খণ্ডের ১১৩ পৃষ্ঠায় রিওয়ায়াত করেছেন। উল্লিখিত শব্দ ছাড়া অন্যান্য শব্দেও হাদীসটি অপরাপর কিতাবে বর্ণিত হয়েছে।

٨٤٩- عَنْ أَبِى هُرَيْرَةَ مَرْفُوْعًا: شَرُّ الطَّعَامِ طَعَامُ الْوَلِيْمَةِ يُمْنَعُهَا مَنْ يَأْتِيْهَا وَ يُدْعَى إِلَيْهَا مَنْ يَأْبَاهَا وَ مَنْ لَمْ يُجِبِ الدَّعْوَةَ فَقَدْ عَصَى اللهَ وَ رَسُوْلَهُ. (الصحيحة: ١٠٨٥)

৮৪৯. আবূ হুরাইরা (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। মন্দ খাবার হলো ওলীমার খাবার। যে এতে আসে তাকে নিষেধ করা হবে। আর যে আসতে চায়না তাকে দাওয়াত করা হবে। আর যে ব্যক্তি দাওয়াত কবুল করে না সে আল্লাহ ও তাঁর রাসূলের অবাধ্য হলো। **(সহীহাহ্ হা. ১০৮৫)**

হাদীসটি হাসান।

হাদীসটি তাবারানী তাঁর আল-আওসাতের (১/১১১/২)-তে হামযা আয্ যাইয়্যাত এর সূত্রে ইবনু আব্বাস থেকে মারফূআন বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলবঃ সানাদটি যদিও দুর্বল তবে কামিলে (২/১৯১) ইবনু আদী এর একটি তরীক উল্লেখ করেছেন যার দ্বারা হাদীসটি শক্তিশালী হয়।

٨٥٠- عَنْ أَنَسٍ مَرْفُوْعًا، قَالَ: عَقَّ عَنْ نَفْسِهِ بَعْدَمَا بُعِثَ نَبِيًّا. (الصحيحة: ٢٧٢٦)

৮৫০. আনাস (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাবী হিসেবে প্রেরিত হবার পর (নবুওয়াত প্রাপ্তির পর) নিজের আকীকা করেছেন। **(সহীহাহ্ হা. ২৭২৬)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম মুসলিম তাঁর সহীহর (৭/১০২); নাসাঈ তাঁর সুনানের (১/২৪২); ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ৪৯ এবং আহমাদ তাঁর মুসনাদের (৩/১২০)-তে একাধিক তুরুককে সুলাইমান আত্-তাইমী থেকে রিওয়ায়াত করেছেন। সাবিত আল-বুনানী এক্ষেত্রে তাঁর মুতাবাআত করেছেন। যা মুসলিম, নাসাঈ, ইবনু হিব্বান হাঃ ৫০; আহমাদ তাঁর মুসনাদের ৩/১৪৮ ও ২৪৮-এ। আবূ নু'আঈম তাঁর 'হিলয়ার' (৬/২৫৩) এবং ইবনু আসাকির (২/১৯৭/১৭)-এ উল্লেখ করেছেন।

٨٥١- عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ مَرْفُوْعًا: غَطُّوا الْإِنَاءَ وَ أَوْكُوا السِّقَاءَ فَإِنَّ فِى السَّنَةِ لَيْلَةً يَنْزِلُ فِيْهَا وَبَاءٌ لَا يَمُرُّ بِإِنَاءٍ لَيْسَ عَلَيْهِ غِطَاءٌ أَوْ سِقَاءٌ لَيْسَ عَلَيْهِ وِكَاءٌ إِلَّا نَزَلَ فِيْهِ مِنْ ذٰلِكَ الْوَبَاءِ. (الصحيحة: ٣٧)

৮৫১. জাবির ইবনু আব্দুল্লাহ (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। তোমরা খাদ্য-পাত্র ঢেকে রাখ এবং মশক বন্ধ রাখ। কেননা, বৎসরে এমন এক রাত্র আছে, যেই রাত্রে বিভিন্ন প্রকারের বালা-মুসীবত নাযিল হয়। উক্ত বালার গতিবিধি এমন সব পাত্রের দিকে হয় যা ঢাকা নয় এবং এমন পাত্রের দিকে হয় যার মুখ বন্ধ নয় এবং তাতে প্রবেশ করে। (সহীহাহ্ হা. ৩৭)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম মুসলিম তাঁর সহীহর (৬/১০৫); আহমাদ তাঁর মুসনাদের (৩/৩৫৫)-এ কা'কা ইবনু হাকীমের সূত্রে আব্দুল্লাহ ইবনু জাবির থেকে মারফূআন রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি শায এবং হাদীসটির একাধিক সূত্র রয়েছে যা আমি ইরওয়াউল গলীলের হা: ৩৮ এ উল্লেখ করেছি।

٨٥٢ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: فُقِدَتْ أُمَّةٌ مِنْ بَنِيْ إِسْرَائِيْلَ؛ لَا يُدْرَى مَا فَعَلَتْ! وَإِنِّيْ لَا أُرَاهَا إِلَّا الْفَأْرَ؛ [أَلَا تَرَوْنَهَا] إِذَا وُضِعَ لَهَا أَلْبَانُ الْإِبِلِ لَمْ تَشْرَبْ، وَإِذَا وُضِعَ لَهَا أَلْبَانُ الشَّاءِ شَرِبَتْ! . (الصحيحة:٣٠٦٨)

৮৫২. আবূ হুরাইরাহ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, বনী-ইসরাঈলের এক উম্মত হারিয়ে যায়। জানা নেই তারা কি করেছে? আমার মনে হয় সে (উম্মত হলো) ইঁদুর। (কারণ) তোমরা কি দেখ না যে, তাকে উটের দুধ দিলে সে তা পান করে না। পক্ষান্তরে বকরীর দুধ দিলে তা পান করে?

(সহীহাহ্ হা. ৩০৬৮)

হাদীসটি সহীহ।

হাদীসটির সানাদ শাইখাইনের শর্তে সহীহ। হাদীসটি ইমাম মুসলিম তাঁর সহীহর হা: ২৯৯৭ এবং ৬১ আব্দুল ওহ্হাব আস-সাকাফী এর সূত্রে রিওয়ায়াত করেছেন। ইমাম বুখারী তাঁর সহীহর হা: ৩৩০৫; আবূ ইয়ালা তাঁর মুসনাদের হা: ৬০৩১; ইমাম বাগাভী তাঁর মাসাবীহুস সুন্নাহর হা: ৩২৭১ এবং ইমাম আহমাদ তাঁর মুসনাদের হা: ৭৭৫০, ৭৮৮২, ৯৩২৬১, ১০৪৫২, ১০৫৯৪ এবং ৭১৯৭-তে হাদীসটি রিওয়ায়াত করেছেন।

Contents

٨٥٣- عَنْ عَائِشَةَ قَالَتْ: أَتَيْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِخَزِيْرَةٍ طَبَخْتُهَا لَهُ. فَقُلْتُ لِسَوْدَةَ وَالنَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنِيْ وَبَيْنَهَا، فَقُلْتُ لَهَا: كُلِيْ. فَأَبَتْ. فَقُلْتُ: لَتَأْكُلَنَّ أَوْ لأُلَطِّخَنَّ وَجْهَكِ. فَأَبَتْ، فَوَضَعْتُ يَدِيْ فِى الْخَزِيْرَةِ فَطَلَّيْتُ بِهَا وَجْهَهَا! فَضَحِكَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَضَعَ فَخِذَهُ (!) لَهَا وَقَالَ لِسَوْدَةَ: اِلْطَخِيْ وَجْهَهَا فَلَطَخَتْ وَجْهِيْ. فَضَحِكَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْضاً. فَمَرَّ عُمَرُ فَنَادَى: يَا عَبْدَ اللهِ! يَا عَبْدَ اللهِ! فَظَنَّ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ سَيَدْخُلُ فَقَالَ لَهُمَا: قُوْمَا فَاغْسِلَا وُجُوْهَكُمَا. يَعْنِيْ: عَائِشَةَ وَ سَوْدَةَ. قَالَتْ عَائِشَةُ: فَمَا زِلْتُ أُهَابُ عُمَرَ؛ لِهَيْبَةِ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِيَّاهُ. (الصحيحة: ٣١٣١)

৮৫৩. 'আয়িশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট তাঁর জন্য আমার (নিজ হাতে) রান্না করা খাযীরাহ (গোশত টুকরা টুকরা করে কেটে প্রচুর পানি ও লবণ দ্বারা রান্না করা খাবার) নামক খাবার নিয়ে আসলাম। অত:পর আমি সাওদা (রা.)-কে বললাম, খাও। নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন আমার এবং তার মাঝে ছিলেন। সাওদা (খেতে) অস্বীকার করল। আমি বললাম, খাবার খাবে না হলে তোমার চেহারায় মেখে চেহারা ময়লা করে দিব। এরপরও সে খেতে অস্বীকার করল। অত:পর আমি খাযীরাহ এ আমার হাত রেখে তার চেহারায় প্রলেপ দিলাম। এ অবস্থা দেখে নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হেসে দিলেন এবং তাঁর উরু সাওদার উপর রেখে সাওদাকে বললেন, (সাওদা!) তুমিও তার চেহারায় প্রলেপ দাও (আয়িশা বলেন) অত:পর সাওদা আমার চেহারায় প্রলেপ দিল। (এবারও) রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসলেন। উমার (রা) পাশ দিয়েই যাচ্ছিল। সে নাবী করীম সল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লামকে (সম্বোধন করে) বলল, আব্দুল্লাহ! আব্দুল্লাহ! (ঘরে আছেন কি?) উমার (ঘরে) প্রবেশ করবে মনে করে নাবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের উভয়কে বললেন, উঠ, গিয়ে তোমাদের চেহারাসমূহ ধুয়ে ফেল। আয়িশা (রা.) বলেন, এরপর থেকে উমারকে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভয়ের কারণে আমিও তাকে সর্বদা ভয় করতাম। **(সহীহাহ্ হা. ৩১৩১)**

হাদীসটি সহীহ।

আয়িশা (রা.) রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি থেকে মারফূ সূত্রে হাদীসটি রিওয়ায়াত করেছেন। ইমাম নূরুদ্দীন আল-হাইসামী হাদীসটি তাঁর মাজমাউয যাওয়ায়েদ ওয়া মানবাউল ফাওয়ায়েদের (হা. ৪/৩১৬) এ উল্লেখ করেছেন এবং বলেছেন, হাদীসটি সহীহ এবং এর সকল বর্ণনাকারী সিকাহ্।

٨٥٤- عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ أَحَبُّ الشَّرَابِ إِلَيْهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلْحُلْوُ الْبَارِدُ. (الصحيحة:٣٠٠٦)

৮৫৪. 'আয়িশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, মিষ্ট ঠাণ্ডা শরবত ছিল তাঁর নিকট সর্বাধিক প্রিয়।[১৭] **(সহীহাহ্ হা. ৩০০৬)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৬/৩৮, ৪০)-তে; ইমাম হুমাইদী তাঁর মুসনাদের হাঃ ২৫৭; ইমাম তিরমিযী তাঁর সুনানের হাঃ ১৮৯৫; ইবনু আবী শাইবা তাঁর মুসান্নাফের (৮/৩৬); আলী মুত্তাকী আল-হিন্দী তাঁর কানযুল উম্মালের হাঃ ১৮২২১; ইমাম যাবিদী তাঁর ইতহাফুস-সাদাতিল মুত্তাকীন এর (৫/২৫৫); তিরমিযী তাঁর শামায়েলের হাঃ ১০৪ এবং আখলাকুল নবুওয়্যার হাঃ ২০৮, ২২৭, ২২৮-তে রিওয়ায়াত করেছেন।

٨٥٥- عَنْ عَبْدِ اللهِ قَالَ: كَانَ أَحَبُّ الْعَرَقِ إِلَى رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ذِرَاعُ الشَّاةِ. (الصحيحة:٢٠٥٥)

---

17 শাইখ আলবানী (র) অত্র হাদীসের (৭/১৪)-এর শেষে বলেন, হাদীসটি পঞ্চম খণ্ডের ২১৩৪ নং হাদীসে এবং অত্র কিতাবের হা. ৮৬৭-এ উল্লেখ রয়েছে। *—তাজরীদকারক।*

৮৫৫. আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট সর্বাধিক প্রিয় গোশতের টুকরা ছিল ছাগলের বাহু। **(সহীহাহ্ হা. ২০৫৫)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ দাউদ আত্-তয়ালেসী তাঁর মুসনাদের হাঃ ২৮৮ উল্লেখ করেছেন এবং তার থেকে আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ৩৭৮০ ও ৩৭৮১ এবং আহমাদ তাঁর মুসনাদের (১/৩৯৭) যুহাইর থেকে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদের সা'দ ইবনু ইয়ায ব্যতীত বাকি সকলেই সিকাহ ও শাইখানের রাবী।

٨٥٦ـ عَنْ عَائِشَةَ، قَالَتْ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَكَلَ الطَّعَامَ أَكَلَ مِمَّا يَلِيْهِ. (الصحيحة:٢٠٦٢)

৮৫৬. 'আয়িশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাবার খেলে তাঁর সম্মুখ হতে খেতেন। **(সহীহাহ্ হা. ২০৬২)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আবুশ শায়েখ তাঁর "আখলাকুন নাবী" কিতাবের ২০৬ পৃষ্ঠায় আবূ কুতাইবার সূত্রে 'আয়িশা (রা.) থেকে মারফূ'আন রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি সহীহ এবং এর সকল রাবী সিকাহ ও বুখারীর রাবী। আমার কাছে হাদীসটির একটি শাহেদ আছে যা তাবারানী তাঁর আল-কাবীরের (১/১৫৫/১) ও হাইসামী তাঁর আল-মাজমা' এর (৫/২৭)-তে উল্লেখ করেছেন।

٨٥٧ـ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا شَرِبَ تَنَفَّسَ ثَلاَثًا، وَقَالَ: هُوَ أَهْنَأُ وَأَمْرَأُ وَأَبْرَأُ. (الصحيحة:٣٨٧)

৮৫৭. আনাস ইবনু মালিক (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পানি পান করলে তিনবার নিঃশ্বাস নিতেন এবং বলতেন, এভাবে পান করা তৃপ্তিদায়ক, স্বাস্থ্যের জন্য নিরাপদ এবং লঘুপাক। **(সহীহাহ্ হা. ৩৮৭)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম মুসলিম তাঁর সহীহতে উল্লেখ করেছেন। তাছাড়া আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ৩৭২৭; নাসাঈ তাঁর আস্-সুনানুল কুবরার (২/৬৫); তিরমিযী তাঁর সুনানের (১/৩৪৪) এবং আহমাদ তাঁর মুসনাদের (৩/১১৮-১১৯, ১৮৫, ২১১, ২৫১); আব্দুল ওরিস এর সূত্রে আনাস (রা.) থেকে রিওয়ায়াত করেছেন। বুখারী হাঃ ৫৬৩১।

আমি (আলবানী) বলব: সানাদটি সহীহ।

٨٥٨ـ عَنْ أَبِىْ أَيُّوْبَ الْأَنْصَارِيِّ، قَالَ: كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَكَلَ أَوْ شَرِبَ قَالَ: اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ أَطْعَمَ وَسَقٰى وَسَوَّغَهُ، وَجَعَلَ لَهُ مَخْرَجًا. (الصحيحة:٢٠٦١)

৮৫৮. আবূ আইয়ূব আল-আনসারী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাবার খেলে কিংবা পানি পান করলে এ দু'আ পাঠ করতেন:

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ أَطْعَمَ وَسَقٰى وَسَوَّغَهُ، وَجَعَلَ لَهُ مَخْرَجًا.

"সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি খাওয়াইয়াছেন, পান করিয়েছেন, অতি সহজে তা উদরস্থ করেছেন এবং (পরিশেষে অপ্রয়োজনীয় অংশ) বের হওয়ার ব্যবস্থা করেছেন।" (সহীহাহ্ হা. ২০৬১)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ৩৮৫১; ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ১৩৫১ এবং ইবনুস সুন্নী তাঁর আমালুল ইয়াওমি ওয়াল লাইলা হাঃ ৪৬৪; আবূ ওকাইল আল-কুরাশী সানাদে আবূ আইয়ূব আল-আনসারী (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ এবং এর সকল রাবীই বুখারীর রাবী।

٨٥٩ـ عَنْ أَبِىْ سَعِيْدٍ الْخُدْرِيِّ، قَالَ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ نَهَانَا عَنْ أَنْ نَأْكُلَ لُحُوْمَ نُسُكِنَا فَوْقَ ثَلَاثٍ، (قَالَ): فَخَرَجْتُ فِىْ سَفَرٍ، ثُمَّ قَدِمْتُ عَلٰى أَهْلِيْ، وَذٰلِكَ بَعْدَ الْأَضْحٰى بِأَيَّامٍ، (قَالَ): فَأَتَتْنِىْ صَاحِبَتِىْ بِسَلْقٍ قَدْ جُعِلَتْ فِيْهِ قَدِيْدًا، فَقُلْتُ لَهَا: أَنّٰى لَكِ هٰذَا

الْقَدِيْدُ فَقَالَتْ : مِنْ ضَحَايَانَا . (قَالَ :) فَقُلْتُ : لَهَا : أَوَلَمْ يَنْهَنَا رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَنْ نَأْكُلَهَا فَوْقَ ثَلَاثٍ . قَالَ : فَقَالَتْ : إِنَّهُ قَدْ رَخَّصَ لِلنَّاسِ بَعْدَ ذٰلِكَ . قَالَ : فَلَمْ أُصَدِّقْهَا حَتَّى بَعَثْتُ إِلَى أَخِي قَتَادَةَ بْنِ النُّعْمَانِ وَكَانَ بَدْرِيًّا أَسْأَلُهُ عَنْ ذٰلِكَ قَالَ : فَبَعَثَ إِلَيَّ : أَنْ كُلْ طَعَامَكَ فَقَدْ صَدَقَتْ . قَدْ أَرْخَصَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلْمُسْلِمِيْنَ فِيْ ذٰلِكَ . (الصحيحة:٢٩٦٩)

৮৫৯. আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে কুরবানীর পশুর গোশত তিন দিনের বেশি খেতে নিষেধ করতেন। বর্ণনাকারী বলেন, আমি একদিন সফরে বের হলাম এবং কুরবানীর (ঈদের বেশ) কয়েকদিন পর বাড়ি ফিরলাম। বর্ণনাকারী বলেন, আমার স্ত্রী আমার নিকট সিল্‌ক নামক তরকারি বিশেষ উপস্থিত করল যাতে (তরকারিতে) টুকরা টুকরা করে কেটে শুকানো গোশত ছিল। আমি তাকে বললাম, টুকরা টুকরা করে কেটে শুকানো গোশত কোথায় পেলে? স্ত্রী বলল, (কেন?) আমাদের কুরবানীর (পশুর) গোশত। বর্ণনাকারী বলেন, অত:পর আমি তাকে বললাম, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি কুরবানীর (পশুর) গোশত আমাদেরকে তিন দিনের বেশি (সময় ধরে) খেতে নিষেধ করেন নি? অত:পর সে বলল, তিনি এর (নিষেধাজ্ঞার) পরে লোকদের জন্য অনুমতি দিয়েছেন। বর্ণনাকারী আবূ সাঈদ বলেন, আমি তার কথা বিশ্বাস করলাম না। এমনকি আমার ভাই কাতাদাহ ইবনু নুমানের নিকট এ সম্পর্কে জিজ্ঞেস করার জন্য (লোক) প্রেরণ করলাম। তিনি ছিলেন বাদরী সাহাবী।

অত:পর তিনি আমার নিকট সংবাদ পাঠালেন যে, তুমি (নিশ্চিন্তে) তোমার খাবার গ্রহণ কর, সে (তোমার স্ত্রী) সত্য বলেছে। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ বিষয়ে মুসলিমদের জন্য অবকাশ দিয়েছেন।

(সহীহাহ্ হা. ২৯৬৯)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর আল-মুসনাদের (৪/১৫)-তে মুহাম্মদ ইবনু ইস্হাকের সূত্রে আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি ভালো, ইবনু ইসহাক এখানে তাহ্দীস তাসরীহ করেছেন। হাফিয ইবনু হাজার হাদীসটি উল্লেখ করে চুপ থেকেছেন যা হাদীসটি শক্তিশালী হওয়ার প্রমাণ বহন করে।

٨٦٠- عَنْ عَبْدِ اللهِ بْنِ بُسْرٍ قَالَ : كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَهُ قَصْعَةٌ يُقَالُ لَهَا : الْغَرَّاءُ ، يَحْمِلُهَا أَرْبَعَةُ رِجَالٍ. (الصحيحة:٢١٠٥)

৮৬০. আব্দুল্লাহ ইবনু বুসর (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি বৃহৎ পানপাত্র ছিল যাকে "গাররা" বলা হতো। চারজন লোক এ পানপাত্রটি বহন করত। (সহীহাহ্ হা. ২১০৫)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আবূ দাউদ তাঁর সুনানে আতয়িমাহ অধ্যায়ের ১৮; আবুশ শায়েখ তার আখলাকুন নাবী এর ২১৫ পৃষ্ঠায়; ইবনু আসাকির তাঁর তারীখে দিমাশকের (১/৩৭৯)-তে আম্র ইবনু উসমান থেকে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি সহীহ এবং এর সকল রাবী সিকাহ।

٨٦١- عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا، قَالَتْ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ الْبِطِّيْخَ بِالرُّطَبِ فَيَقُوْلُ : نَكْسِرُ حَرَّ هٰذَا بِبَرْدِ هٰذَا وَبَرْدَ هٰذَا بِحَرِّ هٰذَا. (الصحيحة:٥٧)

৮৬১. 'আয়িশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খেজুর দ্বারা খরবুজা খেতেন এবং তিনি বলতেন, এর (খরবুজার) শীতলতা ওর (খেজুরের) উষ্ণতা এবং ওর উষ্ণতা এর শীতলতা সংশোধন করে দেয়। (সহীহাহ্ হা. ৫৭)

হাদীসটি হাসান গারীব।

হুমাইদী তাঁর মুসনাদের (১/৪২); আবূ দাউদ তাঁর সুনানের হা: ৩৮৩৫; তিরমিযী (১/৩৩৮); আবূ বাক্র আল-আবহারী আল-ফাওয়ায়েদের (১/১৪৪); আবূ নু'আঈম আখবারে আসবাহানের (১/১০৩) এবং আত্তিব এর (১/১৩৯)-এ এমনিভাবে আবূ জা'ফর আল-বুখারী আল-ফাওয়ায়েদের (২/৭৭); আবূ বাক্র ইবনু আবূ দাউদ মুসনাদে (২/৫৪)-তে আয়িশা (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

٨٦٢ـ عَنْ أَنَسٍ، قَالَ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ الرُّطَبُ مَعَ الْخَرْبُزِ. يَعْنِيْ اَلْبِطِّيْخَ. (الصحيحة:٥٨)

৮৬২. আনাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খেজুরের সঙ্গে খরবুজা খেতেন। **(সহীহাহ্ হা. ৫৮)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আহমাদ তাঁর মুসনাদের (৩/১৪২, ১৪৩); আবূ বাক্‌র আশ্‌ শাফেঈ আল-ফাওয়াদের (২/১০৫); তিরমিযী শামায়েলের ১১০ পৃষ্ঠায়; ইবনু সা'দ আত্-তবাকাতের (২/৩৯৩) এবং দিয়া আল-মুখতারাহ এর ২/৮৬ জাবীর ইবনু হাজ্‌মের সূত্রে আনাস (রা.) থেকে মারফূআন রিওয়ায়াত করেছেন।

٨٦٣ـ عَنْ عَبْدِ اللهِ بْنِ جَعْفَرٍ، قَالَ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ الْقِثَّاءَ بِالرُّطَبِ. (الصحيحة:٥٦)

৮৬৩. আব্দুল্লাহ ইবনু জা'ফর (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খেজুর দ্বারা শসা খেতেন। **(সহীহাহ্ হা. ৫৬)**

হাদীসটি সহীহ।

হাদীসটি বুখারী তাঁর সহীহর (২/৫০৬); মুসলিম তাঁর সহীহর (৬/১২২); আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ৩৮৩৫; তিরমিযী তাঁর সুনানের (১/৩৩৯); দারেমী তাঁর সুনানের (২/১০৩); ইবনু মাজাহ তাঁর সুনানের হাঃ ৩৩২৫; আহমাদ তাঁর মুসনাদের (১/২০৩); আবুল হাসান আল-ফাওয়ায়েদুল হিসানের (১/২); আবূ নু'আঈম 'আত্-তিব' এর (১/১৩৯)-তে আব্দুল্লাহ ইবনু জা'ফর থেকে মারফূআন রিওয়ায়াত করেছেন।

٨٦٤ـ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ: كَانَ يُؤْتَى صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالتَّمَرِ فِيْهِ دُوْدٌ، فَيُفَتِّشُهُ، يُخْرِجُ السُّوْسَ مِنْهُ. (الصحيحة:٢١١٣)

৮৬৪. আনাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খেদমতে খেজুর পেশ করা হতো। আর তিনি তা খুঁটে তা থেকে পোকা বের করতেন। **(সহীহাহ্ হা. ২১১৩)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ দাউদ তাঁর সুনানের (২/১৪৮)-তে উল্লেখ করেছেন এবং তাঁর থেকে বাইহাকী তাঁর "শু'আবের" (২/১৯১/২০১); ইবনু মাজাহ তাঁর সুনানের

(২/৩১৭)-তে সংক্ষেপে; এমনিভাবে আবুশ শায়েখ ২২১ পৃষ্ঠায় হাদীসটি উল্লেখ করেছেন এবং সকলেই সালম ইবনু কুতাইবার সূত্রে আনাস ইবনু মালিক থেকে মারফূআন বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি বুখারীর শর্তে সহীহ।

٨٦٥ـ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّ الدُّبَّاءَ. (الصحيحة:٢١٢٧)

৮৬৫. আনাস ইবনু মালিক (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কদু খেতে পছন্দ করতেন। (সহীহাহ্ হা. ২১২৭)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৩/১৭৭ ও ২৭৪)-তে শু'বার সূত্রে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ শাইখাইনের শর্তে সহীহ। ইমাম তিরমিযী তাঁর শামায়েলের ১৯৯ পৃষ্ঠায় দুটি সূত্রে হাদীসটি উল্লেখ করেছেন। আবূ ইয়ালা তাঁর মুসনাদে ভিন্ন সূত্রে (৩/১০৩২); ইবনু আদি তাঁর কামেলের (১/১৭০); ভিন্ন আরেকটি সূত্রে হাদসিটি উল্লেখ করেছেন এবং ইবনু সা'দ তার আত্-তবাকাতুল কুবরার (১/৩৯১)-তে হাদীসটি রিওয়ায়াত করেছেন।

٨٦٦ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ، قَالَ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَشْرَبُ فِيْ ثَلَاثَةِ أَنْفَاسٍ، إِذَا أَدْنَى الْإِنَاءَ إِلَى فِيهِ سَمَّى اللهَ تَعَالَى وَإِذَا أَخَّرَهُ حَمِدَ اللهَ تَعَالَى، يَفْعَلُ ذٰلِكَ ثَلَاثَ مَرَّاتٍ. (الصحيحة:١٢٧٧)

৮৬৬. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিন নিঃশ্বাসে পানি পান করতেন। পাত্র মুখের সামনে আনলে 'বিসমিল্লাহ' পড়াতেন আর সরিয়ে নিলে 'আলহামদুলিল্লাহ' পড়তেন। তিনবার এমনটি করতেন। (সহীহাহ্ হা. ১২৭৭)

হাদীসটি সহীহ।

হাদীসটি আল-খারায়েতী তাঁর ফাযীলাতুশ্ শুকর কিতাবের (২/১২৯); তাবারানী আল-মু'জামুল আওসাতের (১/১০৮) দু'টি তুরুকে আতিক ইবনু আইউব এর সূত্রে আবূ হুরাইরা থেকে মারফূআন বর্ণনা করেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির শাহেদ পাওয়া যায় যা আবূ বাকর আশ্-শাফেয়ী আল-ফাওয়ায়েদের (২/১১১); তাবারানী তাঁর কিতাবে (৩/৭৯/২) এবং الفوائد المنتقاة-এর (১/৬৭/৬)-তে উল্লেখ হয়েছে।

٨٦٧- عَنْ عَائِشَةَ، قَالَتْ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْجِبُهُ الْحُلْوُ الْبَارِدُ. (الصحيحة:٢١٣٤)

৮৬৭. 'আয়িশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঠাণ্ডা মিষ্টিকে পছন্দ করতেন। (সহীহাহ্ হা. ২১৩৪)

হাদীসটি হাসান।

আল্লামা আলী মুত্তাকী আল-হিন্দী তাঁর কানযুল উম্মালের হাঃ ১৮২২২-তে হাদীসটি উল্লেখ করেছেন। তবে হাদীসটির একাধিক মুতাবাআত এবং শাওয়াহেদ রয়েছে যা ইমাম বুখারী তাঁর সহীহর (৭/১৪৩, ১৫৯); ইবনু সা'দ তাঁর আত্-তাবাকাত এর (১/২/১০৮); এবং ইবনু হাজার তাঁর ফাতহুল বারীর হাঃ ১০/৭৮, ৮০, ১৩৯-তে উল্লেখ করেছেন।

٨٦٨- عَنْ جَابِرٍ، قَالَ: كَانَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُنْتَبَذُ لَهُ فِي سِقَاءٍ، فَإِذَا لَمْ يَكُنْ سِقَاءٌ فَتَوْرٌ مِّنْ حِجَارَةٍ. (الصحيحة:٣٠٠٩)

৮৬৮. জাবির (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য মশকে নাবীয প্রস্তুত করা হত। যদি ওটা সংগ্রহ না হত, তখন পাথর নির্মিত পাত্রে নবীয তৈরি করা হত। (সহীহাহ্ হা. ৩০০৯)

হাদীসটি সহীহ।

সহীহ মুসলিম 'কিতাবুল আশরিবাহ' অধ্যায় নং ৬১; সুনানুল কুবরা লিল বাইহাকী হা. ৩৪০০; নাসায়ী কিতাবুল আশরিবাহ অধ্যায় ২৭; মাসাবীহুস্ সুন্নাহ লিল বাগাভী (১১/৩৬৭); আখলাকুন নাবী হা. ২০৯।

٨٦٩- عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كُلُّ ذِي نَابٍ مِّنَ السِّبَاعِ فَأَكْلُهُ حَرَامٌ. (الصحيحة:٤٧٦)

৮৬৯. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, প্রত্যেক কর্তণ দন্তবিশিষ্ট হিংস্রজন্তু (এর গোশত) খাওয়া হারাম। (সহীহাহ্ হা. ৪৭৬)

হাদীসটি হাসান।

হাদীসটি ইমাম মালিক, ইমাম মুসলিম, ইমাম শাফেয়ী, তহাভী, ইমাম আহমাদ ও বাইহাকী (র.) উবাইদাতুবনু সুফিয়ানের তরীকে আবূ হুরাইরা (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

শাইখ আলবানী (র.) বলেন, হাদীসটির সানাদ ভালো যা আমি পূর্বে তাখরীজ করে এসেছি।

٨٧٠- عَنْ أَبِي أُمَامَةَ الْبَاهِلِيِّ رَضِيَ اللهُ عَنْهُ مَرْفُوعًا: كُلْ مَا أَفْرَى الْأَوْدَاجَ. مَا لَمْ يَكُنْ قَرْضُ نَابٍ أَوْ حَزُّ ظُفُرٍ. (الصحيحة: ٢٠٢٩)

৮৭০. আবূ উমামা আল-বাহেলী (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। যে প্রাণীর ঘাড়ের রগসমূহ কর্তন করা হয়েছে তা খাও। যতক্ষণ না তা দাঁত কিংবা নখাঘাতের কাটা না হবে। **(সহীহাহ্ হা. ২০২৯)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম তিরমিযী তাঁর আশ-শামায়েলের ১৯০ পৃষ্ঠায় আ'মাশের সূত্রে আনাস (রা.) থেকে মারফূআন বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটির সকল রাবী সিকাহ ও মুসলিমের রাবী। হাদীসটি আহমাদ তাঁর মুসনাদের ৩/২০৮, ২১০, ২৩২, ২৫২, ২৭০, ২৮৯, এবং ইবনু সা'দ তার আত্-তাবাকাতুল কুবরার (১/৩৯১)-তে একাধিক সূত্রে উল্লেখ করেছেন।

٨٧١- قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كُلْ مَا رَدَّتْ عَلَيْكَ قَوْسُكَ. وَرَدَ مِنْ حَدِيْثِ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو وَ أَبِي ثَعْلَبَةَ الْخُشَنِيِّ وَ عُقْبَةَ بْنِ عَامِرٍ وَحُذَيْفَةَ بْنِ الْيَمَانِ. (الصحيحة: ٢٠٢٨)

৮৭১. নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তোমার ধনুক তোমার নিকট যা ফিরিয়ে দিয়েছে তা থেকে তুমি ভক্ষণ কর। হাদীসটি আব্দুল্লাহ ইবনু উমার, আবূ সা'লাবা আল-খুশানী, ওকবা ইবনু আমির এবং হুযাইফা ইবনুল ইয়ামান (রা.) থেকে বর্ণিত হয়েছে।

(সহীহাহ্ হা. ২০২৮)

হাদীসটি হাসান।

হাদীসটি চার জন সাহাবী থেকে বর্ণিত। ইবনু ওমার আবূ সালাবা, হুজাইফা এবং উকবা ইবনু আমির (রা)। নাসাঈ তাঁর সুনানের (২/১৯৬); আহমাদ তাঁর মুসনাদের (২/১৮৪); আবূ দাউদ তাঁর সুনানের হাঃ ২৮৫৭ এ একাধিক তুরুকে রিওয়ায়াত করেছেন আর সানাদটি হাসান।

٨٧٢- عَنْ وَاثِلَةَ بْنِ الْأَسْقَعِ اللَّيْثِيِّ قَالَ: أَخَذَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِرَأْسِ الثَّرِيْدِ، فَقَالَ: كُلُوْا بِسْمِ اللهِ مِنْ حَوَالَيْهَا وَاعْفُوْا رَأْسَهَا، فَإِنَّ الْبَرَكَةَ تَأْتِيْهَا مِنْ فَوْقِهَا. (الصحيحة: ٢٠٣٠)

৮৭২. ওসিলা ইবনুল আস'কা আল-লাইসী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সারীদের (রুটি টুকরা টুকরা করে ঝোলের মধ্যে ভিজিয়ে রেখে যে, খাবার প্রস্তুত করা হয় তাকে সারীদ বলে) অগ্রভাগ ধরে বললেন, তোমরা 'বিসমিল্লাহ' বলে এর পার্শ্ব থেকে খাও এবং এর অগ্রভাগ ছেড়ে দাও। কেননা এর বরকত অগ্রভাগ থেকেই আসে। **(সহীহাহ্ হা. ২০৩০)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইবনু মাজাহ তাঁর সুনানের (২/৩০৫)-তে আবূ হাফস উমার ইবনু দারাফস এর সূত্রে বর্ণনা করেছেন। শাইখ আলবানী (র.) বলেনঃ হাদীসটির সানাদ দুর্বল আমর ব্যতীত বাকি সকল বর্ণনাকারী সিকাহ। আহমাদ তাঁর মুসনাদের (৩/৪৯০)-তে হাকিম তাঁর আল-মুসতাদরাকের (৪/১১৬-১১৭)-তে হাদীসটির ভিন্ন সূত্র উল্লেখ করেছেন।

٨٧٣- عَبْدِ اللهِ بْنِ بُسْرٍ قَالَ: أَهْدَيْتُ لِلنَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ شَاةً وَالطَّعَامُ يَوْمَئِذٍ قَلِيْلٌ، فَقَالَ لِأَهْلِهِ: اِطْبَخُوْا هٰذِهِ الشَّاةَ وَانْظُرُوْا إِلٰى هٰذَا الدَّقِيْقِ فَأَخْبِزُوْهُ وَاطْبِخُوْا وَاثْرِدُوْا عَلَيْهِ، قَالَ: وَكَانَ لِلنَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَصْعَةٌ يُقَالُ لَهَا الْغَرَّاءُ يَحْمِلُهَا أَرْبَعَةُ رِجَالٍ، فَلَمَّا أَصْبَحَ وَسَبَّحُوا الضُّحَى أُتِيَ بِتِلْكَ الْقَصْعَةِ وَالْتَقَوْا عَلَيْهَا، فَإِذَا كَثُرَ النَّاسُ جَثَا رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: أَعْرَابِيٌّ مَا هٰذِهِ

الْجِلْسَةُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِنَّ اللهَ جَعَلَنِيْ عَبْدًا كَرِيْمًا وَ لَمْ يَجْعَلْنِيْ جَبَّارًا عَنِيْدًا ثُمَّ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : كُلُوْا مِنْ جَوَانِبِهَا ، وَ دَعُوْا ذِرْوَتَهَا يُبَارَكْ لَكُمْ فِيْهَا ، ثُمَّ قَالَ: خُذُوْا فَكُلُوْا ، فَوَالَّذِيْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَيُفْتَحَنَّ عَلَيْكُمْ أَرْضُ فَارِسَ وَ الرُّوْمِ ، حَتّٰى يُكْثِرَ الطَّعَامُ فَلَا يُذْكَرُ اسْمُ اللهِ عَلَيْهِ. (الصحيحة:٣٩٣)

৮৭৩. আব্দুল্লাহ ইবনু বুসর (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমি একটি ছাগল হাদীয়া দিলাম। তখন খাবার ছিল (পরিমাণে) কম। তিনি তাঁর পরিবারকে বললেন, এ ছাগলটি রান্না কর। আর এই যে আটা দেখছ তা দিয়ে রুটি রান্না কর এবং সারীদ বানাও।

বর্ণনাকারী বলেন, নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একটি বৃহৎ পানপাত্র ছিল যাকে 'গাররা' বলা হত। চারজন লোক এ পানপাত্রটি বহন করত। অত:পর যখন সকাল হলো এবং তারা চাশতের সলাত পড়লেন তখন সে বৃহৎ পানপাত্রটি আনা হলো এবং তারা পাত্রটির নিকট জড় হয়ে বসলেন। অত:পর লোকসংখ্যা যখন বৃদ্ধি পেল তখন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁটু গেড়ে উপবেশন করলেন। তখন জনৈক বেদুঈন বলল, এটা কোন প্রকার উপবেশন (ইয়া রাসূলাল্লাহ!) নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ আমাকে দয়ালু বান্দা বানিয়েছেন স্বেচ্ছাচারী একগুঁয়ে বানান নি। অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা পাত্রটির চারপার্শ্ব হতে খাও এবং তার অগ্রভাগ ছেড়ে দাও। এতে তোমাদের খাবারে বরকত দেয়া হবে। এরপর বললেন, (পাত্রটি) নাও এবং খাও। ঐ সত্তার কসম যাঁর হাতে মুহাম্মাদের প্রাণ পারস্য ও রোম রাজ্য তোমরা বিজয় করবে। এমনকি খাবারের আধিক্যতা হবে এবং খাবারে 'বিসমিল্লাহ' পড়া হবে না। **(সহীহাহ্ হা. ৩৯৩)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ বাক্‌র আশ্-শাফেয়ী তাঁর আল-ফাওয়ায়েদের (১/৯৮)-তে রিওয়ায়াত করেছেন এবং তাঁর থেকে ইবনু আসাকির তাঁর তারীখে দিমাশকের

(৮/৫৩২/২); বাইহাকী তাঁর সুনানের (৭/২৮৩); দিয়া তাঁর আল-মুখতারাহর (১/১১২); উমার ইবনু উসমান থেকে রিওয়ায়াত করেছেন। আবূ দাউদ তাঁর সুনানের হা: ৩৭৭৩ এবং ইবনু মাজাহ বিক্ষিপ্তভাবে দুই জায়গায় হা: ৩২৬৩ ও ৩২৭৫-তে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি সহীহ ও এর সকল রাবী সিকাহ।

٨٧٤- قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: كُلُوا الزَّيْتَ وَادَّهِنُوْا بِهِ، فَإِنَّهُ مِنْ شَجَرَةٍ مُّبَارَكَةٍ. وَ رُوِيَ مِنْ حَدِيْثِ عُمَرَ، وَ أَبِي أُسَيْدٍ، وَ أَبِي هُرَيْرَةَ، وَعَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ. (الصحيحة:٣٧٩)

৮৭৪. রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা যাইতুন বৃক্ষের তেল খাও এবং এর তেল শরীরে ব্যবহার কর। কেননা এ তেল বরকতময় বৃক্ষ থেকে সৃষ্ট। হাদীসটি উমার, আবূ উসাইদ, আবূ হুরাইরা (রা.) এবং আব্দুল্লাহ ইবনু আব্বাস (রা.) থেকে বর্ণিত। (সহীহাহ্ হা. ৩৭৯)

হাদীসটি সহীহ।

হাদীসটি চারজন সাহাবী থেকে বর্ণিত আবূ হুরাইরা, উমার, আবূ উসাঈদ ও আব্দুল্লাহ ইবনু আব্বাস। উমার (রা.)-এর হাদীসের দুটি তুরুক রয়েছে প্রথমটি ইবনু মাজাহ তাঁর সুনানের হা: ৩৩১৯; তিরমিযী তাঁর সুনানের (১/৩৪০); হাকিম তাঁর মুসতাদরাকের (২/১২২); বাইহাকী তাঁর আল-আদাবের (৩১৪/৬৫৭); দিয়া আল-মাকদিসী তাঁর আল-আহাদীসুল মুখতারাহর (১/৩৫)-তে আর সকলেই আব্দুর রাজ্জাক থেকে রিওয়ায়াত করেছেন।

٨٧٥- عَنْ عُبَيْدِ اللهِ بْنِ أَبِي يَزِيْدَ أَخْبَرَهُ أَبُوْهُ قَالَ: نَزَلْتُ عَلَى أُمِّ أَيُّوْبَ الَّذِيْنَ نَزَلَ عَلَيْهِمْ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، نَزَلْتُ عَلَيْهَا فَحَدَّثَتْنِيْ بِهٰذَا عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُمْ تَكَلَّفُوْا طَعَامًا فِيْهِ بَعْضُ الْبُقُوْلِ، فَقَرَّبُوْهُ، فَكَرِهَهُ، وَ قَالَ لِأَصْحَابِهِ: كُلُوْهُ يَعْنِيَ الثُّوْمَ، فَإِنِّيْ لَسْتُ كَأَحَدِكُمْ، إِنِّيْ أَخَافُ أَنْ أُوْذِيَ صَاحِبِيْ [يَعْنِي الْمَلَكَ]. (الصحيحة:٢٧٨٤)

৮৭৫. আব্দুল্লাহ্ ইবনু আবী ইয়াযীদ থেকে বর্ণিত। তার পিতা তাকে অবহিত করেছেন যে, তিনি বলেছেন, একদিন আমি উম্মু আইয়ূব এর বাড়িতে মেহমান হলাম যাঁর বাড়িতে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মেহমান হয়েছিলেন।

তাঁর বাড়িতে আমি মেহমান হলে তিনি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে আমার নিকট এ ঘটনাটি বর্ণনা করেন যে, তাঁরা কষ্ট করে বিভিন্ন প্রকার সবজি দিয়ে খাবার রান্না করলেন এবং তাঁর নিকট পরিবেশন করলেন। তিনি তা অপছন্দ করলেন এবং তার সঙ্গীদেরকে বললেন, তোমরা (এ) রসুন খাও। আমি তোমাদের অন্যান্যদের মতো নই। কেননা আমি আমার সঙ্গী ফেরেশতাদের কষ্টের আশঙ্কা করি।

(সহীহাহ্ হা. ২৭৮৪)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৬/৪৩৬ ও ৪৬২)-তে; হুমাইদী তাঁর মুসনাদের হাঃ ৩৩৯; ইবনু আবী শাইবা তাঁর আল-মুসান্নাফের (৮/৩০১/৪৫৩০) এবং তাঁর তরীকে ইবনু মাজাহ তাঁর সুনানের হাঃ ৩৩৬৪-তে উল্লেখ করেছেন। ইমাম তিরমিযী (৬/১০৭/১৮১১); সুনানে দারেমী (২/১০২); ইবনু খুযাইমা তাঁর সহীহর হাঃ ১৬৭১-তে উল্লেখ করেছেন এবং তাঁর তরীকে ইবনু হিব্বান তাঁর সহীহর (৩/২৬৪/২০৯০)-তে একাধিক তুরুকে সুফিয়ান থেকে রিওয়ায়াত করেছেন। তিরমিযী হাদীসটিকে হাসান সহীহ গরীব বলেছেন।

٨٧٦ـ عَنْ يَزِيْدَ بْنِ أَبِيْ يَزِيْدَ الْأَنْصَارِيِّ عَنِ امْرَأَتِهِ : أَنَّهَا سَأَلَتْ عَائِشَةَ عَنْ لُحُوْمِ الْأَضَاحِيْ فَقَالَتْ عَائِشَةُ : قَدِمَ عَلَيْنَا عَلِيٌّ مِنْ سَفَرٍ ، فَقَدَّمْنَا إِلَيْهِ مِنْهُ ، فَقَالَ : لَا آكُلُهُ حَتّٰى أَسْأَلَ عَنْهُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَتْ : فَسَأَلَهُ عَلِيٌّ فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : كُلُوْهُ مِنْ ذِي الْحِجَّةِ إِلٰى ذِي الْحِجَّةِ. (الصحيحة:٣١٠٩)

৮৭৬. ইয়াযীদ ইবনু আবূ ইয়াযীদ আল-আনসারী তাঁর স্ত্রীর থেকে বর্ণনা করেছেন যে, তিনি একদিন আয়িশা (রা.)-কে কুরবানীর গোশত সম্পর্কে জিজ্ঞেস করলে আয়িশা (রা.) বললেন, আলী সফর করে

আমাদের নিকট আসলে আমরা তাঁর নিকট কুরবানীর গোশত পেশ করলাম। অত:পর আলী বললেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ সম্পর্কে জিজ্ঞেস করা ছাড়া আমি এ গাশত খাব না। আয়িশা (রা.) বলেন, অত:পর আলী (রা.) নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলে। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা এক জিলহাজ্ব হতে অপর জিলহাজ্ব পর্যন্ত এ কুরবানীর গোশত খাও।

(সহীহাহ্ হা. ৩১০৯)

হাদীসটি হাসান।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের হাঃ ২৫২১৮-তে ইমাম খাতীবে বাগদাদী তাঁর اَلْمُوْضَحُ এর (১/১৯৩)-তে অত্র সূত্রে ইসহাক ইবনু রাহওয়াইহি তাঁর মুসনাদের হাঃ ১৬৯২; ইমাম তহাবী তাঁর শরহুমাআনিল আসারের (৪/১৮৭); শুয়াইব ইবনু লাইসের সূত্রে এবং ইবনু সুলাইমান তাঁর اَلْاَوْسَطُ এর হাঃ ৩০৭১-তে রিওয়ায়াত করেছেন।

٨٧٧ـ عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: كُنَّا نُسَمِّيْهَا شُبَّاعَةً (يَعْنِىْ : زَمْزَمَ) وَكُنَّا نَجِدُهَا نِعْمَ الْعَوْنِ عَلَى الْعِيَالِ. (الصحيحة:٢٦٨٥)

৮৭৭. ইবনু আব্বাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা যমযমকে শাববা'আহ (তৃপ্তিসহকারে আহারের পর অবশিষ্ট খাবার) নামকরণ করতাম এবং একে আমরা পরিবারের জন্য উত্তম সাহায্য মনে করতাম। **(সহীহাহ্ হা. ২৬৮৫)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আব্দুর রাজ্জাক তাঁর আল-মুসান্নাফের (৫/১১৭)-তে উল্লেখ করেছেন এবং তাঁর তরীকে তাবারানী তাঁর আল-মু'জামুল কাবীরের (৩/৯০/২)-তে সাওরীর সানাদে ইবনু আব্বাস (রা.) থেকে রিওয়ায়াত করেছেন।

শাইখ আলবানী (র.) বলেনঃ হাদীসটির সানাদ ভালো এবং এর সকল রাবী সিকাহ ও মুসলিমের রাবী তবে সাওরী কে এ ব্যাপারে সন্দেহ রয়েছে। তাছাড়া হাদীসটি আল-আযরাকী তাঁর আখবারে মাক্কার ৩৯১ পৃষ্ঠায় উল্লেখ করেছেন তবে সেখানে সুফিয়ান সাওরী বলে উল্লেখ করা হয়েছে।

٨٧٨ـ عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيْهِ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: كُنْتُ نَهَيْتُكُمْ عَنْ لُحُوْمِ الْأَضَاحِيْ فَوْقَ ثَلَاثٍ ليتسع ذو الطول على من لا طول له، فكلوا ما بدا لكم، وأطعموا وادخروا.

(الصحيحة:٢٠٤٨)

৮৭৮. সুলাইমান ইবনু বুরাইদাহ্ তার পিতা থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন, রাসূল বলেছেন, তিন দিনের বেশি কোরবানীর (পশুর) গোশত সংগ্রহ করে রাখতে আমি তোমাদেরকে নিষেধ করেছিলাম যাতে স্বচ্ছলরা অস্বচ্ছলদের জন্য সুযোগ করে দেয়। সুতরাং তোমরা ইচ্ছেমতো খাও, খাওয়াও এবং জমা করে রাখ। (সহীহাহ্ হা. ২০৪৮)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম মুসলিম তাঁর সহীহর (৬/৮২); ইমাম তিরমিযী তাঁর সুনানের (১/২৮৫); বাইহাকী তাঁর শু'আবের (২/৩৯৫/২)-তে একাধিক সূত্রে সুফিয়ান সাওরী থেকে বর্ণনা করেছেন। তিরমিযী হাদীসটিকে "হাসান সহীহ" বলেছেন।

٨٧٩ـ عَنْ عَبْدِ اللهِ قَالَ: لَمَّا نَزَلَتْ هٰذِهِ الْآيَةُ : لَيْسَ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصَّالِحَاتِ جُنَاحٌ فِيْمَا طَعِمُوا إِذَا مَا اتَّقَوْا وَاٰمَنُوْا وَعَمِلُوا الصَّالِحَاتِ ثُمَّ اتَّقَوا وَاٰمَنُوْا ثُمَّ اتَّقَوا وَأَحْسَنُوْا وَاللهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ؛ قَالَ لِيْ [يَعْنِيْ : اِبْنَ مَسْعُوْدٍ] : «قِيْلَ لِيْ : أَنْتَ مِنْهُمْ». (الصحيحة:٣٤٨٦)

৮৭৯. আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন এ আয়াত অবতীর্ণ হয় যে, "যারা বিশ্বাস স্থাপন করেছে এবং সৎকর্ম করেছে, তারা পূর্বে যা ভক্ষণ করেছে, সে জন্য তাদের কোন গোনাহ নেই যখন ভবিষ্যতের জন্য সংযত হয়েছে এবং বিশ্বাস স্থাপন করেছে এবং সৎকর্ম সম্পাদন করেছে। এরপর সংযত থাকে এবং বিশ্বাস স্থাপন করে। এরপর সংযত থাকে এবং সৎকর্ম করে। আল্লাহ সৎকর্মীদেরকে ভালোবাসেন।" তিনি আমাকে বললেন, কিংবা আমাকে বলা হলো যে, তুমিও তাদের একজন। (সহীহাহ্ হা. ৩৪৮৬)

হাদীসটি সহীহ।

ইমাম মুসলিম তাঁর সহীহর ফাযায়েলে সাহাবার হা: ২০৯, ২১ নং অধ্যায়ে আবূ আব্দুল্লাহ হাকিম তাঁর মুসতাদরাকে হাকিমের (৪/১৪৩)-তে নুরুদ্দীন আল-হাইসামী তাঁর মাজমাউয যাওয়ায়েদের (৭/১৮); সুয়ূতী তাঁর তাফসীরে আদ-দুররুল মানসুরের (২/৩২১); তাবারানী তাঁর কিতাবের (৭/২৫) এবং ইবনু কাসীর তাঁর তাফসীর ইবনু কাসীরের ৩/১৮১-২৮৮-তে হাদীসটি উল্লেখ করেছেন।

৮৮০- عَنْ أُمِّهِ الْعَالِيَةِ بِنْتِ سُبَيْعٍ قَالَتْ: كَانَ لِيْ غَنَمٌ بِأُحُدٍ، فَوَقَعَ فِيْهَا الْمَوْتُ، فَدَخَلْتُ عَلٰى مَيْمُوْنَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَذَكَرْتُ ذٰلِكَ لَهَا. فَقَالَتْ: لَوْ أَخَذْتِ جُلُوْدَهَا فَانْتَفَعْتِ بِهَا. فَقُلْتُ: أَوَ يَحِلُّ ذٰلِكَ قَالَتْ: نَعَمْ. مَرَّ عَلٰى رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ رِجَالٌ مِنْ قُرَيْشٍ يَجُرُّوْنَ شَاةً لَهُمْ مِثْلَ الْحِمَارِ، فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَوْ أَخَذْتُمْ إِهَابَهَا. قَالُوْا: إِنَّهَا مَيْتَةٌ. فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: يُطَهِّرُهَا الْمَاءُ وَالْقَرْظُ. (الصحيحة:٢١٦٣)

৮৮০. আলিয়া বিনতি সুবাঈ থেকে বর্ণিত। তিনি বলেন, উহুদ পর্বতে আমার একটি বকরি ছিল বকরিটি সেখানে মারা যায়। নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী মাইমুনা (রা.)-এর নিকট এসে আমি ঘটনাটি (খুলে) বললাম। অত:পর তিনি বললেন, তুমি যদি তার চর্বি সংগ্রহ করে তার দ্বারা উপকৃত হতে (তাহলে তাতে কোন সমস্যা ছিল না) আমি বললাম, ওটা কি হালাল? তিনি বললেন, হ্যাঁ। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সম্মুখ দিকে কুরাইশের কতিপয় লোক গাধার ন্যায় তাদের একটি মৃত বকরি টেনে নিয়ে যাচ্ছিল। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বললেন, তোমরা যদি এর কাঁচা চামড়া সংগ্রহ করতে (এবং এর দ্বারা উপকৃত হতে)। তারা বলল, এটাতো মৃত। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, পানি এবং বৃক্ষের পাতা তাকে পবিত্র করে দিবে। **(সহীহাহ্ হা. ২১৬৩)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আবূ দাঊদ তাঁর সুনানের হা: ৪১২৬; নাসাঈ তাঁর সুনানের (২/১৯১); দারাকুতনী তাঁর সুনানের ১৭ পৃষ্ঠায়; বাইহাকী তাঁর সুনানের (১/১৯); আহমাদ তাঁর মুসনাদের ৬/৩৩৪-তে কাসীর ইবনু ফারকাদ এর সূত্রে রিওয়ায়াত করেছেন।

শাইখ আলবানী (র.) বলেন: সূত্রটি দুর্বল তবে এর অন্য একটি শক্তিশালী শাহেদ রয়েছে যা ইবনু আব্বাস (রা) থেকে বর্ণিত। হাদীসটি হচ্ছে–

أَوَلَيْسَ فِي الْمَاءِ وَالْقَرْظِ مَا يُطَهِّرُهَا؟

এবং এই শাহেদটির ইসনাদ শাইখাইনের শর্তে সহীহ। আর এ কারণেই হাদীসটি সহীহ।

হাদীসটি দারাকুতনী তাঁর সুনানের আব্দুল্লাহ ইবনু আব্বাস (রা)-এর সূত্রে মারফূ'আন রিওয়ায়াত করেছেন। সূত্রটি মুসলিমের শর্তে সহীহ।

٨٨١ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَوْ يَعْلَمُ الَّذِيْ يَشْرَبُ وَهُوَ قَائِمٌ مَا فِيْ بَطْنِهِ لَاسْتَقَاءَ. (الصحيحة: ١٧٦، ٢١٧٥)

৮৮১. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে দাঁড়িয়ে পান করে সে যদি জানত যে তার পেটে কি আছে তাহলে সে বমি করে দিত। (সহীহাহ্ হা. ১৭৬, ২১৭৫)

হাদীসটি সহীহ।

হাদীসটি আব্দুর রাজ্জাক তাঁর আল-মুসান্নাফের হা: ১৯৫৮৮ উল্লেখ করেছেন এবং তাঁর সূত্রে বাইহাকী তাঁর সুনানের (৭/২৮২)-তে আবূ হুরাইরা (রা.) থেকে মারফূআন বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি মুনকাতী। হাদীসটি যুহাইর ইবনু মুহাম্মাদ মাওসুলান বর্ণনা করেছেন। তবে অন্য সানাদে তাহাবী (র.) হাদীসটি বর্ণনা করেছেন যার সানাদটি সহীহ।

٨٨٢ـ عَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لِيَأْكُلْ أَحَدُكُمْ بِيَمِيْنِهِ وَلْيَشْرَبْ بِيَمِيْنِهِ وَلْيَأْخُذْ بِيَمِيْنِهِ وَلْيُعْطِ بِيَمِيْنِهِ، فَإِنَّ الشَّيْطَانَ يَأْكُلُ بِشِمَالِهِ وَيَشْرَبُ بِشِمَالِهِ وَيُعْطِيْ بِشِمَالِهِ وَيَأْخُذُ بِشِمَالِهِ. (الصحيحة: ١٢٣٦)

৮৮২. আবূ হুরাইরা (রা.) নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তোমাদের কেউ খাবার খেলে সে যেন ডান হাতে খায়। পান করলে যেন ডান হাতে পান করে। ধরলে যেন ডান হাতে ধরে

এবং দিলে যেন ডান হাতে দেয়। কেননা শাইতান তার বাম হাতে খায় বাম হাতে পান করে, বাম হাতে দেয় এবং বাম হাতে ধরে। (সহীহাহ্ হা. ১২৩৬)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইবনু মাজাহ তাঁর সুনানের (২/৩০৩)-তে হিশাম ইবনু আম্মারের সূত্রে আবূ হুরাইরা (রা.) থেকে মারফূআন রিওয়ায়াত করেছেন। ইমাম বুসিরী তাঁর যাওয়ায়েদের (১/১৯৭)-তে বলেন: সানাদটি সহীহ এবং এর সকল রাবী সিকাহ।

আমি (আলবানী) বলব: হিক্‌ল ইবনু যিয়াদ ব্যতীত সানাদের সকলেই শাইখানের রাবী ও সিকাহ্‌।

٨٨٣- عَنْ أُمِّ هَانِيءٍ قَالَتْ : دَخَلَ عَلَيَّ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا أُمَّ هَانِيءٍ! هَلْ عِنْدَكِ شَيْءٌ؟ فَقَالَتْ: لَا، إِلَّا كُسَيْرَاتٌ يَابِسَاتٌ وَخَلٌّ. فَقَالَ: مَا أَقْفَرَ مِنْ أُدْمٍ بَيْتٌ فِيْهِ خَلٌّ. (الصحيحة:٢٢٢٠)

৮৮৩. উম্মু হানী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন আমার নিকট নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে বললেন, উম্মুহানী। তোমার নিকট খাবারের কিছু আছে কি? অত:পর উম্মুহানী বলল, না, তবে সামান্য শুষ্ক রুটি এবং সিরকা আছে। অত:পর তিনি বললেন, বস্তুত সে ঘর তরকারী শূন্য নয় যে ঘরে সিরকা আছে। (সহীহাহ্ হা. ২২২০)

হাদীসটি হাসান।

হাদীসটি ইমাম তিরমিযী তাঁর সুনানের হা: ১৮৪২; আবূ নুআঈম তাঁর আল-হিলয়ার (৮/৩১২); দাইলামী তাঁর মুসনাদের (৪/৩৪)-তে সাবিত ইবনু আবু সফিয়্যাহ এর সূত্রে বর্ণনা করেছেন। ইমাম তিরমিযী হাদীসটিকে হাসান গরীব বলেছেন। হাদীসটির একটি শাহেদ পেয়েছেন বলে শাইখ আলবানী বলেন, যা খুবই মজবুত এবং এর সানাদটি খুব ভালো।

٨٨٤- عَنِ الْمِقْدَامِ بْنِ مَعْدِ يْكَرِبَ الْكِنْدِيِّ قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ مَا مَلَأَ آدَمِيٌّ وِعَاءً شَرًّا مِّنْ بَطْنٍ، بِحَسَبِ ابْنِ آدَمَ أُكُلَاتٌ يُقِمْنَ صُلْبَهُ، فَإِنْ كَانَ لَا مَحَالَةَ، فَثُلُثٌ لِطَعَامِهِ وَثُلُثٌ لِشَرَابِهِ وَثُلُثٌ لِنَفْسِهِ. (الصحيحة:٢٢٦٥)

৮৮৪. মিকদাম ইবনু মাদী কারিবা আল-কিন্দী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, পেটের চেয়ে অধিকতর মন্দ পাত্র কোন মানুষ পূর্ণ করেনি। মানুষের জন্য এমন সামান্য কয়েকটি লোকমাই যথেষ্ট যা তার মেরুদণ্ডকে সোজা রাখতে সক্ষম এবং একান্ত যদি খেতেই হয় তাহলে এক-তৃতীয়াংশ খাবারের জন্য, এক-তৃতীয়াংশ পানির জন্য এবং এক-তৃতীয়াংশ নিঃশ্বাসের জন্য রাখা উচিত। **(সহীহাহ্ হা. ২২৬৫)**

হাদীসটি সহীহ।

ইমাম তিরমিযী তাঁর সুনানের (৩/৩৭৮); ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ১৩৪৯; হাকিম তাঁর আল-মুসতাদরাকের (৪/১২১) ও (৪/৩৩১); আব্দুল্লাহ ইবনু মুবারক তাঁর আয্-যুহদ এর হাঃ ৬০৩; আহমাদ তাঁর মুসনাদের (৪/১৩২); ইবনু সা'দ তাঁর আত্-তবাকাতুল কুবরার (১/৪১০); তাবারানী তাঁর আল-কাবীরের (২০/২৭২/৬৪৪-৬৪৬) এবং ইবনু আসাকির (৭/৩০৭/২)-তে একাধিক সূত্রে ইয়াহইয়া আত্তায়ী থেকে হাদীসটি উল্লেখ করেছেন।

٨٨٥- عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : مُدْمِنُ الْخَمْرِ إِنْ مَاتَ لَقِيَ اللهَ كَعَابِدِ وَثَنٍ. (الصحيحة:٦٧٧)

৮৮৫. ইবনু আব্বাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিত্য মদপানকারী মারা গেলে মূর্তিপূজারীরূপে আল্লাহর সাথে সাক্ষাৎ করবে। **(সহীহাহ্ হা. ৬৭৭)**

হাদীসটি হাসান।

হাদীসটি যঈফ কারণ মুহাম্মাদ ইবনু মুনকাদির এবং ইবনু আব্বাসের মাঝের ওসেতা অপরিচিত। হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের হাঃ ২৪৫৩; ইবনুল জাওযী তাঁর আল-ইলালুল মুতানাহিয়ার হাঃ ১১১৬-তে; ইমাম আহমাদের সূত্রে ইবনু হুমাইদ তাঁর মুসনাদের হাঃ ৭০৮; আবূ নুআঈম এর সূত্রে ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ৫৩৪৭-তে এবং আব্দুর রাজ্জাক তাঁর মুসান্নাফের হাঃ ১৭০৭০-তে হাদীসটি রিওয়ায়াত করেছেন।

٨٨٦- عَنْ جُنْدُبِ بْنِ عَبْدِاللهِ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنِ اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ لَا يَحُوْلَ بَيْنَهُ وَبَيْنَ الْجَنَّةِ مِلْءُ كَفٍّ مِّنْ

دَمِ امْرِئٍ مُسْلِمٍ أَنْ يُهْرِيقَهُ؛ كَأَنَّمَا يَذْبَحُ بِهِ دَجَاجَةً . كُلَّمَا تَعْرِضُ لِبَابٍ مِّنْ أَبْوَابِ الْجَنَّةِ؛ حَالَ اللهُ بَيْنَهُ وَبَيْنَهُ، وَمَنِ اسْتَطَاعَ أَنْ لَا يَجْعَلَ فِي بَطْنِهِ إِلَّا طِيباً فَإِنَّ أَوَّلَ مَا يَنْتِنُ مِنَ الْإِنْسَانِ بَطْنُهُ.

(الصحيحة: ٣٣٧٩)

৮৮৬. জুনদুব ইবনু আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের মধ্য যার পক্ষে এটা সম্ভব যে, রক্তপাত করে কোন মুসলিমের রক্ত দিয়ে (তার) হাতের তালু পূর্ণ করাটা কেমন যেন সে একটা মুরগী যবেহ করল তার এবং জান্নাতের মাঝে প্রতিবন্ধক না হওক (তাহলে সে যেন এটা করে অন্যথায়) সে যখনই জান্নাতের দ্বারসমূহের কোন দ্বারে উপস্থিত হবে তখনই জান্নাতের দ্বার এবং তার মাঝে আল্লাহ প্রতিবন্ধক হবেন। আর যার পক্ষে পবিত্র জিনিসে উদর পূর্ণ করা সম্ভব সে যেন অপবিত্র জিনিসের পিছনে না পড়ে। কেননা মানুষের (দেহের মধ্যে) পেট সর্বপ্রথম দুর্গন্ধময় হবে। (সহীহাহ্ হা. ৩৩৭৯)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম মুনযিরী তাঁর আত্-তারগীব ওয়াত-তারহীবের হাঃ (৩/৩৯৫); ইমাম সুয়ূতী তাঁর তাফসীরে আদ-দুররুল মানসুরের (২/১৯৯); আলী মুত্তাকী আল-হিন্দী তাঁর কানযুল উম্মালের হাঃ ১৯২০১ ও ৪৩১৯৮-তে উল্লেখ করেছেন। তাছাড়া ইমাম আবূ দাউদ তাঁর সুনানের সালাত অধ্যায় (১০৮) এ مَنِ اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ لَا يَحُوْلَ بَيْنَهُ وَبَيْنَ الْقَلْبِ শব্দে হাদীসটি রিওয়ায়াত করেছেন।

٨٨٧ـ عَنِ ابْنِ عُمَرَ مَرْفُوْعًا: مَنْ أَكَلَ مَعَ قَوْمٍ تَمْرًا ، فَأَرَادَ أَنْ يَقْرِنَ فَلْيَسْتَأْذِنْهُمْ. (الصحيحة: ٢٣٢٣)

৮৮৭. ইবনু উমার (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। যে ব্যক্তি কোন কউমের সঙ্গে খেজুর খায় এবং (এ) খাবারে অন্যকে শরীক করতে চায় তাহলে সে যেন তাদের থেকে অনুমতি নিয়ে নেয়। (সহীহাহ্ হা. ২৩২৩)

হাদীসটি হাসান।

হাদীসটি ইবনু বিশরান তাঁর "আল-ফাওয়ায়েদুল মুনতাখাবাহ" এ (২/৬৩); খাতীব তাঁর তারীখে বাগদাদের (৭/১৮০)-তে আমির ইবনু আবুল হুসাইনের সূত্রে ইবনু উমার থেকে মারফূআন বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদটি হাসান। তবে এর একটি মুতাবাআত রয়েছে যার সানাদটি মুসলিমের শর্তে সহীহ।

٨٨٨- عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ : دَخَلْتُ عَلٰى خَالَتِيْ مَيْمُوْنَةَ وَ خَالِدِ بْنِ الْوَلِيْدِ . فَقَالَتْ مَيْمُوْنَةُ : يَا رَسُوْلَ اللهِ ! أَلَا أُطْعِمُكَ مِمَّا أَهْدٰى لِيْ أَخِيْ مِنَ الْبَادِيَةِ ؟ فَقَرَّبَتْ ضَبَّيْنِ مَشْوِيَيْنِ عَلٰى قِنْوٍ . فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : كُلُوْا فَإِنَّهُ لَيْسَ مِنْ طَعَامِ قَوْمِيْ . أَجِدُنِيْ أَعَافُهُ . وَ أَكَلَ مِنْهُ ابْنُ عَبَّاسٍ وَ خَالِدٌ . فَقَالَتْ مَيْمُوْنَةُ: أَنَا لَا آكُلُ مِنْ طَعَامٍ لَمْ يَأْكُلْ مِنْهُ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ . ثُمَّ اسْتَسْقٰى رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأُتِيَ بِإِنَاءٍ لَبَنٍ . فَشَرِبَ وَ عَنْ يَمِيْنِهِ ابْنُ عَبَّاسٍ وَ عَنْ يَسَارِهِ خَالِدُ بْنُ الْوَلِيْدِ . فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لِابْنِ عَبَّاسٍ : أَتَأْذَنُ لِيْ أَنْ أَسْقِيَ خَالِدًا فَقَالَ ابْنُ عَبَّاسٍ: مَا أُحِبُّ أَنْ أُوْثِرَ بِسُؤْرِ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلٰى نَفْسِيْ أَحَدًا . فَتَنَاوَلَ ابْنُ عَبَّاسٍ فَشَرِبَ . وَ شَرِبَ خَالِدٌ . فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : مَنْ أَطْعَمَهُ اللهُ طَعَامًا فَلْيَقُلْ: اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِيْهِ وَ ارْزُقْنَا خَيْرًا مِنْهُ وَ مَنْ سَقَاهُ اللهُ لَبَنًا فَلْيَقُلْ: اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِيْهِ وَ زِدْنَا مِنْهُ . فَإِنِّيْ لَا أَعْلَمُ شَيْئًا يُجْزِئُ مِنَ الطَّعَامِ وَ الشَّرَابِ إِلَّا اللَّبَنُ . (الصحيحة: ٢٣٢٠)

৮৮৮. ইবনু আব্বাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি এবং খালিদ ইবনু ওয়ালীদ আমার খালা মাইমুনাহ (রা.) এর নিকট আসলাম। মাইমুনাহ (রা.) বললেন, ইয়া রাসূলাল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমার ভাই গ্রাম থেকে আমার জন্য যে হাদিয়া নিয়ে এসেছেন আপনাকে কি আমি তা খাওয়াব না? অত:পর (এ বলে) খেজুর গুচ্ছের উপর দুটি ভুনা গুইসাপ পরিবেশন করলেন। অত:পর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা খাও (আমি খাবো না)। কারণ এটা

আমার কওমের খাবার নয়। তাই তার প্রতি আমার ঘৃণাবোধ হয়। অত:পর ইবনু আব্বাস এবং খালিদ (রা.) গুইসাপ খেলেন। মাইমুনাহ (রা.) বললেন, আমি এমন খাবার খাব না যা রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাননি। এরপর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পানি আনতে বললেন। অত:পর দুধের পাত্র আনা হলো এবং তিনি (তা) পান করলেন। তখন তাঁর ডানে ইবনু আব্বাস এবং বামে খালিদ ইবনু ওয়ালিদ (রা.) ছিল। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবনু আব্বাসকে বললেন, তুমি কি আমাকে খালিদকে পান করানোর অনুমতি দাও? ইবনু আব্বাস বললেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঝুটার ব্যাপারে আমি নিজের উপর অন্যকে প্রাধান্য দিতে পারি না। অতএব ইবনু আব্বাস (পাত্রটি) নিয়ে পান করলেন। অতঃপর খালিদ পান করলেন। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ যাকে খাবার খাওয়ান সে যেন এ দু'আ পড়ে যে, "হে আল্লাহ! আপনি এতে আমাদেরকে বরকত দিন এবং এর চেয়ে উত্তম রিযিক প্রদান করুন।" আর আল্লাহ কাউকে দুধ পান করালে সে যেন এ দু'আ পড়ে যে, "হে আল্লাহ! এতে আমাদের বরকত দিন এবং এতে আরো বৃদ্ধি করে দিন।" কেননা আমার জানা নেই যে, কোন খাবার ও পানীয় দুধের স্থলাভিষিক্ত হতে পারে। **(সহীহাহ্ হা. ২৩২০)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ আব্দুল্লাহ আল-কুরাশী আল-ফাওয়ায়েদের (২/১১৩/২৫); মুহাম্মাদ ইবনু ইসহাকের সূত্রে বর্ণনা করেছেন। হাদীসটি ইবনু আব্বাস (রা.) থেকে একাধিক সূত্রে বর্ণিত যা আবূ দাউদ (২/১৩৫); তিরমিযী হাঃ ৩৪৫১; ইবনুস সুন্নী হাঃ ৪৬৮; ইবনু সা'দ (১/৩৯৭) এবং আহমাদ তাঁর মুসনাদের (১/২৮৪)-তে উল্লেখ করেছেন।

٨٨٩- عَنِ ابْنِ عَبَّاسٍ مَرْفُوْعًا: مَنْ بَاتَ وَفِيْ يَدِهٖ غَمَرٌ، فَأَصَابَهُ شَيْءٌ فَلَا يَلُوْمَنَّ إِلَّا نَفْسَهُ. (الصحيحة:٢٩٥٦)

৮৮৯. ইবনু আব্বাস (রা.) মারফূ সূত্রে বর্ণিত। যে ব্যক্তি তার হাতে গোশতের তৈলাক্ততা নিয়ে রাত্রিযাপন করে এবং এ কারণে সে কোন ক্ষতির সম্মুখীন হয় তাহলে সে যেন শুধু নিজেকেই ধিক্কার দেয়।

(সহীহাহ্ হা. ২৯৫৬)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইবনু আব্বাস (রা.) থেকে দুটি তরীকে বর্ণিত হয়েছে। প্রথমটি লাইসের রিওয়ায়েতে যা বুখারী তাঁর আল-আদাবুল মুফরাদের হা: ১২১৯; তাবারানী তাঁর আল-আওসাতের (১/১৮৫/২/৩৪০৭); মুহাম্মাদ ইবনু ফুযাইলের তরীকে রিওয়ায়াত করেছেন। দ্বিতীয়টি যুহরীর রিওয়ায়াতে যা তাবারানী তাঁর আল-আওসাতের (১/৩০/২/৪৯৪) এবং আবূ নুআঈম তাঁর আখবারে আসবাহানের (২/৩৪৮)-তে উল্লেখ করেছেন।

٨٩٠ـ عَنْ أَبِىْ هُرَيْرَةَ عَنِ النَّبِىِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ فِى يَوْمِ أَضْحَى: مَنْ كَانَ ذَبَحَ أَحْسِبُهُ قَالَ قَبْلَ الصَّلَاةِ فَلْيُعِدْ ذِبْحَتَهُ!

(الصحيحة: ٢٧٠٧)

৮৯০. আবূ হুরাইরা (রা.) নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তিনি একদা ঈদুল আযহার দিন বললেন, যে ব্যক্তি (সলাতের পূর্বে) যবেহ করেছে। বর্ণনাকারী বলেন, আমার মনে হয় তিনি সলাতের পূর্বের কথা বলেছেন। সে যেন পুনরায় কুরবানী করে।

(সহীহাহ্ হা. ২৭০৭)

হাদীসটি সহীহ।

হাদীসটি বায্যার তাঁর মুসনানের হা: ১২০৫-তে মুহাম্মাদ ইবনু মিরদাস আল-আসলামীর সানাদে উল্লেখ করেছেন এবং বলেছেন, হাদীসটি আবূ হুরাইরা থেকে শুধু এই সানাদেই বর্ণিত।

শাইখ আলবানী (র.) বলেন: হাদীসটির অনেক শাওয়াহেদ রয়েছে যা হাম্মাদ ইবনু সালাম থেকে বর্ণিত। হাদীসটি আহমাদ তাঁর মুসনাদের (৩/৩৬৪); তহাবী তাঁর শরহু মুশকিলিল আসারের (৪/১৭২); আবূ ইয়া'লা তাঁর মুসনাদের (২/৪৯২) এবং ইবনু হিব্বান তাঁর সহীহর হা: ১০৫১-তে উল্লেখ করেছেন। হাদীসটি মুসলিমের শর্তে সহীহ।

٨٩١ـ عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُوْدٍ، قَالَ: مَنْ نَسِىَ أَنْ يَذْكُرَ اللهَ فِى أَوَّلِ طَعَامِهِ فَلْيَقُلْ حِيْنَ يَذْكُرُ: بِسْمِ اللهِ فِىْ أَوَّلِهِ وَ اٰخِرِهِ فَإِنَّهُ يَسْتَقْبِلُ طَعَامًا جَدِيْدًا، وَيَمْنَعُ الْخَبِيْثَ مَا كَانَ يُصِيْبُ مِنْهُ.

(الصحيحة: ١٩٨)

৮৯১. আব্দুল্লাহ ইবনু মাসউদ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি তার খাওয়ার শুরুতে 'বিসমিল্লাহ' বলতে ভুলে গেছে স্মরণ এলে সে যেন বলে, "খাবারের শুরু ও শেষে আল্লাহর নামে শুরু করছি"। কেননা এ দু'আ নতুন খাবারকে এগিয়ে দেয় এবং (দু'আ না পড়ার কারণে) যে অনিষ্ট তাতে লেগেছে তা প্রতিহত করে। **(সহীহাহ্ হা. ১৯৮)**

হাদীসটি সহীহ।

ইবনু হিব্বান তাঁর সহীহর হাঃ ১৩৪০; ইবনুস সুন্নী আমালুল ইয়াওমি ওয়াল লাইলার হাঃ ৪৫৩; তাবারানী তাঁর আল-মু'জামুল কাবীরের (১/৭৪/৩); আল আওসাতের (১/২৭৯/১/৪৭১৩)-তে খলীফা ইবনু খইয়্যাত এর সূত্রে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ এবং এর সকল রাবী সিকাহ।

٨٩٢- عَنْ أَبِيْ هُرَيْرَةَ مَرْفُوْعًا: اَلْمُتَبَارِيَانِ لَا يُجَابَانِ وَلَا يُؤْكَلُ طَعَامُهُمَا. (الصحيحة:٦٢٦)

৮৯২. আবূ হুরাইরা (রা.) থেকে মারফূ সূত্রে বর্ণিত। (অহঙ্কারবশত) পরস্পরে প্রতিযোগিতাকারীদের দাওয়াত কবূল করা হবে না এবং তাদের খাবারও খাওয়া হবে না। **(সহীহাহ্ হা. ৬২৬)**

হাদীসটি সহীহ।

মুহাম্মাদ ইবনু আব্দুল্লাহ আল-খাতীব আল-উমারী আত্-তাবরিযী তাঁর মিশকাতুল মাসাবীহ এর হাঃ ৩২২৬-তে হাদীসটি উল্লেখ করেছেন। হাদীসটির একাধিক মুতাবাআত ও শাওয়াহেদ এর কারণে হাদীসটিকে আলবানী সহীহ বলেছেন।

٨٩٣- عَنِ ابْنِ عَبَّاسٍ: نَهَى أَنْ نَشْرَبَ مِنَ الْإِنَاءِ الْمَخْنُوْثِ. (الصحيحة:١٢٠٧)

৮৯৩. ইবনু আব্বাস (রা.) থেকে বর্ণিত। নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাঙ্গা পাত্র থেকে পান করতে নিষেধ করেছেন। **(সহীহাহ্ হা. ১২০৭)**

হাদীসটি সহীহ।

হাদীসটি আবূ ইয়া'লা তাঁর মুসনাদের হাঃ ৬২৯-তে সালেহ ইবনু কাইমানের সূত্রে আব্দুল্লাহ ইবনু আব্বাস থেকে মারফূআন উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটির সানাদ সহীহ আলা শর্তে শাইখাইন। আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে সানাদটির শাহেদ বিদ্যমান যা ১১২৬ নং হাদীসে অতিবাহিত হয়েছে।

٨٩٤- عَنْ أَبِيْ هُرَيْرَةَ: نَهَى صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَشْرَبَ مِنْ فِي السِّقَاءِ. قَالَ أَيُّوبُ: أُنْبِئْتُ أَنَّ رَجُلًا شَرِبَ مِنْ فِي السِّقَاءِ فَخَرَجَتْ حَيَّةٌ. (الصحيحة:٣٩٩)

৮৯৪. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মশকের মুখ হতে (মুখ লাগিয়ে) পান করতে নিষেধ করেছেন। আইয়ূব বলেন, আমাকে অবহিত করা হয়েছে যে, একজন ব্যক্তি মশকের মুখ হতে (মুখ লাগিয়ে) পান করতে গেলে সাপ বের হয়ে আসে। (সহীহাহ্ হা. ৩৯৯)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (২/২৩০ ও ৪৮৭)-তে ইসমাঈল এর সানাদে আবূ হুরাইরা থেকে মারফূআন রিওয়ায়াত করেছেন। হাদীসটি ইমাম বুখারীর শর্তে সহীহ। এই তরীকেই হাকিম তাঁর আল-মুসতাদরাকের (৪/১৪০)-তে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: হাদীসটি বুখারী তাঁর সহীহর (১০/৭৪)-তে আইয়ূব এর তরীকে ইকরিমা থেকে রিওয়ায়াত করেছেন। এমনিভাবে ইবনু মাজাহ তাঁর সুনানের (২/৩৩৬)-তে হাদীসটি উল্লেখ করেছেন। তাছাড়া ইবনু আব্বাস এর থেকে হাদীসটির শাহেদ পাওয়া যায় যা আবূ দাউদ (২/১৩৪); দারেমী (২/৮৯, ১১৮, ১১৯)-তে উল্লেখ রয়েছে।

٨٩٥- عَنْ عَائِشَةَ: نَهَى صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَشْرَبَ مِنْ فِي السِّقَاءِ لِأَنَّ ذٰلِكَ يُنْتِنُهُ. (الصحيحة:٤٠٠)

৮৯৫. 'আয়িশা (রা.) থেকে বর্ণিত। নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মশকের মুখ হতে (মুখ লাগিয়ে) পান করতে নিষেধ করেছেন। কেননা এটা তাকে নষ্ট করে দিবে। (সহীহাহ্ হা. ৪০০)

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম আহমাদ তাঁর মুসনাদের (৪/১৪১); ইয়াহইয়া ইবনু আবূ সুলাইমের সূত্রে রিওয়ায়াত করেছেন।

আমি (আলবানী) বলব: সানাদের সকলেই সিকাহ ও সানাদটি ভালো। সানাদটির একাধিক শাহেদ পাওয়া যায় যা জাবির এবং মুহাইয়্যাসা প্রমুখ সাহাবীদের থেকে বর্ণিত।

٨٩٦ـ عَنْ أَبِى الْعَالِيَةِ قَالَ : سُئِلَ أَبُوْ (وَفِى رِوَايَةٍ : سَأَلْتُ أَبَا) سَعِيْدِ الْخُدْرِىَّ عَنْ نَبِيْذِ الْجَرِّ قَالَ: نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نَبِيْذِ الْجَرِّ. (الصحيحة:٢٩٥١)

৮৯৬. আবূল আলিয়া থেকে বর্ণিত। তিনি বলেন, আবূ সাঈদ খুদরী (রা.)-কে কলসের নাবীয সম্পর্কে জিজ্ঞেস করা হলো, তিনি বললেন, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মশকের নাবীয থেকে নিষেধ করেছেন। **(সহীহাহ্ হা. ২৯৫১)**

হাদীসটি সহীহ।

হাদীসটি ইমাম নাসাঈ তাঁর আস্-সুনানুল কুবরার (৪/১৮৯/৬৮৩৬); আহমাদ তাঁর আল-মুসনাদের (৩/৬৬); তাবারানী আল-মু'জামুল আওসাতের (১/১১২/২২৪৬)-তে একাধিক তুরুকে হিশাম ইবনু হাস্সান থেকে রিওয়ায়াত করেছেন। শাইখ আলবানী (র) বলেন, এটি শাইখানের শর্তে সহীহ।

٨٩٧ـ عَنْ أَبِىْ هُرَيْرَةَ، قَالَ : نَهَي أَنْ يَشْرَبَ مِنْ كَسْرِ الْقَدْحِ. (الصحيحة:٢٦٨٩)

৮৯৭. আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, পাত্রের ভাঙ্গা স্থান থেকে পান করতে নিষেধ করা হয়েছে। **(সহীহাহ্ হা. ২৬৮৯)**

হাদীসটি সহীহ।

হাদীসটি তাবারানী তাঁর 'আল-মু'জামুল আওসাতের হাঃ ৬৯৭৬-তে মূসা ইবনু ইসমাঈলের তরীকে আবূ হুরাইরা থেকে রিওয়ায়াত করেছেন। তাবারানী বলেন, হাদীসটি জাফর ইবনু বুরকান ও মা'মার থেকে শুধু ইবনুল মুবারকই রিওয়ায়াত করেছেন এবং মূসা ইবনু ইসমাঈল হাদীসটির ক্ষেত্রে মুতাফাররিদ।

আমি (আলবানী) বলব: কখনও নয়, বরং আব্দুর রহমান ইবনু মাহদী তাঁর মুতাবাআত করেছেন। যা আবূ নুআঈম তাঁর 'আল-হিলয়া'-তে উল্লেখ করেছেন এবং হাদীসটি সহীহ।

٨٩٨ـ عَنْ أَبِىْ سَعِيْدِ الْخُدْرِىِّ: نَهَى صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ اخْتِنَاثِ الْأَسْقِيَةِ. (الصحيحة:١١٢٦)

৮৯৮. আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে বর্ণিত। নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মশক উল্টিয়ে ধরে মশকের মুখ থেকে পান করতে নিষেধ করেছেন। (সহীহাহ্ হা. ১১২৬)

হাদীসটি সহীহ।

হাদীসটি বুখারী তাঁর সহীহর (১০/৭৩); মুসলিম (৬/১১০); আবূ দাউদ (২/১৩৪); তিরমিযী (১/৩৪৫); দারেমী (২/১১৯); শরহে মা'আনিল আসার (২/৩২৬০); ইবনু মাজাহ (২/৩৩৬); আবূ দাউদ আত্-তয়ালেসী হা: ২২৩০; মুসনাদে আহমাদ (৩/৬, ৬৭, ৬৯, ৯৩) এবং আবূ উবাইদ গরীবুল হাদীসের (১/১১২); যুহরীর সূত্রে আবূ সাঈদ আল-খুদরী (রা.) থেকে মারফূআন বর্ণনা করেছেন।

٨٩٩- عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ شِبْلٍ: نَهَى صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَكْلِ الضَّبِّ. (الصحيحة:٢٣٩٠)

